

স্পেশাল 'ঘ'


প্রিপারেশন বুক

২০২০ সংস্করণ





মানসিক দক্ষতা
মাধ্যমিক ICT
মাধ্যমিক গণিত



উদ্ভাস-উন্মেষ

শিক্ষা পরিবার

সংখ্যা সিরিজ

Type – 1 : বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা

- নির্দিষ্ট সংখ্যক অংকের বৃহত্তম সংখ্যা নির্ণয় করতে হলে, সংখ্যাটি যত অংক বিশিষ্ট ততোগুলো '৯' ব্যবহার করতে হয়। যেমন,

চার অংকের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯ (চারটি '৯')

- নির্দিষ্ট সংখ্যক অংকের ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় করতে হলে, সংখ্যাটির সর্ববামে একটি '১' বসবে এবং বাকী অংকগুলো '0' হবে। যেমন :

চার অংকের ক্ষুদ্রতম সংখ্যা = ১000 (বাকী অঙ্কগুলো '0'; সর্ববামে একটি '১')

- বিশেষক্ষেত্রে যদি নির্দিষ্ট অংক দেওয়া থাকে তবে শর্ত অনুযায়ী সাজাতে হয়।

উদাহরণ : ১, ২, ৩, ৪ দ্বারা গঠিত চার অংকের বৃহত্তর সংখ্যা নির্ণয় কর।

সমাধান : ১, ২, ৩, ৪ দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা = ৪৩২১

কতিপয় উদাহরণঃ

০১। ০, ১, ২ এবং ৩ দ্বারা গঠিত চার অঙ্কের বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল-

(a) ৩১৪৭ (b) ২২৮৭ (c) ২৯৮৭ (d) ২১৮৭

উত্তরঃ (d) ২১৮৭

ব্যাখ্যাঃ ০, ১, ২ এবং ৩ দ্বারা গঠিত-

চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৩২১০

চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০২৩

নির্ণেয় বিয়োগফল = ২১৮৭

০২। পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অঙ্কের বৃহত্তম সংখ্যার অন্তর কত?

(a) ৯ (b) ১০ (c) ১ (d) ৫

উত্তরঃ (c) ১

ব্যাখ্যাঃ পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০

চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯

পার্থক্য = ১

০৩। পাঁচ অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার যোগফল কত?

(a) ১০৯৯৯৯ (b) ৮৯৯৯৯ (c) ১০০০০৯ (d) ১৯৯৯৯০

উত্তরঃ (a) ১০৯৯৯৯

ব্যাখ্যাঃ

পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯৯

পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০

যোগফল = ১০৯৯৯৯

০৪। ৬ অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?

(a) ৯০০৯৯৯ (b) ১০৯৯৯৯ (c) ৮০০০০০ (d) ৮৯৯৯৯৯

উত্তরঃ (d) ৮৯৯৯৯৯

ব্যাখ্যাঃ ছয় অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯৯৯

ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০০

পার্থক্য = ৮৯৯৯৯৯

০৫। ৩, ০, ৫, ৭ অঙ্কগুলোকে একবার ব্যবহার করে চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা-

(a) ০৩৫৭ (b) ৩০৫৭ (c) ৫০৩৭ (d) ৭০৩৫

উত্তরঃ (b) ৩০৫৭

ব্যাখ্যাঃ ০ কে প্রথম স্থানে রাখা যাবে না। কারণ ০ প্রথম স্থানে থাকলে এটি চার অঙ্কের সংখ্যা হিসেবে গণ্য হবে না। সংখ্যাটি হবে ৩০৫৭

০৬। চার অঙ্কের বৃহত্তম সংখ্যার সাথে কত যোগ করলে পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা পাওয়া যাবে?

(a) ১০ (b) ৯৯ (c) ১ (d) কোনোটিই নয়

উত্তরঃ (c) ১

ব্যাখ্যাঃ

চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯

পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০

∴ যোগ করতে হবে (১০০০০ − ৯৯৯৯) = ১

Type – 2 : দুটি ও তিনটি সংখ্যার যোগফল/গুণফল জোড়-বিজোড় হওয়ার শর্ত

বিজোড় + বিজোড় = জোড়	৩ + ৩ = ৬
বিজোড় + জোড় = বিজোড়	৩ + ২ = ৫
জোড় + বিজোড় = বিজোড়	২ + ৩ = ৫
জোড় + জোড় = জোড়	২ + ২ = ৪

বিজোড় × বিজোড় = বিজোড়	৩ × ৩ = ৯
বিজোড় × জোড় = জোড়	৩ × ২ = ৬
জোড় × বিজোড় = জোড়	২ × ৩ = ৬
জোড় × জোড় = জোড়	২ × ২ = ৪

কতিপয় উদাহরণঃ

০১। x এবং y উভয়ই বিজোড় সংখ্যা হলে কোনটি জোড় সংখ্যা হবে?

(a) $x + y + 1$ (b) xy (c) $xy + 2$ (d) $x + y$

উত্তরঃ (d) $x + y$

ব্যাখ্যাঃ মনে করি, বিজোড় সংখ্যা দুইটি $x = 3$ এবং $y = 5$ হলে-

(a) $x + y + 1 = 3 + 5 + 1 = 9$ (বিজোড় সংখ্যা)

(b) $xy = 3 \times 5 = 15$ (বিজোড় সংখ্যা)

(c) $xy + 2 = 3 \times 5 + 2 = 17$ (বিজোড় সংখ্যা)

(d) $x + y = 3 + 5 = 8$ (জোড় সংখ্যা)

০২। x জোড় এবং y বিজোড় সংখ্যা হলে নিচের কোনটি বিজোড় সংখ্যা হবে?

(a) $x + y$ (b) xy (c) $xy + 2$ (d) $x + y + 1$

উত্তরঃ (a) $x + y$

ব্যাখ্যাঃ মনে করি, $x = 4$ এবং $y = 3$ হলে-

(a) $x + y = 4 + 3 = 7$ (বিজোড় সংখ্যা)

(b) $xy = 4 \times 3 = 12$ (জোড় সংখ্যা)

(c) $xy + 2 = 4 \times 3 + 2 = 14$ (জোড় সংখ্যা)

(d) $x + y + 1 = 4 + 3 + 1 = 8$ (জোড় সংখ্যা)

০৩। x এবং y উভয়ই জোড় সংখ্যা হলে নিচের কোনটি বিজোড় সংখ্যা?

(a) $x + y$ (b) xy (c) $x + y + 2$ (d) $xy + 1$

উত্তরঃ (d) $xy + 1$

ব্যাখ্যাঃ মনে করি, $x = ২, y = 8$ হলে,

(a) $x + y = 2 + 8 = 6$ (জোড় সংখ্যা)

(b) $xy = 2 \times 4 = 8$ (জোড় সংখ্যা)

(c) $x + y + 2 = 2 + 4 + 2 = 8$ (জোড় সংখ্যা)

(d) $xy + 1 = 2 \times 4 + 1 = 9$ (বিজোড় সংখ্যা)

Type – 3 : মৌলিক ও যৌগিক সংখ্যা

- মৌলিক সংখ্যা : ১ ভিন্ন যেসব সংখ্যা '১' এবং সেই সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা নিঃশেষে বিভাজ্য নয় সেসব সংখ্যাকে মৌলিক সংখ্যা বলে। যেমন : ২, ৩, ৫, ৭ ইত্যাদি।
- যৌগিক সংখ্যা : যে সকল সংখ্যা '১' এবং ঐ সংখ্যা ছাড়াও অন্য সংখ্যা দ্বারা নিঃশেষে বিভাজ্য তাকে যৌগিক সংখ্যা বলে। যেমন: ১৫ যা ১ ও ১৫ ছাড়াও ৩ এবং ৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য।

১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা মনে রাখার সহজ উপায়:

৪	৪	২	২	৩	২	২	৩	২	১
↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓
১-১০	১১-২০	২১-৩০	৩১-৪০	৪১-৫০	৫১-৬০	৬১-৭০	৭১-৮০	৮১-৯০	৯১-১০০

এখানে,

১ থেকে ১০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ৪টি → (২, ৩, ৫, ৭)
১১ থেকে ২০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ৪টি → (১১, ১৩, ১৭,১৯)
২১ থেকে ৩০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ২টি → (২৩, ২৯)
৩১ থেকে ৪০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ২টি → (৩১, ৩৭)
৪১ থেকে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ৩টি → (৪১, ৪৩, ৪৭)
৫১ থেকে ৬০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ২টি → (৫৩, ৫৯)
৬১ থেকে ৭০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ২টি → (৬১, ৬৭)
৭১ থেকে ৮০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ৩টি → (৭১, ৭৩, ৭৯)
৮১ থেকে ৯০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ২টি → (৮৩, ৮৯)
৯১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক্ সংখ্যা= ১টি → (৯৭)

বিঃ দ্রঃ শুধুমাত্র দুই (২)-ই একমাত্র সংখ্যা যা জোড় এবং মৌলিক।

কতিপয় উদাহরণঃ

০১। নিচের কোন সংখ্যাটি মৌলিক সংখ্যা?
(a) ১৪৩ (b) ৯১ (c) ৪৭ (d) ৮৭
উত্তরঃ (c) ৪৭
ব্যাখ্যাঃ ১৪৩ = ১ × ১১ × ১৩; ৯১ = ১ × ৭ × ১৩; ৪৭ = ১ × ৪৭; ৮৭ = ১ × ৩ × ২৯।
৪৭ সংখ্যাটি ১ ও ৪৭ ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা বিভাজ্য নয়। ৪৭ একটি মৌলিক সংখ্যা।

০২। নিচের কোনটি মৌলিক সংখ্যা?
(a) ৭২ (b) ৬৩ (c) ৮৭ (d) কোনোটিই নয়
উত্তরঃ (d) কোনোটিই নয়
ব্যাখ্যাঃ ৭২ = ১ × ২ × ২ × ২ × ৩ × ৩ ৮৭ = ১ × ৩ × ২৯ ৬৩ = ১ × ৭ × ৩ × ৩

০৩। ১ থেকে ৩০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা আছে?
(a) ১১টি (b) ৮টি (c) ১০টি (d) ৯টি
উত্তরঃ (c) ১০টি
ব্যাখ্যাঃ ১ থেকে ৩০ পর্যন্ত ১০টি মৌলিক সংখ্যা রয়েছে। যথা- ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩ এবং ২৯।

০৪। ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা সর্বমোট-
(a) ২২ (b) ২৩ (c) ২৫ (d) ২০
উত্তরঃ (c) ২৫

০৫। ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অঙ্ক ৯, তাদের সমষ্টি কত?
(a) ১৪৬ (b) ৯৯ (c) ১০৫ (d) ১০৭
উত্তরঃ (d) ১০৭
ব্যাখ্যাঃ ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল সংখ্যার একক স্থানীয় অঙ্ক ৯ সেগুলো হলো ১৯, ২৯, ৩৯, ৪৯ এবং ৫৯। কিন্তু এদের মধ্যে ৩৯ এবং ৪৯ মৌলিক সংখ্যা নয়। ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অঙ্ক ৯, তাদের সমষ্টি= ১৯ + ২৯ + ৫৯= ১০৭

Type – 4 : মূলদ ও অমূলদ সংখ্যা

মূলদ সংখ্যা : যে সকল সংখ্যাকে পূর্ণ সংখ্যার ভগ্নাংশ আকারে $\left(\frac{p}{q}\right)$ প্রকাশ করা যায় তাকে মূলদ সংখ্যা বলে। মূলদ সংখ্যাকে Q দ্বারা প্রকাশ করা হয়। যেমন : ২, ৩, – ১, ০, $\frac{৩}{২}$ ইত্যাদি।

❖ সকল পূর্ণ বর্গ সংখ্যার বর্গমূল মূলদ সংখ্যা। যেমন : $\sqrt{১৬}$, $\sqrt{২৫}$, ইত্যাদি।
❖ সকল পূর্ণ ঘন সংখ্যার ঘনমূল মূলদ সংখ্যা। যেমন : $\sqrt[৩]{২৭}$, $\sqrt[৩]{৬৪}$ ইত্যাদি।

অমূলদ সংখ্যা : যে সকল সংখ্যাকে পূর্ণ সংখ্যার ভগ্নাংশ $\left(\frac{p}{q}\right)$ আকারে প্রকাশ করা যায় না তাদের অমূলদ সংখ্যা বলে। যেমন : $\sqrt{২}, \sqrt{৩}, \sqrt{৫}, \sqrt[৩]{২}, \sqrt[৩]{৩}$ ইত্যাদি অমূলদ সংখ্যা।

❖ সকল মৌলিক সংখ্যার বর্গমূল অমূলদ সংখ্যা। যেমন : $\sqrt{২}, \sqrt{৫}, \sqrt{৭}$ ইত্যাদি।
❖ সকল মৌলিক সংখ্যার ঘনমূল অমূলদ সংখ্যা। যেমন : $\sqrt[৩]{২}$, $\sqrt[৩]{৫}$, $\sqrt[৩]{৭}$ ইত্যাদি।

কতিপয় উদাহরণঃ

০১। নিচের কোনটি অমূলদ সংখ্যা?
(a) $\frac{২২}{৭}$ (b) ৩.১৪ (c) π (d) সবগুলোই

উত্তরঃ (c) π
ব্যাখ্যাঃ $\frac{২২}{৭}$ দুটি পূর্ণ সংখ্যার অনুপাত। ৩.১৪ = $\frac{৩১৪}{১০০}$ আকারে প্রকাশ করা যাবে π কে দুটি পূর্ণ সংখ্যার ভগ্নাংশের অনুপাতরূপে প্রকাশ করা যায় না।
∴ π একটি অমূলদ সংখ্যা।

০২। একটি মূলদ সংখ্যার সাথে একটি অমূলদ সংখ্যা যোগ করলে যোগফল কোন ধরণের সংখ্যা হবে?
(a) মূলদ (b) অমূলদ (c) পূর্ণবর্গ (d) কোনোটিই নয়

উত্তরঃ (b) অমূলদ
ব্যাখ্যাঃ অমূলদ সংখ্যাকে $\left(\frac{p}{q}\right)$ আকারে প্রকাশ করা যায় না। তাই অমূলদ সংখ্যার সাথে মূলদ সংখ্যা যোগ করলে যোগফলকেও $\left(\frac{p}{q}\right)$ আকারে প্রকাশ করা যাবে না।

Type – 5 : ভাজক, ভাজ্য, ভাগফল ও ভাগশেষ সংক্রান্ত

- ভাজ্য : যে রাশিকে ভাগ করা হয়, তাকে ভাজ্য বলে।
- ভাজক : যে রাশি দ্বারা ভাগ করা হয়, তাকে ভাজক বলে।
- ভাগফল : ভাজ্য কে ভাজক দ্বারা যে পূর্ণ সংখ্যায় বিভাজ্য করা হয় তাকে ভাগফল বলে।
- ভাগশেষ : ভাজ্য কে ভাজক দ্বারা পূর্ণ সংখ্যায় বিভাজ্যের পর যা অবশিষ্ট থাকে তাকে ভাগশেষ বলে।

সূত্র : ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ।

কতিপয় উদাহরণঃ

০১। ভাজক ভাগফলের ১০ গুণ, ভাজক ০.৫ হলে ভাজ্য কত?
(a) ২.৫ (b) ০.০২৫ (c) ০.২৫ (d) ২৫

উত্তরঃ (b) ০.০২৫
ব্যাখ্যাঃ ভাজক = ০.৫ ∴ ভাগফল = $\frac{০.৫}{১০}$ = ০.০৫ [∵ ভাজক ভাগফলের ১০ গুণ]
ভাজ্য = ভাজক × ভাগফল = ০.৫ × ০.০৫ = ০.০২৫

০২। ভাজক ১০, ভাগফল ২ ও ভাগশেষ ৫ হলে ভাজ্য কত?
(a) ২০ (b) ২৫ (c) ৫২ (d) ২৩

উত্তরঃ (b) ২৫
ব্যাখ্যাঃ ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ = ১০ × ২ + ৫ = ২৫।

০৩। ভাজ্য কত হলে ভাজক ভাগফলের ৩ গুণ এবং ভাগশেষ ৪ ও ভাজক ৩০ হবে?

(a) ৭০ (b) ৩০৪ (c) ৫০২ (d) ৭০২

উত্তরঃ (b) ৩০৪

ব্যাখ্যাঃ

ধরি, ভাগফল = x
ভাজক = ৩x
প্রশ্নমতে, ৩x = ৩০
বা, x = ১০
∴ ভাগফল = ১০
ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ
= ৩০ × ১০ + ৪ = ৩০৪

দেওয়া আছে,
ভাজক = ৩০,
এবং ভাগশেষ= ৪

০৪। ভাজ্য ৩০, ভাজক ৬ এবং ভাগফল ৫ হলে ভাগশেষ কত?

(a) ১ (b) ০ (c) ৬ (d) কোনোটিই নয়

উত্তরঃ (b) ০

ব্যাখ্যাঃ ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ
৩০ = ৬ × ৫ + ভাগশেষ বা, ভাগশেষ =০

০৫। ভাজ্য x, ভাজক y, ভাগফল z, ভাগশেষ p হলে নিচের কোনটি সঠিক নয়?

(a) $x > y$ (b) $x > z$ (c) $p < x$ (d) $p > y$

উত্তরঃ (d) $p > y$

ব্যাখ্যাঃ ভাগশেষ অবশ্যই সব সময় ভাজকের চেয়ে ছোট হবে।

Type – 6 : ভাজক/উৎপাদক সংখ্যা নির্ণয়

যেই সংখ্যার উৎপাদক সংখ্যা নির্ণয় করতে হবে তাকে মৌলিক সংখ্যার শক্তিরূপে প্রকাশ করতে হয়। তারপর ঐ মৌ সংখ্যাগুলোর শক্তির সাথে ১ যোগ করে গুন করলে ঐ গুণফলই হবে উক্ত সংখ্যার উৎপাদক সংখ্যা। যেমন:

৫০ এর উৎপাদক সংখ্যা নির্ণয়:

$৫০ = ২^{১} \times ৫^{২}$

উৎপাদক সংখ্যা = (১ + ১) × (২ + ১) = ৬

বি: দ্র: প্রকৃত উৎপাদক সংখ্যা নির্ণয় করতে মোট উৎপাদক সংখ্যা হতে ১ বিয়োগ করতে হয়।

∴ প্রকৃত উৎপাদক সংখ্যা = মোট উৎপাদক সংখ্যা – ১

∴ ৫০ -এর প্রকৃত উৎপাদক সংখ্যা = ৬ – ১ = ৫

কতিপয় উদাহরণঃ

০১। ৪৯ সংখ্যাটির প্রকৃত উৎপাদক সংখ্যা কতটি?

(a) ৩ টি (b) ২ টি (c) ৭ টি (d) ৪ টি

উত্তরঃ (b) ২ টি

ব্যাখ্যাঃ $৪৯ = ৭ \times ৭ = ৭^{২}$ ∴ উৎপাদক সংখ্যা (২ + ১) = ৩ টি

∴ প্রকৃত উৎপাদক সংখ্যা (৩ – ১) = ২ টি।

০২। ১৭ সংখ্যাটির প্রকৃত উৎপাদক কয়টি?

(a) ০ টি (b) ১ টি (c) ২ টি (d) কোনোটিই নয়

উত্তরঃ (b) ১ টি

ব্যাখ্যাঃ ১৭ = ১৭ × ১ ∴ প্রকৃত উৎপাদক সংখ্যা ১ টি।

Type – 7 : বর্গ ও বর্গমূল সংক্রান্ত

কোনো সংখ্যাকে সেই সংখ্যা দ্বারা গুণ করলে যে গুণফল পাওয়া যায় তা ঐ সংখ্যার বর্গ এবং সংখ্যাটি গুণফলের বর্গমূল।
$৪ = ২ \times ২ = ২^২$
তাহলে ২ এর বর্গ হচ্ছে ৪ এবং ৪ এর বর্গমূল ২।

কতিপয় উদাহরণঃ

০১। $(০.০১)^২$ = কত?
(a) ০.১ (b) ০.০০১ (c) ০.০০০১ (d) ০.০০০০১

উত্তরঃ (c) ০.০০০১
ব্যাখ্যাঃ $(০.০১)^২ = ০.০১ \times ০.০১ = \frac{১}{১০০} \times \frac{১}{১০০} = \frac{১}{১০০০০} = ০.০০০১$

০২। $(০.০২)^২$ = কত?
(a) ০.০০৪ (b) ০.০০০৪ (c) ০.০০০০৪ (d) ০.০০০০০৪

উত্তরঃ (b) ০.০০০৪
ব্যাখ্যাঃ $(০.০২)^২ = ০.০২ \times ০.০২ = \frac{২}{১০০} \times \frac{২}{১০০} = \frac{৪}{১০০০০} = ০.০০০৪$

০৩। $(০.০০৩)^২$ = কত?
(a) ০.০০০০০৯ (b) ০.০০০০৯ (c) ০.০০০৯ (d) ০.০০৯

উত্তরঃ (a) ০.০০০০০৯
ব্যাখ্যাঃ $(০.০০৩)^২ = ০.০০৩ \times ০.০০৩ = \frac{৩}{১০০০} \times \frac{৩}{১০০০} = \frac{৯}{১০০০০০০} = ০.০০০০০৯$

০৪। $(০.০১)^২$ এর মান কোন ভগ্নাংশটির সমান?
(a) $\frac{১}{১০}$ (b) $\frac{১}{১০০}$ (c) $\frac{১}{১০০০}$ (d) $\frac{১}{১০০০০}$

উত্তরঃ (d) $\frac{১}{১০০০০}$
ব্যাখ্যাঃ $(০.০১)^২ = ০.০১ \times ০.০১ = \frac{১}{১০০} \times \frac{১}{১০০} = \frac{১}{১০০০০} = ০.০০০১$

০৫। ২৪৫০ সংখ্যাটিকে কত দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(a) ২ (b) ৪ (c) ৫ (d) ৩

উত্তরঃ (a) ২
ব্যাখ্যাঃ $২৪৫০ = ২ \times ১২২৫ = ২ \times ৫ \times ২৪৫ = ২ \times ৫ \times ৫ \times ৪৯ = ২ \times ৫ \times ৫ \times ৭ \times ৭$
২ জোড়াবিহীন। সুতরাং ২ দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণবর্গ সংখ্যা হবে।

০৬। কোনো শ্রেণিতে যতজন ছাত্র-ছাত্রী পড়ে প্রত্যেকে তার সহপাঠীর সংখ্যার সমান টাকা চাঁদা দেওয়ায় মোট ৪২০ টাকা চাঁদা উঠলো। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রী সংখ্যা কত?
(a) ২১ (b) ২৩ (c) ২০ (d) ২২

উত্তরঃ (a) ২১
ব্যাখ্যাঃ মোট ছাত্র-ছাত্রী সংখ্যা x জন হলে প্রত্যেকের সহপাঠির সংখ্যা $(x - ১)$ জন
মোট চাঁদার পরিমাণ $= x(x - ১)$ টাকা
শর্তমতে, $x(x - ১) = ৪২০$
বা, $x^২ - x - ৪২০ = ০$
বা, $x^২ - ২১x + ২০x - ৪২০ = ০$
বা, $x(x - ২১) + ২০(x - ২১) = ০$
বা, $(x - ২১)(x + ২০) = ০$
$\therefore x = ২১ \quad \therefore x = -২০$
$\therefore x = ২১, -২০$ কিন্তু $x = -২০$ হতে পারে না।

০৭। ১০২৪ এর বর্গমূল কত?
(a) ৫২ (b) ৪২ (c) ৩২ (d) ২২

উত্তরঃ (c) ৩২
ব্যাখ্যাঃ

```
    ১০ ২৪ | ৩২
     ৯
৬২ | ১২৪
   | ১২৪
   -------
       ০
```

$\therefore$ ১০২৪ এর বর্গমূল $= \sqrt{১০২৪} = ৩২$।

০৮। ০.১ এর বর্গমূল কত?

(a) ০.১ (b) ০.০১ (c) ০.২৫ (d) কোনোটিই নয়

উত্তরঃ (d) কোনোটিই নয়

ব্যাখ্যাঃ

```
     ০.১০ |০.৩১...
      ৯
৬১ | ১০০
     ৬১
     ৩৯
```

$\therefore$ ০.১ এর বর্গমূল = $\sqrt{০.১}$ = ০.৩১ ... ।

০৯। ০.০০১ এর বর্গমূল কত?

(a) ০.১ (b) ০.০১ (c) ০.০০১ (d) কোনোটিই নয়

উত্তরঃ (d) কোনোটিই নয়

ব্যাখ্যাঃ

```
     ০.০০ ১০ |০.০৩১...
           ৯
৬১ |     ১০০
          ৬১
          ৩৯
```

$\therefore$ ০.০০১ এর বর্গমূল = $\sqrt{০.০০১}$ = ০.০৩১ ... ।

১০। ৯২২০ জন সৈন্য হতে কমপক্ষে কত জন সৈন্য সরিয়ে রাখলে সৈন্যদলকে বর্গাকারে সাজানো যাবে?

(a) ৬ (b) ৩ (c) ৪ (d) ৫

উত্তরঃ (c) ৪

ব্যাখ্যাঃ

```
      ৯২  ২০ |৯৬
      ৮১
১৮৬ | ১১২০
      ১১১৬
         ৪
```

$\therefore$ নির্ণেয় সৈন্য সংখ্যা ৪ জন

১১। ৪৭০৮০ জন সৈন্য থেকে কমপক্ষে কত জন সৈন্য সরিয়ে নিলে সৈন্য দলকে বর্গাকারে সাজানো যাবে?

(a) ১২৪ (b) ২২৪ (c) ৪২৪ (d) ৫০৪

উত্তরঃ (c) ৪২৪

ব্যাখ্যাঃ

$\therefore$ নির্ণেয় সৈন্য সংখ্যা = ৪২৪ জন।

```
      ৪  ৭০  ৮০ |২১৬
      ৪
৪১  |    ৭০
         ৪১
৪২৬ |   ২৯৮০
        ২৫৫৬
         ৪২৪
```

<u>বিগত বছরের প্রশ্নসমূহ:</u>

০১। পরবর্তী মৌলিক সংখ্যা কোনটি ? ১৩১, ১৩৭, ১৩৯, ১৪৯,..... [JU-B:1

(a) ১৫১ (b) ১৫৩ (c) ১৫৭ (d) ১৫৯

উত্তরঃ (a) ১৫১

ব্যাখ্যাঃ ১৩১, ১৩৭, ১৩৯, ১৪৯

$\frac{১৫৩}{৩}$ = ৫১; $\frac{১৫৭}{৩}$ = ৫২.৩৩; $\frac{১৫৯}{৩}$ = ৫৩; $\frac{১৫১}{৩}$ = ৫০.৩৩

এভাবে মৌলিক সংখ্যা দ্বারা সংখ্যা দুইটি বিভাজন হয় না।

$\therefore$ ১৫১, ১৫৭ মৌলিক সংখ্যা

০২। পরবর্তী মৌলিক সংখ্যা কোনটি? 167, 173, 179, 181, ... [JU-B:1

(a) 183 (b) 187 (c) 191 (d) 197

উত্তরঃ (c) 191

ব্যাখ্যাঃ 167, 173, 179, 181, ...

$\frac{183}{3} = 61, \therefore$ 183 মৌলিক নয়।

$\frac{187}{11} = 17[\because \sqrt{187} = 13.67] \therefore$ 187 মৌলিক নয়।

$\frac{191}{11} = 17.36[\because \sqrt{191} = 13.82]$ অনুরূপে, 3, 7, 17 দ্বারা সংখ্যাটি বিভাজ্য নয়। $\therefore$ 191 মৌলিক।

$\therefore$ 181 এর পরবর্তী মৌলিক সংখ্যা = 191

০৩। পরবর্তী মৌলিক সংখ্যা কোনটি? 103, 107, 109, 113 .... [JU-B: 18-19]

(a) 117 (b) 119 (c) 123 (d) 127

উত্তরঃ (d) 127

ব্যাখ্যাঃ 103, 107, 109, 113.........

এখানে, $\frac{117}{3} = 39 \therefore 117$ মৌলিক নয়।

$\frac{123}{3} = 41 \therefore 123$ মৌলিক নয়।

$\frac{119}{7} = 17 \therefore 119$ মৌলিক নয়

$\sqrt{127} = 11.27 \;\therefore \frac{123}{13} = 2.77$ তাছাড়া, 3, 7, বা 11 দ্বারা সংখ্যাটি বিভাজ্য নয়। $\therefore$ 127 মৌলিক।

০৪। যদি a ও b পূর্ণ সংখ্যা হয় এবং $a - b = 6$ হয়, তবে $a + b$ নিচের কোনটি হতে পারে না? [JU-B: 18-19]

(a) 0 (b) একটি ঋণাত্মক পূর্ণ সংখ্যা (c) একটি ধনাত্মক পূর্ণ সংখ্যা (d) 6 এর থেকে বেশি

উত্তরঃ Blank

ব্যাখ্যাঃ দেওয়া আছে, $a - b = 6 \Rightarrow a = 6 + b$

তাহলে, $a + b = 6 + b + b \Rightarrow a + b = 6 + 2b$

০৫। পরবর্তী মৌলিক সংখ্যা কোনটি? 127, 131, 137, 139, __. [JU-B: 18-19]

(a) 143 (b) 147 (c) 149 (d) 151

উত্তরঃ (c) 149

ব্যাখ্যাঃ 127, 131, 137, 139 .... পরবর্তী মৌলিক সংখ্যার জন্য এখানে, $\sqrt{143} \approx 11, \frac{143}{13} = 11$

$\therefore$ 143 মৌলিক নয়।

$\sqrt{147} \approx 12, \frac{147}{7} = 21 \therefore 147$ মৌলিক নয়।

$\sqrt{149} \approx 12, \frac{149}{11} = 13.54 \therefore 149$ মৌলিক

$\sqrt{151} \approx 12, \frac{151}{11} = 13.72 \therefore 151$ মৌলিক এভাবে 12 এবং আগে পিছের মৌলিক দ্বারা 149 ও 151 ভাগ করা যায় না।

$\therefore$ এরা মৌলিক। $\therefore$ 139 এর পরবর্তী মৌলিক সংখ্যা = 149

০৬। নিচের কোনটি মূলদ (Rational) সংখ্যা নয়? [JU-B: 17-18]

(a) $\frac{3}{\sqrt{7}}$ (b) $\frac{3}{7}$ (c) $\sqrt{\frac{4}{9}}$ (d) 1.49

উত্তরঃ (a) $\frac{3}{\sqrt{7}}$

ব্যাখ্যাঃ প্রদত্ত option গুলোর মধ্যে option A মূলদ নয়। অর্থাৎ $\frac{3}{\sqrt{7}}$ মূলদ নয় অর্থাৎ অমূলদ।

[$\because$ (i) কোন মৌলিক সংখ্যার বর্গমূল অমূলদ সংখ্যা (ii) অমূলদ সংখ্যা দ্বারা যোগ, বিয়োগ, গুণ, ভাগ করলে প্রাপ্ত সংখ্যাটি অমূলদ]

০৭। 80-90 পর্যন্ত মৌলিক সংখ্যাসমূহের যোগফল কত? [JU-B: 17-18]

(a) 340 (b) 259 (c) 253 (d) 172

উত্তরঃ (d) 172

ব্যাখ্যাঃ 80 থেকে 90 পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো 83 ও 89।

$\therefore$ এদের যোগফল $= 83 + 89 = 172$

০৮। নিচের কোনটি অমূলদ (Irrational) সংখ্যা? [JU-B: 17-18]

(a) $\sqrt{\frac{1}{4}}$ (b) $\frac{7}{\sqrt{2}}$ (c) $\sqrt{9}$ (d) $\frac{31}{9}$

উত্তরঃ (b) $\frac{7}{\sqrt{2}}$

ব্যাখ্যাঃ $\frac{7}{\sqrt{2}}$ একটি অমূলদ সংখ্যা। কারণ $\sqrt{2}$ একটি অমূলদ সংখ্যা। আর কোন অমূলদ সংখ্যার সাথে যোগ, বিয়োগ, গুণ, ভাগ যাই করা হোক না কেন প্রাপ্ত সংখ্যাটি অমূলদ হবে।

০৯। $70 - 80$ পর্যন্ত মৌলিক সংখ্যাসমূহের যোগফল কত? [JU-B: 17-18]

(a) 223 (b) 144 (c) 152 (d) 300

উত্তরঃ (a) 223

ব্যাখ্যাঃ 70 থেকে 80 এর ভিতর মৌলিক সংখ্যা 71,73,79। এগুলোর যোগফল $= 71 + 73 + 79 = 223$.

১০। নিচের কোনটি অমূলদ (Irrational) সংখ্যা? [JU-B: 17-1...]

(a) $\sqrt[3]{\frac{8}{27}}$ (b) $\frac{22}{7}$ (c) $\frac{\sqrt{3}}{5}$ (d) 0.57

উত্তরঃ (b) $\frac{22}{7}$, (c) $\frac{\sqrt{3}}{5}$

ব্যাখ্যাঃ আমরা জানি, কোন মৌলিক সংখ্যার বর্গমূল বা ঘনমূল একটি অমূলদ সংখ্যা।
আবার, কোন অমূলদ সংখ্যার সাথে যোগ, বিয়োগ, গুণ, ভাগ যাই করা হোক না কেন প্রাপ্ত সংখ্যাটিও একটি অমূলদ সংখ্যা হ...
এছাড়া, কোন দশমিকের পর যদি নতুন নতুন সংখ্যা আসে এবং অসীম পর্যন্ত চলে তাহলে উক্ত ভগ্নাংশটিও একটি অমূলদ সং...
হয়। অমূলদ সংখ্যার এই বৈশিষ্ট্য প্রদত্ত Option এর B এবং C তে বিদ্যমান।

১১। 60-70 পর্যন্ত মৌলিক সংখ্যাসমূহের যোগফল কত? [JU-B: 17-1...]

(a) 191 (b) 189 (c) 197 (d) 128

উত্তরঃ (d) 128

ব্যাখ্যাঃ 60 থেকে 70 এর মধ্যে বিদ্যমান মৌলিক সংখ্যা দুটি হলো 61 এবং 67।
∴ এদের যোগফল $= 61 + 67 = 128$

১২। নিচের কোনটি মৌলিক সংখ্যা নয়? [IU-C: 14-1...]

(a) ২৬৩ (b) ২৩৩ (c) ২৫৩ (d) ২৪১

উত্তরঃ (c) ২৫৩

১৩। নিচের কোনটি অমূলদ সংখ্যা? [BCS: 40...]

(a) $0.\dot{4}$ (b) $\sqrt{9}$ (c) $5.\dot{6}3\dot{9}$ (d) $\sqrt{\frac{27}{48}}$

উত্তরঃ Blank.

ব্যাখ্যাঃ প্রশ্নে উল্লেখিত প্রতিটি সংখ্যাই মূলদ সংখ্যা।

(a) $0.\dot{4}$ (মূলদ সংখ্যা) [∴ সকল দশমিক পৌনঃপুনিক সংখ্যাই মূলদ সংখ্যা]

(b) $\sqrt{9} = \sqrt{3^2} = 3$ (মূলদ সংখ্যা) (c) $5.\dot{6}3\dot{9}$ (মূলদ সংখ্যা) (d) $\sqrt{\frac{27}{48}} = \sqrt{\frac{3\times9}{3\times16}} = \frac{3}{4}$ (মূলদ সংখ্যা)

১৪। নিচের কোন পূর্ণ সংখ্যাটিকে ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১, ২, ৩ ও ৪ অবশিষ্ট থাকে? [BCS: 40...]

(a) ৪৮ (b) ৫৪ (c) ৫৮ (d) ৬০

উত্তরঃ (c) ৫৮।

ব্যাখ্যাঃ এখানে, ৩ – ১= ২, ৪ – ২ = ২, ৫ -৩ = ২ এবং
৬ – ৪ = ২। সুতরাং নির্ণেয় সংখ্যাটি হবে ৩, ৪, ৫ এবং ৬ এর ল.সা.গু অপেক্ষা ২ কম। এখন, ৩, ৪, ৫ এবং ৬ এর ল.সা.গু = ৬০
∴ নির্ণেয় সংখ্যাটি = (৬০ – ২) = ৫৮

১৫। নিচের কোনটি মৌলিক সংখ্যা? [BCS: 39...]

(a) ৪৭ (b) ৮৭ (c) ৯১ (d) ১৪৩

উত্তরঃ (a) ৪৭।

১৬। কোন সংখ্যার ০.১ ভাগ এবং ০.১ ভাগের মধ্যে পার্থক্য ১.০ হলে, সংখ্যাটি কত? [BCS: 34...]

(a) ১০ (b) ৯ (c) ৯০ (d) ১০০

উত্তরঃ (c) ৯০

ব্যাখ্যাঃ ধরি, সংখ্যাটি ক। এখানে, $০.\dot{১} = \frac{১}{৯}$ এবং $০.১ = \frac{১}{১০}$

প্রশ্নমতে, $\frac{ক}{৯} - \frac{ক}{১০} = ১$ বা, $\frac{১০ক - ৯ক}{৯০} = ১$ ∴ ক = ৯০

১৭। x এবং y উভয়ই বিজোড় সংখ্যা হলে কোনটি জোড় সংখ্যা হবে? [BCS: 3...]

(a) $x + y + 1$ (b) xy (c) $xy + 2$ (d) $x + y$

উত্তরঃ (d) $x + y$

ব্যাখ্যাঃ x ও y উভয়ই 1 ধরি যা একটি বিজোড় সংখ্যা ∴ $x + y + 1 = 1 + 1 + 1 = 3$ (বিজোড়)
$xy = 1 \times 1 = 1$ (বিজোড়) $xy + 2 = 1 \times 1 + 2 = 3$ (বিজোড়)
$x + y = 1 + 1 = 2$ ∴ সঠিক উত্তর হলো $x + y$

১৮। 0,1,2 এবং 3 দ্বারা গঠিত চার অঙ্কের বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল– [BCS: 31th]

(a) 3147 (b) 2287 (c) 2987 (d) 2187

উত্তরঃ (d) 2187

ব্যাখ্যাঃ বৃহত্তম সংখ্যা = 3210

ক্ষুদ্রতম সংখ্যা = 1023 ∴ বিয়োগফল = 3210 – 1023 = 2187

১৯। নিচের কোনটি মৌলিক সংখ্যা? [BCS: 30th]

(a) ৯১ (b) ৮৭ (c) ৬৩ (d) ৫৯

উত্তরঃ (d) ৫৯।

ব্যাখ্যাঃ আমরা জানি, যে সংখ্যাকে ১ এবং ঐ সংখ্যা ভিন্ন অন্য কোনো সংখ্যা দ্বারা নিঃশেষে ভাগ করা যায় না, তাকে মৌলিক সংখ্যা বলে। সুতরাং, উপরিউক্ত সংখ্যাগুলোর মধ্যে ৫৯ সংখ্যাটি মৌলিক সংখ্যা।

২০। একটি সংখ্যা ৩০১ হতে যত বড় ৩৮১ হতে তত ছোট। সংখ্যাটি কত? [BCS: 30th]

(a) ৩৪০ (b) ৩৪১ (c) ৩৪২ (d) ৩৪৪

উত্তরঃ (b) ৩৪১।

ব্যাখ্যাঃ সংখ্যা x হলে- শর্তমতে, x – ৩১০ = ৩৮১ – x বা, ২x = ৩৮১ + ৩০১ বা, $x = \frac{৬৮২}{২}$ ∴ x = ৩৪১

গ. সা. গু ও ল. সা. গু

Type – 1 : গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক/Highest Common Factor (H.C.F)

যে বৃহত্তম সংখ্যাটি দ্বারা কতগুলো নির্দিষ্ট সংখ্যাকে নিঃশেষে ভাগ করা যায় তাকে সংখ্যাগুলোর গ.সা.গু বলে। যেমন -

- উৎপাদক পদ্ধতিতে ৬, ১২, ১৮ –এর গ.সা.গু নির্ণয় :

৬ = $\underline{১} \times \underline{২} \times \underline{৩}$

১২ = $\underline{১} \times \underline{২} \times ২ \times \underline{৩}$

১৮ = $\underline{১} \times \underline{২} \times \underline{৩} \times ৩$

∴গ.সা.গু. = ১ × ২ × ৩ = ৬

গ.সা.গু এর ক্ষেত্রে শুধু সাধারণ (Common) মানগুলো নিতে হবে।

- ভাগ পদ্ধতিতে ১২ এবং ১৮ এর গ.সা.গু নিরণয় :

```
১২)১৮(১
   ১২
   ---
   ৬)১২(২
     ১২
     ---
      ০
```

এক্ষেত্রে ক্ষুদ্রতম সংখ্যা দিয়ে বৃহত্তম সংখ্যাকে ভাগ করতে হয়। তারপর ভাগশেষ দিয়ে ছোট সংখ্যাকে ভাগ করতে হবে যতক্ষণ ভাগশেষ 'শূন্য'(০) না হয়।

যে যে ক্ষেত্রে গ.সা.গু. –এর প্রয়োজন :

- গরিষ্ঠ / বৃহত্তম/ সর্বোচ্চ/ বড় সংখ্যা দ্বারা ভাগ করা বোঝালে।
- অনেকগুলো সংখ্যাকে কোনো নির্দিষ্ট সংখ্যা দ্বারা ভাগ করা বোঝালে।

কতিপয় উদাহরণঃ

০১। ৩২, ৪৮, ৫৬ ও ৮০ এর গ.সা.গু. কত?

(a) 8 (b) ১৬ (c) ৮ (d) কোনটিই নয়

উত্তরঃ (c) ৮

ব্যাখ্যাঃ ৩২ = $\underline{২} \times \underline{২} \times \underline{২} \times ২ \times ২$

৪৮ = $\underline{২} \times \underline{২} \times \underline{২} \times ২ \times ৩$

৫৬ = $\underline{২} \times \underline{২} \times \underline{২} \times ৭$

৮০ = $\underline{২} \times \underline{২} \times \underline{২} \times ২ \times ৫$

৩২, ৪৮, ৫৬ ও ৮০ এর সাধারণ মৌলিক উৎপাদক হল ২, ২, ২

নির্ণেয় গ.সা.গু.= ২ × ২ × ২ = ৮

০২। কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ২৭, ৪০, ও ৬৫ কে ভাগ করলে যথাক্রমে ৩, ৪ ও ৫ ভাগশেষ থাকবে?
(a) ১২ (b) ১০ (c) ১৬ (d) ১৪

উত্তরঃ (a) ১২
ব্যাখ্যাঃ এখানে, ২৭ − ৩ = ২৪, ৪০ − ৪ = ৩৬ এবং ৬৫ − ৫ = ৬০
∴নির্ণেয় বৃহত্তম সংখ্যাটি হবে ২৪, ৩৬ এবং ৬০ এর গ.সা.গু।
এখানে,

```
২৪|৩৬|১
  |২৪|
----------
 ১২|২৪|২
   |২৪|
   ------
     ০
```

আবার,

```
১২|৬০|৫
  |৬০|
  -----
    ০
```

∴নির্ণেয় সংখ্যাটি হলো ১২

০৩। ৩০টি আম এবং ৩৬টি লিচু সর্বোচ্চ কতজন বালকের মধ্যে সমানভাবে ভাগ করা যেতে পারে?
(a) ৩ জন (b) ৫ জন (c) ৬ জন (d) ৯ জন

উত্তরঃ (c) ৬ জন
ব্যাখ্যাঃ বালকের সংখ্যা হবে ৩০ ও ৩৬ এর গ.সা.গু।

```
৩০) ৩৬ (১
    ৩০
   --------
    ৬) ৩০ (৫
       ৩০
       ---
        ০
```

∴নির্ণেয় বালক সংখ্যা ৬ জন।

০৪। কোন বৃহত্তম সংখ্যা দিয়ে ১০২ ও ১৮৬ কে ভাগ করলে প্রত্যেক বার ৬ অবশিষ্ট থাকবে?
(a) ১৬ (b) ১৫ (c) ১২ (d) ২২

উত্তরঃ (c) ১২
ব্যাখ্যাঃ ১০২ − ৬ = ৯৬, ১৮৬ − ৬ = ১৮০
নির্ণেয় বৃহত্তম সংখ্যা হবে ৯৬ ও ১৮০ এর গ.সা.গু।

```
৯৬) ১৮০ (১
     ৯৬
    -------
    ৮৪) ৯৬ (১
        ৮৪
       -------
       ১২) ৮৪ (৭
           ৮৪
           ---
            ০
```

∴নির্ণেয় বৃহত্তম সংখ্যা ১২

০৫। প্রথম ও দ্বিতীয় সংখ্যার গুণফল ৪২ এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গুণফল ৪৯। দ্বিতীয় সংখ্যাটি কত?
(a) ৫ (b) ৬ (c) ৭ (d) ৮

উত্তরঃ (c) ৭
ব্যাখ্যাঃ ৪২ ও ৪৯ এর গ.সা.গু হবে নির্ণেয় দ্বিতীয় সংখ্যা।

```
৪২) ৪৯ (১
    ৪২
   -------
    ৭) ৪২ (৬
       ৪২
       ---
        ০
```

∴নির্ণেয় দ্বিতীয় সংখ্যাটি ৭

০৬। তিনটি পরপর মৌলিক সংখ্যার প্রথম দুটির গুণফল ৯১, শেষ দুইটির গুণফল ১৪৩ হলে সংখ্যা তিনটি কত?
(a) ৭, ১১, ১৩ (b) ১১, ৭, ১৩ (c) ১১, ১৩, ৭ (d) ৭, ১৩, ১১

উত্তরঃ (d) ৭, ১৩, ১১
ব্যাখ্যাঃ দ্বিতীয় সংখ্যাটি হবে ৯১ ও ১৪৩ এর গ.সা.গু.।
৯১ = ৭ × ১৩
১৪৩ = ১১ × ১৩
৯১ ও ১৪৩ এর গ.সা.গু = ১৩ = দ্বিতীয় সংখ্যা
প্রথম সংখ্যা = $\frac{৯১}{১৩}$ = ৭ এবং তৃতীয় সংখ্যা = $\frac{১৪৩}{১৩}$ = ১১

Type – 2 : লগিষ্ঠ সাধারণ গুণনীয়ক(ল.সা.গু)/ Lowest Common Multiple (L.C.M)

যে ক্ষুদ্রতম সংখ্যাটিকে কতগুলো নির্দিষ্ট সংখ্যা দ্বারা নিঃশেষে ভাগ করা যায় তাকে ঐ সংখ্যাগুলোর ল.সা.গু বলে। যেমন:-

৬ = ৬, ১২, ১৮, ২৪, ৩০, <u>৩৬</u>, ৪২, ৪৮, ৫৪, ৬০, ৬৬, <u>৭২</u> ....

১২ = ১২, ২৪, <u>৩৬</u>, ৪৮, ৬০, <u>৭২</u> ....

১৮ = ১৮, <u>৩৬</u>, ৫৪, <u>৭২</u> ....

উদ্দীপকে লগিষ্ঠ সাধারণ গুণনীয়ক হলো = ৩৬

∴ ল. সা.গু = ৩৬

যে যে ক্ষেত্রে ল.সা.গু. – এর প্রয়োজন :

❖ লঘিষ্ঠ / ক্ষুদ্রতম / সর্বনিম্ন / ছোট সংখ্যা দ্বারা ভাগ করা বোঝালে।

❖ অনেকগুলো নির্দিষ্ট সংখ্যা দ্বারা কোনো সংখ্যাকে ভাগ করা বোঝালে।

<u>কতিপয় উদাহরণঃ</u>

০১। সর্বমোট কত সংখ্যক গাছ হলে একটি বাগানে ৭, ১৪, ২১, ৩৫, ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম বা বেশি হবে না?

(a) ২৪০ (b) ২১০ (c) ২২০ (d) ২৩০

উত্তরঃ (b) ২১০

ব্যাখ্যাঃ প্রদত্ত সংখ্যাটি হবে ৭, ১৪, ২১, ৩৫, ৪২ এর ল.সা.গু।

```
২| ৭, ১৪, ২১, ৩৫, ৪২
 ৩| ৭, ৭, ২১, ৩৫, ২১
   ৭| ৭, ৭, ৭, ৩৫, ৭
      ১, ১, ১, ৫, ১
```

সুতরাং নির্ণেয় ল.সা.গু= ২ × ৩ × ৫ × ৭ = ২১০

০২। ৫, ৬, ১০ ও ১৫ এর ল.সা.গু কত?

(a) ৬০ (b) ৩০ (c) ১৫০ (d) ৯০

উত্তরঃ (b) ৩০

ব্যাখ্যাঃ

```
২| ৫, ৬, ১০, ১৫
 ৩| ৫, ৩, ৫, ১৫
  ৫| ৫, ১, ৫, ৫
     ১, ১, ১, ১
```

নির্ণেয় ল.সা.গু= ২ × ৩ × ৫ = ৩০

০৩। কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ২ যোগ করলে যোগফল ১২, ১৮ এবং ২৪ দ্বারা বিভাজ্য হবে?

(a) ৮৯ (b) ৭০ (c) ১৭০ (d) ১৪২

উত্তরঃ (b) ৭০

ব্যাখ্যাঃ

```
২| ১২, ১৮, ২৪
 ২| ৬, ৯, ১২
  ৩| ৩, ৯, ৬
     ১, ৩, ২
```

১২, ১৮ এবং ২৪ এর- ল.সা.গু= ২ × ২ × ৩ × ৩ × ২ = ৭২

∴ নির্ণেয় সংখ্যা= ৭২ – ২ = ৭০

০৪। কোন সংখ্যার সাথে ৩ যোগ করলে যোগফল ২৪, ৩৬ ও ৪৮ দ্বারা বিভাজ্য হবে?

(a) ১৪১ (b) ১৪৪ (c) ১৪৭ (d) ২৮৫

উত্তরঃ (a) ১৪১

ব্যাখ্যাঃ

```
২| ২৪, ৩৬, ৪৮
 ২| ১২, ১৮, ২৪
  ২| ৬, ৯, ১২
   ৩| ৩, ৯, ৬
      ১, ৩, ২
```

২৪, ৩৬ এবং ৪৮ এর ল.সা.গু= ২ × ২ × ২ × ৩ × ৩ × ২ = ১৪৪।

∴ নির্ণেয় সংখ্যা= ১৪৪ – ৩ = ১৪১

০৫। কোন ক্ষুদ্রতম সংখ্যা হতে ১ বিয়োগ করলে বিয়োগফল ৯, ১২ ও ১৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

(a) ৩৬১ (b) ১২১ (c) ১৮১ (d) ২৪১

উত্তরঃ (c) ১৮১

ব্যাখ্যাঃ

```
৩| ৯, ১২, ১৫
   ৩, ৪, ৫
```

৯, ১২ ও ১৫ এর ল.সা.গু= ৩ × ৩ × ৪ × ৫ = ১৮০

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা= ১৮০ + ১ = ১৮১

০৬। কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ২, ৩, ৪, ৫ ও ৬ দিয়ে ভাগ করলে প্রতি ক্ষেত্রে ১ অবশিষ্ট থাকে?

(a) ৬১ (b) ৩১ (c) ৪১ (d) ৫১

উত্তরঃ (a) ৬১

ব্যাখ্যাঃ

২ | ২, ৩, ৪, ৫, ৬
৩ | ১, ৩, ২, ৫, ৩
  ১, ১, ২, ৫, ১

২, ৩, ৪, ৫ ও ৬ এর ল.সা.গু= ২ × ৩ × ২ × ৫ = ৬০

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা= ৬০ + ১ = ৬১

০৭। ৯৯৯৯৯ এর কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল ২, ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

(a) ২১ (b) ৩৯ (c) ৩৩ (d) ২৯

উত্তরঃ (a) ২১

ব্যাখ্যাঃ

২ | ২, ৩, ৪, ৫, ৬
৩ | ১, ৩, ২, ৫, ৩
  ১, ১, ২, ৫, ১

৬০) ৯৯৯৯৯ (১৬৬৬
৬০
৩৯৯
৩৬০
৩৯৯
৩৬০
৩৯৯
৩৬০
৩৯

২, ৩, ৪, ৫ এবং ৬ এর ল.সা.গু= ২ × ৩ × ২ × ৫ = ৬০

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা= ৬০ − ৩৯ = ২১

০৮। পাঁচটি ঘন্টা একত্রে বেজে যথাক্রমে ৩, ৫, ৭, ৮ ও ১০ সেকেন্ড অন্তর অন্তর বাজতে লাগল। কতক্ষণ পরে ঘন্টাগুলো পুনরায় একত্রে বাজবে?

(a) ১০ মিনিট (b) ১৪ মিনিট (c) ৯০ সেকেন্ড (d) ২৪০ সেকেন্ড

উত্তরঃ (b) ১৪ মিনিট

ব্যাখ্যাঃ

২ | ৩, ৫, ৭, ৮, ১০
৫ | ৩, ৫, ৭, ৪, ৫
  ৩, ১, ৭, ৪, ১

৩, ৫, ৭, ৮ এবং ১০ এর ল.সা.গু= ২ × ৫ × ৩ × ৭ × ৪ = ৮৪০

ঘন্টাগুলো পুনরায় একত্রে বাজবে = ৮৪০ সেকেন্ড = $\frac{৮৪০}{৬০}$ মিনিট = ১৪ মিনিট পর।

০৯। তিনটি ঘন্টা একত্রে বাজার পর তারা ২ ঘন্টা, ৩ ঘন্টা ও ৪ ঘন্টা পরপর বাজতে থাকল। ১ দিনে তারা কত বার বাজবে?

(a) ৩ (b) ২ (c) ৫ (d) ৪

উত্তরঃ (a) ৩

ব্যাখ্যাঃ

২ | ২, ৩, ৪
  ১, ৩, ২

২, ৩ ও ৪ এর ল.সা.গু= ১২

ঘন্টাগুলো পুনরায় একত্রে বাজবে ১২ ঘন্টা পরপর।

১ দিনে ঘন্টা তিনটি মিলিত হবে ($\frac{২৪}{১২}$ + ১) বা ৩ বার।

(১২ ঘন্টা পরপর বাজলে ২৪ ঘন্টায় ২ বার বাজে এবং শুরুতে ১ বারসহ মোট = ৩ বার বাজে।)

Type – 3 : ভগ্নাংশের গ.সা.গু.

ভগ্নাংশের গ.সা.গু = $\frac{\text{ভগ্নাংশগুলোর লবের গ.সা.গু.}}{\text{ভগ্নাংশগুলোর হরের ল.সা.গু.}}$

উদাহরণ : $\frac{৩}{৪}$ ও $\frac{৫}{৬}$ –এর গ.সা.গু নির্ণয় কর

সমাধান : প্রদত্ত ভগ্নাংশদ্বয় : $\frac{৩}{৪}$ ও $\frac{৫}{৬}$

লবগুলোর (৩ এবং ৫) গ.সা.গু. = ১

হরগুলোর (৪ এবং ৬) –এর ল.সা.গু.=১২

∴ ভগ্নাংশদ্বয়ের গ.সা.গু. = $\frac{১}{১২}$

কতিপয় উদাহরণঃ

০১। $\frac{৩}{৪}, \frac{৪}{৫}, \frac{৫}{৬}$ এর গ.সা.গু. কত?

(a) ৩০ (b) $\frac{১}{৩০}$ (c) $\frac{১}{৬০}$ (d) ৬০

উত্তরঃ (c) $\frac{১}{৬০}$

ব্যাখ্যাঃ $\frac{৩}{৪}, \frac{৪}{৫}, \frac{৫}{৬}$ ভগ্নাংশের- লবগুলোর গ.সা.গু. ১ এবং হরগুলোর ল.সা.গু. ৬০

প্রদত্ত ভগ্নাংশগুলোর গ.সা.গু. = $\frac{\text{লবগুলোর গ.সা.গু.}}{\text{হরগুলোর ল.সা.গু}} = \frac{১}{৬০}$

০২। $\frac{৩}{১২}, \frac{৯}{১৬}$ এবং $\frac{২৭}{২৪}$ সংখ্যাগুলোর গ.সা.গু. কত?

(a) $\frac{১}{১৬}$ (b) $\frac{২}{১৬}$ (c) $\frac{৩}{১৬}$ (d) $\frac{৪}{১৬}$

উত্তরঃ (a) $\frac{১}{১৬}$

ব্যাখ্যাঃ $\frac{৩}{১২}, \frac{৯}{১৬}$ এবং $\frac{২৭}{২৪}$ ভগ্নাংশগুলোর লব ৩, ৯, ২৭ এর গ.সা.গু. = ৩

এবং হর ১২, ১৬, ২৪ এর ল.সা.গু = ৪৮

∴ ভগ্নাংশগুলোর গ.সা.গু = $\frac{\text{লবগুলোর গ.সা.গু.}}{\text{হরগুলোর ল.সা.গু.}} = \frac{৩}{৪৮} = \frac{১}{১৬}$

∴ নির্ণেয় গ.সা.গু. $\frac{১}{১৬}$

Type – 4 : ভগ্নাংশের ল.সা.গু.

ভগ্নাংশের ল.সা.গু = $\frac{\text{ভগ্নাংশগুলোর লবের ল.সা.গু.}}{\text{ভগ্নাংশগুলোর হরের গ.সা.গু.}}$

উদাহরণ : $\frac{৩}{৪}$ এবং $\frac{৫}{৬}$-এর ল.সা.গু. কত?

সমাধান : প্রদত্ত ভগ্নাংশদ্বয় = $\frac{৩}{৪}$ এবং $\frac{৫}{৬}$

লবগুলোর (৩ এবং ৫) ল.সা.গু. = ১৫

হরগুলোর (৪ এবং ৬) এর গ.সা.গু. = ২ ∴ ভগ্নাংশদ্বয়ের ল.সা.গু. = $\frac{১৫}{২}$

কতিপয় উদাহরণঃ

০১। $\frac{১}{১০}, \frac{২}{৫}$ এবং $\frac{৭}{১০}$ এর ল.সা.গু. কত?

(a) $২\frac{৪}{৫}$ (b) $৩\frac{৪}{৫}$ (c) $৪\frac{৪}{৫}$ (d) $৬\frac{৪}{৫}$

উত্তরঃ (a) $২\frac{৪}{৫}$

ব্যাখ্যাঃ প্রদত্ত ভগ্নাংশগুলো $\frac{১}{১০}, \frac{২}{৫}$ এবং $\frac{৭}{১০}$

ভগ্নাংশগুলোর লব ১, ২ ও ৭ এর ল.সা.গু. = ১৪

ভগ্নাংশগুলোর হর ১০, ৫ ও ১০ এর গ.সা.গু. = ৫

∴ $\frac{১}{১০}, \frac{২}{৫}$ এবং $\frac{৭}{১০}$ এর ল.সা.গু. = $\frac{\text{ভগ্নাংশগুলোর লবের ল.সা.গু.}}{\text{ভগ্নাংশগুলোর হরের গ.সা.গু.}} = \frac{১৪}{৫} = ২\frac{৪}{৫}$ ∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যাটি $২\frac{৪}{৫}$

Type – 5 : ভগ্নাংশের ল.সা.গু. ও গ.সা.গুর মধ্যে সম্পর্ক

দুইটি সংখ্যার গুণফল = সংখ্যাদ্বয়ের গ.সা.গু. × সংখ্যাদ্বয়ের ল.সা.গু.

যেকোনো দুইটি সংখ্যা ১০ এবং ৩০ নিয়ে মৌলিক গুণনীয়কগুলো নির্ণয় করা হলো : ১০ = ২ × ৫, ৩০ = ২ × ৩ × ৫

১০ এবং ৩০ এর গ.সা.গু = ২ × ৫ = ১০

এবং ল.সা.গু = ২ × ৩ × ৫ = ৩০

আবার, ১০ এবং ৩০ সংখ্যাদ্বয়ের গুণফল = ১০ × ৩০ = (২ × ৫) × (২ × ৩ × ৫) = গ.সা.গু. × ল.সা.গু.

∴ দুইটি সংখ্যার গুণফল সংখ্যা দুইটির গ.সা.গু. ও ল.সা.গু. এর গুণফলের সমান।

কতিপয় উদাহরণঃ

০১। দুটি সংখ্যার ল.সা.গু. এবং গ.সা.গু এর গুণফল সংখ্যা দুটির-
(a) গড়ের সমান (b) কোনোটিই নয় (c) গুণফলের সমান (d) ভাগফলের সমান

উত্তরঃ (c) গুণফলের সমান
ব্যাখ্যাঃ দুটি সংখ্যার ল.সা.গু. এবং গ.সা.গু. এর গুণফল সংখ্যা দুটির গুণফলের সমান।

০২। দুটি সংখ্যার গ.সা.গু. ১৫ এবং ল.সা.গু. ৯০। একটি সংখ্যা ৩০ হলে অপরটি কত?
(a) ৬০ (b) ৫০ (c) ৪৫ (d) ৭৫

উত্তরঃ (c) ৪৫
ব্যাখ্যাঃ সংখ্যাদ্বয়ের গুণফল = ল.সা.গু. × গ.সা.গু. = ১৫ × ৯০
∴অপর সংখ্যাটি = $\frac{১৫ \times ৯০}{৩০}$ = ৪৫

০৩। দুইটি সংখ্যার গুণফল ১৫৩৬ । সংখ্যা দুটির ল.সা.গু. ৯৬ হলে, গ.সা.গু কত?
(a) ১২ (b) ১৬ (c) ২৪ (d) ৩২

উত্তরঃ (b) ১৬
ব্যাখ্যাঃ সংখ্যাদ্বয়ের গুণফল = ল.সা.গু. × গ.সা.গু. = গ.সা.গু. × ৯৬ = ১৫৩৬
∴ গ. সা. গু = $\frac{১৫৩৬}{৯৬}$ = ১৬

০৪। দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৬ এবং গ.সা.গু. ৪ হলে সংখ্যা দুইটির ল.সা.গু. কত?
(a) ১১০ (b) ১৩০ (c) ১৫০ (d) কোনোটিই নয়

উত্তরঃ (d) কোনোটিই নয়
ব্যাখ্যাঃ ধরি, সংখ্যা দুটি ৫x ও ৬x
∴৫x ও ৬x এর গ.সা.গু = x = ৪ এবং ৫x ও ৬x এর ল.সা.গু = ৩০x
∴ল.সা.গু = ৩০ × ৪ = ১২০

বিগত বছরের প্রশ্নসমূহ

০১। দুইটি সংখ্যার অনুপাত 5:7 এবং তাদের গ.সা.গু 4 হলে, সংখ্যা দুইটির ল.সা.গু কত? [IU-C: 17-18]
(a) 110 (b) 220 (c) 130 (d) 140

উত্তরঃ (d) 140

০২। দুইটি সংখ্যার অনুপাত 3 : 5 এবং ল.সা.গু 90 হলে, সংখ্যা দুটি কত? [JU-B: 16-17]
(a) 15,25 (b) 30,50 (c) 9,15 (d) 18,30

উত্তরঃ (d) 18,30
ব্যাখ্যাঃ মনে করি, সংখ্যা দুইটি 3x ও 5x
3x ও 5x এর ল.সা.গু = 15x
প্রশ্নমতে, 15x = 90 ⇒ x =6 ∴ সংখ্যা দুইটি 3 ×6 = 18 এবং 5 × 6= 30

০৩। দুইটি সংখ্যার অনুপাত 2:7 এবং ল. সা. গু 84 হলে, সংখ্যা দুটি কত? [JU-B: 16-17]
(a) 20,70 (b) 12,42 (c) 6,21 (d) 4,14

উত্তরঃ (b) 12,42
ব্যাখ্যাঃ মনে করি, সংখ্যা দুইটি 2x ও 7x
2x ও 7x এর ল.সা.গু =14 x
প্রশ্নমতে, 14 x =84 ∴ x =6
সংখ্যা দুইটি 2 × 6 =12 এবং 7 × 6 = 42

০৪। দুইটি সংখ্যার অনুপাত 3 :4 এবং ল.সা.গু 180 সংখ্যা দুটি কত? [JU-B: 16-17]
(a) 15,20 (b) 30,40 (c) 45,60 (d) 60,80

উত্তরঃ (c) 45,60
ব্যাখ্যাঃ মনে করি, সংখ্যা দুইটি 3x ও 4x
3x ও 4x এর ল.সা.গু = 12x
প্রশ্নমতে, 12x = 180 ⇒ x =15
সংখ্যা দুইটি 3×15 = 45 এবং 4 ×15= 60

০৫। দুইটি সংখ্যার অনুপাত 7 : 5 এবং তাদের ল.সা.গু. 140 হলে সংখ্যা দুইটির গ.সা.গু. কত? [BCS: 39th]

(a) 4 (b) 12 (c) 6 (d) 9

উত্তরঃ (a) 4

ব্যাখ্যাঃ ধরি, সংখ্যা দুটি 7x ও 5x, যেখানে 7x ও 5x এর ল. সা. গু 35x এবং গ. সা. গু = x

প্রশ্নমতে, 35x = 140

বা, $x = \frac{140}{35}$ ∴ x = 4

০৬। দুটি সংখ্যার অনুপাত 2 : 3 এবং গ.সা.গু. 4 হলে বৃহত্তম সংখ্যাটি কত? [BCS: 38th]

(a) 6 (b) 12 (c) 8 (d) 16

উত্তরঃ (b) 12

ব্যাখ্যাঃ ধরি, সংখ্যা দুটি 2x ও 3x

2x ও 3x এর গ.সা.গু. x ∴ x = 4

বৃহত্তম সংখ্যাটি = (3×4)=12

০৭। দুটি সংখ্যার গুণফল ৩৩৮০ এবং গ. সা. গু ১৩ । সংখ্যা দুটিই ল. সা. গু. কত? [BCS: 36th]

(a) ২৬০ (b) ৭৮০ (c) ১৩০ (d) ৪৯০

উত্তরঃ (a) ২৬০

ব্যাখ্যাঃ সংখ্যা দ্বয়ের গুণফল = ল.সা.গু × গ.সা.গু

সংখ্যা দু'টির ল.সা.গু = $\frac{৩৩৮০}{১৩}$ = ২৬০

০৮। দুইটি সংখ্যার গ.সা.গু. 11 এবং ল.সা.গু. 7700। একটি সংখ্যা 275 হলে, অপর সংখ্যাটি — [BCS: 35th]

(a) 318 (b) 308 (c) 283 (d) 279

উত্তরঃ (b) 308

ব্যাখ্যাঃ অপর সংখ্যা = $\frac{\text{ল.সা.গু.} \times \text{গ.সা.গু.}}{\text{একটি সংখ্যা}} = \frac{11 \times 7700}{275} = 308$

০৯। কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ২ যোগ করলে যোগফল ১২, ১৮ এবং ২৪ দ্বারা বিভাজ্য হবে? [BCS: 30th]

(a) ৮৯ (b) ৭০ (c) ১৭০ (d) ১৪২

উত্তরঃ (b) ৭০।

ব্যাখ্যাঃ

```
২| ১২, ১৮, ২৪
 ---------------
 ৩| ৬, ৯, ১২
  --------------
  ২| ২, ৩, ৪
   -------------
     ১, ৩, ২
```

১২, ১৮ এবং ২৪ এর ল.সা.গু = ২ × ৩ × ২ × ৩ × ২ = ৭২ ∴ নির্ণেয় সংখ্যা = ৭২ – ২ = ৭০

ভগ্নাংশ

Type – 1 : ভগ্নাংশ পরিচিতি

- **প্রকৃত ভগ্নাংশ:** যে ভগ্নাংশের হর লবের চেয়ে বড়, তা প্রকৃত ভগ্নাংশ। প্রকৃত ভগ্নাংশে, হর > লব; যেমন: $\frac{৫}{১১}$, $\frac{৩}{৭}$ ইত্যাদি।
- **অপ্রকৃত ভগ্নাংশ:** যে ভগ্নাংশের হর লবের চেয়ে ছোট, তা অপ্রকৃত ভগ্নাংশ। অপ্রকৃত ভগ্নাংশে, হর < লব; যেমন: $\frac{১১}{৭}$, $\frac{১৩}{৯}$ ইত্যাদি।
- **মিশ্র ভগ্নাংশ:** যে অপ্রকৃত ভগ্নাংশের সাথে একটি পূর্ণসংখ্যা যুক্ত থাকে তাকে মিশ্র ভগ্নাংশ বলে। যেমন- ২ + $\frac{৩}{৭}$ কে সংক্ষেপে ২$\frac{৩}{৭}$ লেখা হয়। এটি একটি মিশ্র ভগ্নাংশ। একে ২ সমস্ত ৭ ভাগের ৩ পড়া হয়।
- **বিপরীত ভগ্নাংশ:** কোনো ভগ্নাংশের লবকে হর ও হরকে লব করলে যে ভগ্নাংশ পাওয়া যায়, তাকে প্রথমোক্ত ভগ্নাংশের বিপরীত ভগ্নাংশ বলা হয়। যেমন : $\frac{৩}{৮}$ এর বিপরীত ভগ্নাংশ $\frac{৮}{৩}$।

কতিপয় উদাহরণঃ

০১। নিচের কোনটি প্রকৃত ভগ্নাংশ?

(a) $\frac{১১}{৫}$ (b) $\frac{৫}{১১}$ (c) $\frac{৭}{৩}$ (d) কোনটিই নয়

উত্তরঃ (b) $\frac{৫}{১১}$

ব্যাখ্যাঃ a. $\frac{১১}{৫}$ = হর < লব b. $\frac{৫}{১১}$ = হর > লব c. $\frac{৭}{৩}$ = হর < লব

∴ $\frac{৫}{১১}$ এখানে হর লবের থেকে বড়। যা প্রকৃত ভগ্নাংশের শর্ত পূরণ করে।

০২। নিচের কোনটি প্রকৃত ভগ্নাংশ নয়?

(a) $\frac{৯}{৫}$ (b) $\frac{৫}{৯}$ (c) $\frac{৩}{৫}$ (d) $\frac{২}{৩}$

উত্তরঃ (a) $\frac{৯}{৫}$

ব্যাখ্যাঃ a. $\frac{৯}{৫}$ = লব > হর b. $\frac{৫}{৯}$ = লব < হর c. $\frac{৩}{৫}$ = লব < হর d. $\frac{২}{৩}$ = লব < হর

∴ $\frac{৯}{৫}$ এখানে লব হরের থেকে বড়। যা অপ্রকৃত ভগ্নাংশের শর্ত পূরণ করে।

০৩। কোনটি $\frac{৫}{৮}$ এর বিপরীত ভগ্নাংশ?

(a) $\frac{১০}{৪}$ (b) $\frac{৬}{৭}$ (c) $\frac{৮}{৫}$ (d) $\frac{৭}{৬}$

উত্তরঃ (c) $\frac{৮}{৫}$

ব্যাখ্যাঃ বিপরীত ভগ্নাংশ পাওয়া যায় লবকে হর ও হরকে লব করলে।

∴ $\frac{৫}{৮}$ এর লব ৫ কে হরে এবং হর ৮ কে লবে রূপান্তরিত করলে পাওয়া যাবে $\frac{৮}{৫}$ যা বিপরীত ভগ্নাংশ।

Type – 2 : দশমিক হতে ভগ্নাংশে রূপান্তর

দশমিক সংখ্যা হতে ভগ্নাংশে রূপান্তরিত করতে সংখ্যাটির দশমিকের পর যতগুলো অঙ্ক থাকবে একটি ১ এর সাথে ততোগুলো '০' বসিয়ে দশমিক চিহ্ন উঠিয়ে ভাগ করতে হবে। যেমন : ৪.৫ = $\frac{৪৫}{১০} = \frac{৯}{২}$।

কতিপয় উদাহরণঃ

০১। ২.৩ এর ভগ্নাংশ কোনটি সঠিক?

(a) $\frac{৭}{৩}$ (b) $\frac{১১}{২}$ (c) $\frac{৫}{২}$ (d) কোনটিই নয়

উত্তরঃ (d) কোনটিই নয়

ব্যাখ্যাঃ ২.৩ = $\frac{২৩}{১০}$।

০২। ২.২৭ = কত?

(a) $\frac{৯}{৪}$ (b) $\frac{১১}{৫}$ (c) $\frac{১৭}{৯}$ (d) $\frac{২৫}{১১}$

উত্তরঃ Blank.

ব্যাখ্যাঃ ২.২৭ = $\frac{২২৭}{১০০}$।

Type – 3: লঘিষ্ঠ আকারে প্রকাশ

কোন ভগ্নাংশের যেই আকারে লব ও হরের মধ্যে কোনো সাধারণ উৎপাদক না থাকায় লব ও হরকে এর চেয়ে ছোট সংখ্যায় পরিণত করা যায় না সেই আকারটিই ঐ ভগ্নাংশের লঘিষ্ঠ আকার। যেমন: $\frac{৩}{৪}$ ভগ্নাংশের লঘিষ্ঠ আকার $\frac{৩}{৪}$, $\frac{৩}{১২}$ এর লঘিষ্ঠ আকার $\frac{১}{৪}$

কতিপয় উদাহরণঃ

০১। কোন ভগ্নাংশটি লঘিষ্ঠ আকারে প্রকাশিত?

(a) $\frac{৭৭}{১৪৩}$ (b) $\frac{১০২}{২৮৯}$ (c) $\frac{১১}{৩৫৫}$ (d) $\frac{৩৪৩}{১০০১}$

উত্তরঃ (c) $\frac{১১}{৩৫৫}$

ব্যাখ্যাঃ (a) $\frac{৭৭}{১৪৩} = \frac{৭×১১}{১১×১৩} = \frac{৭}{১৩}$; (b) $\frac{১০২}{২৮৯} = \frac{১৭×২×৩}{১৭×১৭} = \frac{৬}{১৭}$; (c) $\frac{১১}{৩৫৫}$ লঘিষ্ঠ আকারে প্রকাশিত; (d) $\frac{৩৪৩}{১০০১} = \frac{৭×৭×৭}{১১×১৩×৭} = \frac{৪৯}{১৪৩}$

০২। কোন ভগ্নাংশটি লঘিষ্ঠ আকারে প্রকাশিত?

(a) $\frac{৬০}{১৪৪}$ (b) $\frac{১০০}{২৫০}$ (c) $\frac{৩৩}{১১১১}$ (d) $\frac{২৯}{৭১}$

উত্তরঃ (d) $\frac{২৯}{৭১}$

ব্যাখ্যাঃ

(a) $\frac{৬০}{১৪৪} = \frac{৫×২×২×৩}{২×২×২×২×৩×৩}$; (b) $\frac{১০০}{২৫০} = \frac{২×২×৫×৫}{২×৫×৫×৫}$; (c) $\frac{৩৩}{১১১১} = \frac{৩×১১}{১১×১০১}$; (d) $\frac{২৯}{৭১}$ লঘিষ্ঠ আকারে প্রকাশিত।

০৩। কোন ভগ্নাংশটি লঘিষ্ঠ আকারে প্রকাশিত নয়?

(a) $\frac{১}{১০}$ (b) $\frac{২২}{৯১}$ (c) $\frac{২২}{৯০}$ (d) $\frac{২৫}{৯১}$

উত্তরঃ (c) $\frac{২২}{৯০}$

ব্যাখ্যাঃ $\frac{২২}{৯০} = \frac{১১}{৪৫}$, যা লঘিষ্ঠ আকারে প্রকাশ করা ছিল না।

Type – 4 : ক্ষুদ্রতম ও বৃহত্তম ভগ্নাংশের তুলনা

১. দুইটি ভগ্নাংশের হর একই হলে যে ভগ্নাংশের লব বড় সেই ভগ্নাংশটি বড়। যেমন: $\frac{৭}{৫}$ ও $\frac{৮}{৫}$ এর মধ্যে সম্পর্ক হল $\frac{৭}{৫} < \frac{৮}{৫}$

২. দুইটি ভগ্নাংশের হর একই হলে যে ভগ্নাংশের লব ছোট সেই ভগ্নাংশটি ছোট। যেমন: $\frac{৩}{৮}$ ও $\frac{৭}{৮}$ এর মধ্যে সম্পর্ক হল $\frac{৩}{৮} < \frac{৭}{৮}$

ভগ্নাংশ দুটির হর ভিন্ন হলে তাদের ল.সা.গু নির্ণয় করে ভগ্নাংশগুলোর মান ঠিক রেখে হর গুলো সমান করতে হবে। যেমন : $\frac{৪}{৫}$ ও $\frac{৬}{৭}$ এর মধ্যে তুলনা। এখানে ভগ্নাংশ দুটির হরগুলোর ল.সা.গু = ৩৫।

তাহলে, $\frac{৪}{৫} = \frac{৪×৭}{৫×৭} = \frac{২৮}{৩৫}$; $\frac{৬}{৭} = \frac{৬×৫}{৭×৫} = \frac{৩০}{৩৫}$; $\therefore \frac{৬}{৭} > \frac{৪}{৫}$

Case-1 : ক্ষুদ্রতম ভগ্নাংশ নির্ণয়

কতিপয় উদাহরণঃ

০১। কোন সংখ্যাটি ক্ষুদ্রতম?

(a) $\frac{১}{১১}$ (b) $\frac{২}{২১}$ (c) $\frac{৩}{৩১}$ (d) $\sqrt{০.০২}$

উত্তরঃ (a) $\frac{১}{১১}$

ব্যাখ্যাঃ

$\frac{১}{১১} = ০.০৯০৯$, $\frac{২}{২১} = ০.০৯৫$, $\frac{১}{৩} = ০.৩৩$, $\sqrt{০.০২} = ০.১৪১$ $\therefore \frac{১}{১১}$ সবচেয়ে ছোট

০২। কোনটি ক্ষুদ্রতম সংখ্যা?

(a) $\frac{৭}{৩৬}$ (b) $\frac{১১}{৪৫}$ (c) $\frac{২}{৯}$ (d) $\frac{৪}{২৭}$

উত্তরঃ (d) $\frac{৪}{২৭}$

ব্যাখ্যাঃ $\frac{৭}{৩৬} < \frac{১১}{৪৫}$ কারণ $(৭ \times ৪৫) = ৩১৫ < (১১ \times ৩৬) = ৩৯৬$

$\frac{২}{৯} > \frac{৪}{২৭}$ কারণ $(২ \times ২৭) = ৫৪ > (৪ \times ৯) = ৩৬$

$\frac{৭}{৩৬} > \frac{৪}{২৭}$ কারণ $(৭ \times ২৭) = ১৮৯ > (৪ \times ৩৬) = ১৪৪$ $\therefore \frac{৪}{২৭}$ ক্ষুদ্রতম

০৩। কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম?

(a) $\frac{১৭}{২১}$ (b) $\frac{৫}{৬}$ (c) $\frac{১২}{১৫}$ (d) $\frac{১১}{১৪}$

উত্তরঃ (d) $\frac{১১}{১৪}$

ব্যাখ্যাঃ $\frac{১৭}{২১} < \frac{৫}{৬}$ কারণ $(১৭ \times ৬) = ১০২ < (৫ \times ২১) = ১০৫$

$\frac{১২}{১৫} > \frac{১১}{১৪}$ কারণ $(১২ \times ১৪) = ১৬৮ > (১১ \times ১৫) = ১৬৫$

$\frac{১৭}{২১} > \frac{১১}{১৪}$ কারণ $(১৭ \times ১৪) = ২৩৮ > (১১ \times ২১) = ২৩১$ $\therefore \frac{১১}{১৪}$ ক্ষুদ্রতম

০৪। নিম্নের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?

(a) $\frac{২}{৩}$ (b) $\frac{৩}{৪}$ (c) $\frac{৫}{৯}$ (d) $\frac{৭}{১২}$

উত্তরঃ (c) $\frac{৫}{৯}$

ব্যাখ্যাঃ $\frac{২}{৩} > \frac{৫}{৯}$ কারণ $২ \times ৯ = (১৮ > (৫ \times ৩) = ১৫$; $\frac{৩}{৪} > \frac{৭}{১২}$ কারণ $২ \times ১২ = ৩৬ > (৫ \times ৪) = ২৮$;
$\frac{৫}{৯} < \frac{৭}{১২}$ কারণ $(৫ \times ১২) = ৬০ < (৭ \times ৯) = ৬৩$; $\therefore \frac{৫}{৯}$ ক্ষুদ্রতম

০৫। নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?

(a) $\frac{৩}{৪}$ (b) $\frac{৫}{৯}$ (c) $\frac{৭}{১২}$ (d) $\frac{১১}{১৮}$

উত্তরঃ (b) $\frac{৫}{৯}$

ব্যাখ্যাঃ $\frac{৩}{৪} > \frac{৭}{১২}$ কারণ $(৩ \times ১২) = ৩৬ > (৭ \times ৪) = ২৮$; $\frac{৫}{৯} < \frac{১১}{১৮}$ কারণ $(৫ \times ১৮) = ৯০ < (১১ \times ৯) = ৯৯$
$\frac{৭}{১২} > \frac{৫}{৯}$ কারণ $(৭ \times ৯) = ৬৩ > (৫ \times ১২) = ৬০$; $\therefore \frac{৫}{৯}$ ক্ষুদ্রতম

Case-2 : বৃহত্তম ভগ্নাংশ নির্ণয়

কতিপয় উদাহরণঃ

০১। নিচের উল্লিখিত ভগ্নাংশগুলোর মধ্যে কোনটির মান সবচেয়ে বেশি?

(a) $\frac{১}{২৫}$ (b) $\frac{১}{১৯}$ (c) $\frac{১}{১৫}$ (d) $\frac{১}{১২}$

উত্তরঃ (d) $\frac{১}{১২}$

ব্যাখ্যাঃ $\frac{১}{১২} > \frac{১}{১৫} > \frac{১}{১৯} > \frac{১}{২৫}$ কারণ ভগ্নাংশগুলো সম-লববিশিষ্ট হলে ক্ষুদ্রতর হর বিশিষ্ট ভগ্নাংশ বৃহত্তর হবে।

০২। কোন সংখ্যাটি বৃহত্তম?

(a) ০.৩০ (b) ০.৯০ (c) $\frac{৪}{৫}$ (d) $\frac{৭}{৮}$

উত্তরঃ (b) ০.৯০

ব্যাখ্যাঃ $\frac{৪}{৫} = ০.৮ < ০.৯$, $\frac{৭}{৮} = ০.৮৭৫ < ০.৯$, $০.৩ < ০.৯$,
সুতরাং ০.৯ সংখ্যাটি বড়

০৩। নিচের সংখ্যাগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

(a) $\frac{৯}{৫}$ (b) $\frac{৩}{২}$ (c) $\frac{৭}{৪}$ (d) $\frac{৮}{৩}$

উত্তরঃ (d) $\frac{৮}{৩}$

ব্যাখ্যাঃ যেহেতু, $\frac{৯}{৫} = ১\frac{৪}{৫}$; $\frac{৩}{২} = ১\frac{১}{২}$; $\frac{৭}{৪} = ১\frac{৩}{৪}$; $\frac{৮}{৩} = ২\frac{২}{৩}$;
সুতরাং, $\frac{৮}{৩}$ বৃহত্তম

বিগত বছরের প্রশ্নসমূহ:

০১। কোন সংখ্যাটি বৃহত্তম?

(a) ০.১০০০ (b) ০.০১০ (c) ০.০০১০ (d) ০.০০০১

উত্তরঃ (a) ০.১০০০

[IU-C

০২। নিচের কোন ভগ্নাংশটি বৃহত্তম? [BCS: 39th]

(a) ৬/১১ (b) ৮/১৪ (c) ৩/৫ (d) ৫/৮

উত্তরঃ (d) ৫/৮

ব্যাখ্যাঃ $\frac{৮}{১৪} = ০.৫৭$; $\frac{৩}{৫} = ০.৬$; $\frac{৫}{৮} = ০.৬২$; $\frac{৬}{১১} = ০.৫৫$

০৩। কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম? [BCS: 32th]

(a) $\frac{৫}{৬}$ (b) $\frac{১২}{১৫}$ (c) $\frac{১১}{১৪}$ (d) $\frac{১৭}{২১}$

উত্তরঃ (c) $\frac{১১}{১৪}$

ব্যাখ্যাঃ (a) $\frac{৫}{৬} = ০.৮৩$ (b) $\frac{১২}{১৫} = ০.৮$ (c) $\frac{১১}{১৪} = ০.৭৯$ (d) $\frac{১৭}{২১} = ০.৮১$

০৪। $০.৪\dot{৭}$ কে সাধারণ ভগ্নাংশে পরিণত করলে কত হবে? [BCS: 32th]

(a) $\frac{৪৭}{৯০}$ (b) $\frac{৪৩}{৯০}$ (c) $\frac{৪৩}{৯৯}$ (d) $\frac{৪৭}{৯৯}$

উত্তরঃ (b) $\frac{৪৩}{৯০}$

ব্যাখ্যাঃ $০.৪\dot{৭} = \frac{৪৭-৪}{৯০} = \frac{৪৩}{৯০}$

০৫। কোনটি সবচেয়ে ছোট? [BCS: 31th]

(a) $\frac{2}{11}$ (b) $\frac{3}{11}$ (c) $\frac{2}{13}$ (d) $\frac{4}{15}$

উত্তরঃ (c) $\frac{2}{13}$.

ব্যাখ্যাঃ প্রদত্ত অপশন গুলোর লবগুলোর ল.সা.গু.

$$\begin{array}{r|l} 2 & 2, 3, 2, 4 \\ \hline & 1, 3, 1, 2 \end{array}$$

$\therefore 2 \times 1 \times 3 \times 1 \times 2 = 12$ $\therefore \frac{2}{11} = \frac{2\times6}{11\times6} = \frac{12}{66}; \frac{3}{11} = \frac{3\times4}{11\times4} = \frac{12}{44}$

$\frac{2}{13} = \frac{2\times6}{13\times6} = \frac{12}{78}; \frac{4}{15} = \frac{4\times3}{15\times3} = \frac{12}{45}$ যেহেতু লব সবার সমান তাই হর যার বড় সে সবচেয়ে ছোট। ∴ সঠিক উত্তর হবে $\frac{2}{13}$

০৬। নিচের কোনটি ক্ষুদ্রতম সংখ্যা? [BCS: 30th]

(a) ০.৩ (b) $\sqrt{০.৩}$ (c) $\frac{১}{৩}$ (d) $\frac{২}{৫}$

উত্তরঃ (a) ০.৩।

ব্যাখ্যাঃ $\sqrt{০.৩} = ০.৫৪৭$; $\frac{১}{৩} = ০.৩৩৩$; $\frac{২}{৫} = ০.৪০$

ঐকিক নিয়ম

Type – 1 : দুটি বিষয়ের মধ্যে সমানুপাতিক হিসেবে তুলনা

এক্ষেত্রে একটি বিষয়ের সাথে অন্য বিষয়ের এমন ভাবে সম্পর্ক হয় যেন একটির মান বাড়লে অন্যটির বাড়বে এবং একটির মান কমলে অন্যটির কমবে। যেমন:

উদাহরণ-1: X দৈর্ঘ্যের বস্তুর ছায়ার দৈর্ঘ্য Y হলে X′ দৈর্ঘ্যের বস্তুর ছায়ার দৈর্ঘ্য কত?

সমাধান : X পরিমাণ দৈর্ঘ্যের বস্তুর ছায়ার দৈর্ঘ্য Y

∴ ১ বা একক পরিমাণ দৈর্ঘ্যের বস্তুর ছায়ার দৈর্ঘ্য $\frac{Y}{X}$

∴ X′ পরিমাণ দৈর্ঘ্যের বস্তুর ছায়ার দৈর্ঘ্য $\frac{Y \times X'}{X}$

উদাহরণ-2: X সংখ্যক ব্যক্তির ব্যয় Y টাকা হলে, X′ সংখ্যক ব্যক্তির ব্যয় কত?

সমাধান: X সংখ্যক ব্যক্তির ব্যয় Y টাকা ∴ ১ বা একক সংখ্যক ব্যক্তির ব্যয় $\frac{Y}{X}$ টাকা ∴ X′ সংখ্যক ব্যক্তির ব্যয় $\frac{Y \times X'}{X}$ টাকা

কতিপয় উদাহরণঃ

০১। ৬ ফুট দীর্ঘ একটি বাঁশের ৪ ফুট দীর্ঘ ছায়া হয়। একই সময়ে একটি গাছের ছায়া ৬৪ ফুট লম্বা হয়। গাছটির উচ্চতা কত?

(a) ৯৬ ফুট (b) ৭২ ফুট (c) ১৯২ ফুট (d) ৪৪ ফুট

উত্তরঃ (a) ৯৬ ফুট

ব্যাখ্যাঃ

শর্তমতে, ছায়ার দৈর্ঘ্য-

৪ ফুট হলে মূল বস্তুর দৈর্ঘ্য হবে ৬ ফুট

∴ ১ ফুট হলে মূল বস্তুর দৈর্ঘ্য হবে $\frac{৬}{৪}$ ফুট

∴ ৬৪ ফুট হলে মূল বস্তুর দৈর্ঘ্য হবে $\frac{৬\times৬৪}{৪}$ = ৯৬ ফুট।

S/M

এখানে, X = ৪ ফুট, Y = ৬ ফুট, X′ = ৬৪ ফুট

∴ গাছের উচ্চতা = $\frac{Y\times X'}{X}$

= $\frac{৬\times৬৪}{৪}$ ফুট

= ৯৬ ফুট

০২। ৬ রিম কাগজে ৭০ পৃষ্ঠার ১৫০ টি বই তৈরি হয়। ২ রিম কাগজে ৭০ পৃষ্ঠার কয়টা বই তৈরি হবে?

(a) ৪০টি (b) ৫০টি (c) ৬০টি (d) ৭০টি

উত্তরঃ (b) ৫০টি

ব্যাখ্যাঃ

শর্তমতে, ৬ রিম কাগজে বই তৈরি হয় ১৫০ টি

∴ ১ রিম কাগজে বই তৈরি হয় $\frac{১৫০}{৬}$ টি

∴ ২ রিম কাগজে বই তৈরি হয় $\frac{১৫০\times২}{৬}$ = ৫০ টি।

S/M

এখানে, X = ৬ রিম, Y = ১৫০টি, X′ = ২ রিম

∴ বইয়ের সংখ্যা = $\frac{Y\times X'}{X}$

= $\frac{১৫০\times২}{৬}$ টি = ৫০ টি

০৩। একটি ঘড়ি প্রতিদিন ১০ মিনিট সময় হারায়। কতদিন পর ঘড়িটি এমন অবস্থায় পৌঁছাবে যখন ঘড়িটি সঠিক সময় নির্দেশ করবে?

(a) ৩৬ (b) ৭২ (c) ১২০ (d) কোনোটিই নয়

উত্তরঃ (b) ৭২

ব্যাখ্যাঃ

শর্তমতে,পুনরায় সঠিক নির্দেশ করতে ঘড়িকে ১২ ঘণ্টা সময় হারাতে হবে।

১২ ঘণ্টা = (১২ × ৬০) মিনিট = ৭২০ মিনিট

ঘড়িটি ১০ মিনিট সময় হারায় ১ দিনে

∴ ঘড়িটি ১ মিনিট সময় হারায় $\frac{১}{১০}$ দিনে

∴ ঘড়িটি ৭২০ মিনিট সময় হারায় $\frac{৭২০}{১০}$ দিনে বা ৭২ দিনে

S/M

এখানে, X = ১০ মিনিট, Y = ১ দিন, X′ = ১২ ঘণ্টা

= (১২ × ৬০)মিনিট = ৭২০ মিনিট

∴ নির্ণেয় সময় = $\frac{Y\times X'}{X}$ = $\frac{৭২০\times১}{১০}$ দিন

= ৭২ দিন

Type – 2 : দুইটি বিষয়ের মধ্যে ব্যাস্তানুপাতিক হিসেবে তুলনা:

এক্ষেত্রে একটি বিষয়ের সাথে অন্য বিষয়ের এমন ভাবে সর্ম্পক হয় যেন একটির মান বাড়লে অন্যটির কমবে ও একটির মান কমলে অন্যটির বাড়বে। যেমন:

উদাহরণ-1: একটি নির্দিষ্ট পরিমাণ খাবারে X জনের P সময় চললে Y জনের কত সময় চলবে?

এখানে, X জনের চলবে P সময়

∴ ১ জনের চলবে X × P সময়

∴ Y জনের চলবে $\frac{X\times P}{Y}$ সময়

উদাহরণ-2: X জন লোক একটি নির্দিষ্ট কাজ P সময়ে করতে পারলে Y জন লোক ঐ কাজটি কত সময়ে করতে পারবে?

এখানে, X জন লোক কাজটি করতে পারে P সময়ে

∴ ১ জন লোক কাজটি করতে পারে X × P সময়ে

∴ Y জন লোক কাজটি করতে পারে $\frac{X\times P}{Y}$ সময়ে

কতিপয় উদাহরণঃ

০১। যে পরিমাণ খাদ্যে ১০ জন লোকের ৫০ দিন চলে, ঐ পরিমাণ খাদ্যে ৫০ জন লোকের কত দিন চলবে?

(a) ১০ দিন (b) ২০ দিন (c) ৩০ দিন (d) ৫০ দিন

উত্তরঃ (a) ১০ দিন

ব্যাখ্যাঃ

শর্তমতে,

১০ জন লোকের চলে ৫০ দিন

∴ ১ জন লোকের চলে ১০× ৫০ দিন

∴ ৫০ জন লোকের চলে $\frac{১০ \times ৫০}{৫০}$ = ১০ দিন

S/M

এখানে, X = ১০ জন, P = ৫০ দিন, Y = ৫০ জন

∴ নির্ণেয় সময় = $\frac{X \times P}{Y} = \frac{১০ \times ৫০}{৫০}$ দিন = ১০ দিন।

০২। ১৫ জন লোক একটি কাজ ৮ দিনে করতে পারে। ঐ কাজ ২০ জন লোক কত দিনে করতে পারবে?

(a) ৩ দিনে (b) ৪ দিনে (c) ৫ দিনে (d) ৬ দিনে

উত্তরঃ (d) ৬ দিনে

ব্যাখ্যাঃ

শর্তমতে,

১৫ জন লোক একটি কাজ করে ৮ দিনে

∴ ১ জন লোক একটি কাজ করে ১৫ × ৮ দিনে

∴ ২০ জন লোক একটি কাজ করে $\frac{১৫ \times ৮}{২০}$ = ৬ দিনে

S/M

এখানে, X = ১৫ জন, P = ৮ দিন, Y = ২০ জন

∴ নির্ণেয় সময় = $\frac{X \times P}{Y} = \frac{১৫ \times ৮}{২০}$ = ৬ দিনে

০৩। যে পরিমাণ খাদ্যে ১৫ জন লোকের ৪০ দিন চলে, ঐ পরিমাণ খাদ্যে ৪০ জন লোকের কত দিন চলবে?

(a) ১৫ দিন (b) ২০ দিন (c) ২৫ দিন (d) ৩০ দিন

উত্তরঃ (a) ১৫ দিন

ব্যাখ্যাঃ

শর্তমতে,

১৫ জন লোকের যায় ৪০ দিন

∴ ১ জন লোকের যায় ১৫ × ৪০ দিন

∴ ৪০ জন লোকের যায় $\frac{১৫ \times ৪০}{৪০}$ = ১৫ দিন

S/M

এখানে, X = ১৫ জন, P = ৪০ দিন, Y = ৪০ জন

∴ নির্ণেয় সময়= $\frac{X \times P}{Y} = \frac{১৫ \times ৪০}{৪০}$ = ১৫ দিন।

Type – 3 : কাজ ও সময় সম্পর্কিত:

Case - 1 : একাকী কাজ থেকে একত্রে কাজ নির্ণয় সম্পর্কিত

কতিপয় উদাহরণঃ

০১। যদি কোনো একটি কাজ আলাদাভাবে সম্পন্ন করতে করিমের ৪৫ মি: এবং রহিমের ৩০ মি: সময় লাগে তবে উভয়ে একত্রে ঐ কাজটি সম্পন্ন করতে কত মিনিট সময় লাগবে।

(a) ১৮ (b) ১৬ (c) ১৫ (d) ২১

উত্তরঃ (a) ১৮

ব্যাখ্যাঃ

শর্তমতে,

করিম ও রহিম ১ মিনিটে করে কাজটির যথাক্রমে $\frac{১}{৪৫}$ ও $\frac{১}{৩০}$ অংশ

∴ করিম ও রহিম একত্রে ১ মিনিটে করে কাজটির $(\frac{১}{৪৫} + \frac{১}{৩০})$

= $\frac{২+৩}{৯০}$ অংশ = $\frac{১}{১৮}$ অংশ

তারা একত্রে কাজটির $\frac{১}{১৮}$ অংশ করে ১ মিনিটে

∴ তারা একত্রে সম্পূর্ণ কাজটি করে (১৮ × ১) মিনিটে

বা ১৮ মিনিটে।

S/M

এখানে,

T_1 = ৪৫, T_2 = ৩০, T = ?

∴ নির্ণেয় সময় $T = \frac{T_1 T_2}{T_1 + T_2} = \frac{৪৫ \times ৩০}{৪৫ + ৩০}$ = ১৮ মিনিটে।

০২। একটি কাজ ক একা ১৫ দিনে এবং খ একা ১০ দিনে শেষ করতে পারলে, ক ও খ একত্রে ঐ কাজ কত দিনে শেষ করতে পারবে?

(a) ৫ দিনে (b) ৬ দিনে (c) ৮ দিনে (d) ১০ দিনে

উত্তরঃ (b) ৬ দিনে

ব্যাখ্যাঃ শর্তমতে,

ক, ১ দিনে করে কাজটির $\frac{১}{১৫}$ অংশ

খ, ১ দিনে করে কাজটির $\frac{১}{১০}$ অংশ

∴ ক ও খ একত্রে ১ দিনে করে-

কাজটির $(\frac{১}{১৫}+\frac{১}{১০})$ বা $\frac{২+৩}{৩০}$ অংশ বা $\frac{৫}{৩০}$ অংশ

তারা একত্রে কাজটির $\frac{৫}{৩০}$ অংশ করে ১ দিনে

∴ তা তারা একত্রে সম্পূর্ণ কাজটি করে $\frac{৩০}{৫}$ দিনে বা ৬ দিনে।

S/M

এখানে,

$T_1 = ১৫, T_2 = ১০, T = ?$

∴ নির্ণেয় সময় $T = \frac{T_1T_2}{T_1+T_2} = \frac{১৫\times ১০}{১৫+১০}$ দিনে = ৬ দিন।

০৩। তিনটি মেশিন একটি কাজ যথাক্রমে ৪,৫,৬ ঘণ্টায় করতে পারে। প্রথম দুইটি মেশিন সর্বোচ্চ ক্ষমতায় একত্রে কাজ করে এ ঘণ্টায় কতটুকু কাজ করতে পারবে?

(a) $\frac{১১}{৩০}$ (b) $\frac{৯}{২০}$ (c) $\frac{৩}{৫}$ (d) $\frac{১১}{১৫}$

উত্তরঃ (b) $\frac{৯}{২০}$

ব্যাখ্যাঃ

শর্তমতে,

১ম মেশিন , ১ ঘণ্টায় করে কাজটির $\frac{১}{৪}$ অংশ

বি.দ্র: সমানুপাতের চারটি রাশি এক জাতীয় হওয়ার দরকার নেই। প্রত্যেক অনুপাতের দুইটি রাশি একজাতীয় হলেই চলবে।

কতিপয় উদাহরণঃ

০১। যদি a : b = 3 : 2 এবং b : c = 7 : 6 হয়, তবে c : a = কত?

(a) 4 : 7 (b) 2 : 6 (c) 3 : 7 (d) 2 : 7

উত্তরঃ (a) 4 : 7

ব্যাখ্যাঃ a : b = 3 : 2

b : c = 7 : 6

a : b : c = (3 × 7) : (2 × 7) : (2 × 6) = 21 : 14 : 12 ∴ c : a = 12 : 21 = 4 : 7

০২। করিম ও রহিমের নম্বরের অনুপাত ৩ : ৪ এবং রহিম ও মোহনের নম্বরের অনুপাত ৬ : ৭ । তাহলে করিম ও মোহনের নম্বরের অনুপাত কত?

(a) ৪ : ৭ (b) ২ : ৩ (c) ২ : ৭ (d) ৯ : ১৪

উত্তরঃ (d) ৯ : ১৪

ব্যাখ্যাঃ করিমের নম্বর : রহিমের নম্বর = ৩ : ৪

রহিমের নম্বর : মোহনের নম্বর = ৬ : ৭

করিম, রহিম এবং মোহনের নম্বরের অনুপাত = (৩ × ৬) : (৪ × ৬) : (৪ × ৭) = ১৮ : ২৪ : ২৮ = ৯ : ১২ : ১৪।

করিম এবং মোহনের নম্বরের অনুপাত = ৯ : ১৪।

০৩। ক : খ = 4 : 7 এবং খ : গ = 5 : 6 হলে ক : খ : গ = ?
(a) 20 : 35: 42 (b) 20 : 35: 40 (c) 23 : 35: 42 (d) 10 : 35: 42

উত্তরঃ (a) 20 : 35: 42
ব্যাখ্যাঃ ক : খ = 4 : 7
খ : গ = 5 : 6
ক : খ : গ = (4× 5) : (7 × 5) : (6 × 7) = 20 : 35: 42 ∴ ক : খ : গ = 20 : 35: 42

০৪। কিছু টাকা ক, খ ও গ- এর মধ্যে সমানভাবে ভাগ করে দেয়া হলো যাতে ক-এর অংশ খ-এর দ্বিগুণের সমান ও খ-এর অংশ গ-এর ৪ গুণের সমান। তাহলে তাদের অংশের অনুপাত কত?
(a) ৮ : ৪ : ১ (b) ১ : ২ : ৪ (c) ৮ : ২ : ৪ (d) ২ : ৪ : ২

উত্তরঃ (a) ৮ : ৪ : ১
ব্যাখ্যাঃ ক এর অংশ : খ এর অংশ = ২ : ১
খ এর অংশ : গ এর অংশ = ৪ : ১
ক : খ = ২ : ১
খ : গ = ৪ : ১
ক : খ : গ =(২ × ৪) : (১ × ৪) : (১ × ১) = ৮ : ৪ : ১ ∴ক, খ এবং গ এর অংশের অনুপাত = ৮ : ৪ : ১

০৫। মনির ও তপনের আয়ের অনুপাত ৪ : ৩। তপন ও রবিনের আয়ের অনুপাত ৫ : ৪। মনিরের আয় ১২০ টাকা হলে রবিনের আয় কত?
(a) ৭৫ টাকা (b) ৭৮ টাকা (c) ৮০ টাকা (d) ৭২ টাকা

উত্তরঃ (d) ৭২ টাকা
ব্যাখ্যাঃ মনির : তপন = ৪ : ৩
তপন : রবিন = ৫ : ৪
মনির : তপন : রবিন = (৪ × ৫) : (৩ × ৫) : (৪ × ৩) = ২০ : ১৫ : ১২
∴রবিনের আয় = $\frac{১২ \times ১২০}{২০}$ বা ৭২ টাকা।

Type – 1 : উত্তর ও পূর্ব রাশির মান নির্ণয়

দুইটি রাশির অনুপাত a : b। পূর্বরাশি C হলে, উত্তররাশি কত?	দুইটি রাশির অনুপাত a : b। উত্তররাশি C হলে, পূর্বরাশি কত?
সমাধান: $\frac{C\ (\text{পূর্বরাশি})}{\text{উত্তররাশি}} = \frac{a}{b}$ উত্তররাশি = $\frac{C\ (\text{পূর্বরাশি}) \times b}{a}$	সমাধান: $\frac{\text{পূর্বরাশি}}{C\ (\text{উত্তররাশি})} = \frac{a}{b}$ পূর্বরাশি = $\frac{C\ (\text{উত্তররাশি}) \times a}{b}$

কতিপয় উদাহরণঃ

০১। দুইটি রাশির অনুপাত ৪ : ৭। পূর্ব রাশি ২৪ হলে উত্তর রাশি কত?
(a) ৪২ (b) ৪৯ (c) ৫৬ (d) ৬৪

উত্তরঃ (a) ৪২
ব্যাখ্যাঃ $\frac{২৪}{\text{উত্তর রাশি}} = \frac{৪}{৭}$ ∴উত্তর রাশি = $\frac{৭ \times ২৪}{৪}$ = ৪২।

০২। দুইটি রাশির অনুপাত ৫ : ১১। উত্তর রাশি ৯৯ হলে পূর্ব রাশি কত?
(a) ৪২ (b) ৪৫ (c) ৪৮ (d) ৫৬

উত্তরঃ (b) ৪৫
ব্যাখ্যাঃ $\frac{\text{পূর্ব রাশি}}{৯৯} = \frac{৫}{১১}$ ∴ পূর্ব রাশি = $\frac{৫ \times ৯৯}{১১}$ = ৪৫।

Type – 2 : লুপ্ত পদ নির্ণয়

a : b = c : d ⇒ $\frac{a}{b} = \frac{c}{d}$
এখানে a, b, c ও d এর মধ্যে যেকোনো তিনটির মান দেওয়া থাকলে চতুর্থটির মান উপরিউক্ত সূত্রের সাহায্যে পাওয়া যায়।

কতিপয় উদাহরণঃ

০১। লুপ্ত পদ নির্ণয় করুন :
১২ : ১৬ :: x : ২০
(a) ১৮ (b) ১৫ (c) ১০ (d) ২২
উত্তরঃ (b) ১৫
ব্যাখ্যাঃ $\frac{১২}{১৬} = \frac{x}{২০}$ ∴ $x = \frac{১২ \times ২০}{১৬} = ১৫$।

০২। ৪ : ৫ = ১২ : x হলে x –এর মান কত হবে?
(a) ১২ (b) ১৩ (c) ১৪ (d) ১৫
উত্তরঃ (d) ১৫
ব্যাখ্যাঃ ৪ : ৫ = ১২ : x বা, $\frac{৪}{৫} = \frac{১২}{x}$ ∴ $x = \frac{১২ \times ৫}{৪} = ১৫$।

Type – 3 : অনুপাতের হ্রাস/বৃদ্ধি

যেকোনো সংখ্যাকে a : b অনুপাতে হ্রাস বা বৃদ্ধি করলে নতুন সংখ্যা হবে-
$\frac{\text{নতুন সংখ্যা}}{\text{যেকোনো সংখ্যা}} = \frac{a}{b}$ ∴ নতুন সংখ্যা = $\frac{\text{যেকোনো সংখ্যা} \times a}{b}$

কতিপয় উদাহরণঃ

০১। ২৪ কে ৭ : ৬ অনুপাতে বৃদ্ধি করলে নতুন সংখ্যা হবে-
(a) ২৮ (b) ৩২ (c) ৩৫ (d) ৩৮
উত্তরঃ (a) ২৮
ব্যাখ্যাঃ $\frac{\text{নতুন সংখ্যা}}{২৪} = \frac{৭}{৬}$ ∴ নতুন সংখ্যা = $\frac{৭ \times ২৪}{৬} = ২৮$।

০২। ৯৬ কে ৭ : ৪ অনুপাতে বর্ধিত করলে নতুন সংখ্যাটি হবে-
(a) ১৬৬ (b) ১৬৮ (c) ১৭০ (d) ১৭২
উত্তরঃ (b) ১৬৮
ব্যাখ্যাঃ $\frac{\text{নতুন সংখ্যা}}{৯৬} = \frac{৭}{৪}$ ∴ নতুন সংখ্যা = $\frac{৭ \times ৯৬}{৪} = ১৬৮$।

Type – 4 : অজানা অনুপাতের মান নির্ণয়

কতিপয় উদাহরণঃ

০১। ক ও খ-এর বেতনের অনুপাত ৭ : ৫। ক, খ অপেক্ষা ৪০০ টাকা বেশি বেতন পেলে খ-এর বেতন কত?
(a) ৯০০ টাকা (b) ১০০০ টাকা (c) ১১০০ টাকা (d) ১৬০০ টাকা
উত্তরঃ (b) ১০০০ টাকা
ব্যাখ্যাঃ অনুপাতটির রাশিদ্বয়ের পার্থক্য = ৭ – ৫ = ২
অনুপাতটির রাশি ২ সমতুল্য ৪০০ টাকা
অনুপাতটির রাশি ১ সমতুল্য $\frac{৪০০}{২}$ টাকা
অনুপাতটির রাশি ৫ সমতুল্য $\frac{৪০০ \times ৫}{২}$ = ১০০০ টাকা।

০২। ১৪৩ টাকাকে ২ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে, বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য কত টাকা হবে?
(a) ৩৬ টাকা (b) ৩৯ টাকা (c) ৪০ টাকা (d) ৪২ টাকা
উত্তরঃ (b) ৩৯ টাকা
ব্যাখ্যাঃ অনুপাতটির রাশিগুলোর যোগফল = ২ + ৪ + ৫ = ১১
অনুপাতটির বৃহত্তম ও ক্ষুদ্রতম রাশির পার্থক্য = ৫ – ২ = ৩
নির্ণেয় পার্থক্য = $(১৪৩ \times \frac{৩}{১১})$ = ৩৯ টাকা।

০৩। দুটি সংখ্যার যোগফল ৮। যদি সংখ্যাগুলো ৩ : ১ অনুপাত থাকে, তবে সংখ্যাগুলোর গুণফল হবে-
(a) ১০ (b) ১২ (c) ১৫ (d) ১৮

উত্তরঃ (b) ১২
ব্যাখ্যাঃ অনুপাতটির রাশিদ্বয়ের যোগফল = ৩ + ১ = ৪
একটি সংখ্যা = ৮ × $\frac{৩}{৪}$ = ৬; অপর সংখ্যা = ৮ - ৬ = ২
সংখ্যাদ্বয়ের গুণফল = ৬ × ২ = ১২।

০৪। দুটি ক্রমিক জোড় সংখ্যার অনুপাত ১ : ২। সংখ্যা দুটি নির্ণয় করুন।
(a) ১ এবং ২ (b) ২ এবং ৪ (c) ৪ এবং ৮ (d) ৮ এবং ১৬

উত্তরঃ (b) ২ এবং ৪
ব্যাখ্যাঃ ক্রমিক জোড় সংখ্যার একটি x হলে অপরটি x + ২
শর্তমতে, x : (x + ২) = ১ : ২ বা, $\frac{x}{x+২} = \frac{১}{২}$ বা, ২x = x + ২ ∴x = ২ সুতরাং সংখ্যা দুটি ২ এবং ৪।

০৫। কোন অনুপাতের উভয় পদের সঙ্গে ১ যোগ করলে অনুপাতটি ৩ : ৪ এবং উভয় পদ থেকে ১ বিয়োগ করলে অনুপাতটি ২ : ৩ হবে?
(a) ২ : ৫ (b) ৪ : ৯ (c) ৬ : ১১ (d) ৫ : ৭

উত্তরঃ (d) ৫ : ৭
ব্যাখ্যাঃ ধরি, ১ যোগ করার পর অনুপাতের পদ দুটি ৩x ও ৪x, তাহলে মূল অনুপাতের পদ দুটি ৩x – ১ ও ৪x – ১ হবে।
শর্তমতে, $\frac{(৩x-১)-১}{(৪x-১)-১} = \frac{২}{৩}$
বা, $\frac{৩x-২}{৪x-২} = \frac{২}{৩}$ বা, ৯x - ৬ = ৮x - ৪ ∴x = ২
∴নির্ণেয় অনুপাত = (৩ × ২ – ১) : (৪ × ২ – ১)= (৬ – ১) : (৮ – ১) = ৫ : ৭।

Type – 5 : বিভিন্ন শর্তে অনুপাত নির্ণয়

কতিপয় উদাহরণঃ

০১। এক খণ্ড রশিকে ৩ : ৪ অনুপাতে কর্তন করা হল। বৃহত্তর অংশ ১২.৮ মিটার হলে, ক্ষুদ্রতর অংশ হবে-
(a) ৮.২ মিটার (b) ৯.৬ মিটার (c) ৯.৮ মিটার (d) ১০.২ মিটার

উত্তরঃ (b) ৯.৬ মিটার
ব্যাখ্যাঃ অনুপাতটির রাশি ৪ সমতুল্য ১২.৮ মিটার
অনুপাতটির রাশি ১ সমতুল্য $\frac{১২.৮}{৪}$ মিটার
অনুপাতটির রাশি ৩ সমতুল্য $\frac{১২.৮ \times ৩}{৪}$ = ৯.৬ মিটার

০২। এক ব্যক্তির মাসিক আয় ও ব্যয়ের অনুপাত ৫ : ৩ এবং তার মাসিক সঞ্চয় ১০,০০০ হলে তিনি কত টাকা আয় করেন?
(a) ২০,০০০ (b) ২২,৫০০ (c) ২৫,০০০ (d) ৩০,০০০

উত্তরঃ (c) ২৫,০০০
ব্যাখ্যাঃ ধরি, মাসিক আয় ৫x টাকা, তাহলে মাসিক ব্যয় ৩x টাকা
মাসিক সঞ্চয় = (৫x – ৩x) টাকা = ২x টাকা
শর্তমতে, ২x = ১০০০০ ∴x = ৫০০০
মাসিক আয় = (৫ × ৫০০০) = ২৫০০০ টাকা

বিগত বছরের প্রশ্নসমূহ

০১। x:y এর ব্যস্তানুপাত হবে- [JU-B: 18-19]
(a) $\frac{1}{x}:\frac{1}{y}$ (b) $\sqrt{x}:\sqrt{y}$ (c) $y:\frac{1}{x}$ (d) y : x

উত্তরঃ (a) $\frac{1}{x}:\frac{1}{y}$
ব্যাখ্যাঃ x : y এর ব্যাস্তানুপাত $\frac{1}{x}:\frac{1}{y}$

০২। যদি K:L = 2:3 হয় এবং L:M = 4: 5 হয় তবে M:K = ?

(a) 8:15 (b) 12:10 (c) 8:5

উত্তরঃ (d) 15:8

ব্যাখ্যাঃ K:L = 2 : 3 = 8 : 12

L:M = 4 : 5 = 12 : 15 ∴ K:M = 8 : 15 ⇒ M:K = 15 : 8

০৩। একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 1 : 1 : 2 হলে ত্রিভুজটি হবে – [JU-B: 18-19]

(a) সূক্ষ্মকোণী ত্রিভুজ (b) স্থূলকোণী ত্রিভুজ (c) সমকোণী ত্রিভুজ (d) সমবাহু ত্রিভুজ

উত্তরঃ (c) সমকোণী ত্রিভুজ

ব্যাখ্যাঃ প্রশ্নমতে A : B : C = 1 : 1 : 2

তাহলে $A = \theta, B = \theta, C = 2\theta$ ∴ $\theta + \theta + 2\theta = 180° \Rightarrow 4\theta = 180° \Rightarrow \theta = 45°$

$2\theta = 2 \times 45° = 90°$ ∴ ত্রিভুজটি সমকোণী

০৪। যদি $x : y = 7 : 5$ হয় এবং $y : z = 5 : 7$ হয় তবে $\frac{x}{z} =$ কত? [JU-B: 18-19]

(a) $\frac{35}{49}$ (b) $\frac{35}{35}$ (c) $\frac{49}{35}$ (d) $\frac{25}{49}$

উত্তরঃ (b) $\frac{35}{35}$

ব্যাখ্যাঃ $x : y = 7 : 5$ এবং $y : z = 5 : 7$ হলে,

$x : y : z = 7 : 5 : 7 \Rightarrow \frac{x}{z} = \frac{7}{7} = \frac{35}{35}$

০৫। ক্রিকেট খেলায় সাকিব, মুশফিক ও মাশরাফি 171 রান করলো। সাকিব ও মুশফিক এবং মুশফিকের ও মাশরাফির রানের অনুপাত 3 : 2 হলে নিচের কোন সংখ্যাটি সাকিব, মুশফিক কিংবা মাশরাফির কারও রান নয়? [JU-B: 18-19]

(a) 36 (b) 42 (c) 54 (d) 81

উত্তরঃ (b) 42

ব্যাখ্যাঃ সাকিব = x রান, মুশফিক = y রান এবং মাশরাফি = z রান করে। তাহলে, $x + y + z = 171$ ……… (i)

প্রশ্নমতে, $\frac{x+y}{y+z} = \frac{3}{2} \Rightarrow 2x + 2y + 3z \Rightarrow 2x - y = 3z$

এখানে, $36 + 54 + 81 = 171$

আবার, $2 \times 81 - 54 = 108, \frac{108}{3} = 36$ ∴ 42, কারও রান নয়।

০৬। একটি জমিতে সেচের সুযোগ আসার আগে ও পরের ফলনের অনুপাত 4:7। ঐ জমিতে আগে 304 মণ ধান ফলতো, সেচ পাওয়ার পর তার ফলন কত হবে? [JU-B: 18-19]

(a) 500 মণ (b) 532 মণ (c) 552 মণ (d) 582 মণ

উত্তরঃ (b) 532 মণ

ব্যাখ্যাঃ ধরি, জমিতে সেচের আগের ফলন = $4x$

"" পরের " ” ” ” ” = $7x$

প্রশ্নমতে, $4x = 304 \Rightarrow x = 76 \Rightarrow 7x = 76 \times 7 = 532$

০৭। পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত ৫:২। 8 বছর পূর্বে তাদের বয়সের অনুপাত ছিল ১১:৪। বর্তমানে পুত্রের বয়স কত? [IU-D: 18-19]

(a) ২৮ (b) ৩২ (c) ২৪ (d) ৩৪

উত্তরঃ (a) ২৮

ব্যাখ্যাঃ ধরি, পিতার বর্তমান বয়স 5x পুত্রের বর্তমান বয়স 2x

প্রশ্নানুসারে,

$5x - 4 : 2x - 4 = 11 : 4$ বা, $\frac{5x-4}{2x-4} = \frac{11}{4}$ বা, $20 - 16 = 22x - 44$ ∴ $2x = 28$ ∴বর্তমান পুত্রের বয়স 28 বছর।

০৮। একটি জমির ক্ষেত্রফল 432 বর্গমিটার। ঐ জমির দৈর্ঘ্য ও প্রস্থের সঙ্গে অপর একটি জমির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত যথাক্রমে 3:4 এবং 2:5, অপর জমিটির ক্ষেত্রফল কত? [JU-B: 17-18]
(a) 1560 বর্গমিটার (b) 1440 বর্গমিটার (c) 1320 বর্গমিটার (d) 890 বর্গমিটার

উত্তরঃ (b) 1440 বর্গমিটার
ব্যাখ্যাঃ দেওয়া আছে, ১ম জমির দৈর্ঘ্য: ২য় জমির দৈর্ঘ্য= 3:4 এবং ১ম জমির প্রস্থ: ২য় জমির প্রস্থ = 2:5 এবং ১ম জমির ক্ষেত্রফল = 432 বর্গমি.
এখন, ১ম জমির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত = 3:2
ধরি, ১ম জমির দৈর্ঘ্য 3x এবং প্রস্থ 2x
∴ প্রশ্নমতে, $3x \times 2x = 432 \Rightarrow x^2 = 72$
এখন, ২য় জমির ক্ষেত্রে পাই,
$4x \times 5x = 20x^2 = 20 \times 72 = 1440$ বর্গ মি.
[∵ ২য় জমির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ১ম জমির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাতে প্রকাশ করা]

০৯। কোন মিশ্রণে পানি ও সিরাপের অনুপাত 2 : 3 হলে, এতে শতকরা কত ভাগ পানি আছে? [JU-B: 17-18]
(a) 20 (b) 30 (c) 40 (d) 50

উত্তরঃ (c) 40
ব্যাখ্যাঃ শতকরা পানির পরিমাণ $= \frac{2}{5} \times 100 = 40$

১০। একটি ত্রিভুজের পরিসীমা 45 সে.মি.। বাহুগুলোর দৈর্ঘ্যের অনুপাত 3:5:7 হলে, প্রত্যেক বাহুর পরিমাণ কত? [JU-B: 17-18]
(a) 9, 15, 21 (b) 10, 15, 21 (c) 12, 25, 35 (d) 6, 15, 14

উত্তরঃ (a) 9, 15, 21
ব্যাখ্যাঃ ধরি, বাহুগুলোর অনুপাত, a:b:c = 3:5:7
$\therefore a = \frac{3}{15} \times 45 = 9; b = \frac{5}{15} \times 45 = 15; \quad c = \frac{7}{15} \times 45 = 21$
∴ নির্ণেয় ত্রিভুজটির বাহুত্রয় 9 সে.মি, 15 সে.মি, 21 সে.মি

১১। যদি ক:খ =3:4 এবং খ:গ =2:7 হয়, তবে গ:ক = কত? [JU-B: 16-17]
(a) 14:3 (b) 3:14 (c) 7:3 (d) 3:7

উত্তরঃ (a) 14:3
ব্যাখ্যাঃ ক : খ = 3 : 4
$=(3\times2) : (4\times2) = 6:8$
খ : গ = 2 : 7 = (2×4) : (7 ×4) = 8 : 28 ∴ ক : খ : গ = 6 : 8 : 28 ∴ গ : ক = 28 : 6 = 14 : 3

১২। একটি ত্রিভুজের পরিসীমা 75 মিটার। বাহুগুলোর দৈর্ঘ্যের অনুপাত 3 : 5 : 7 হলে, বৃহত্তম বাহুর দৈর্ঘ্য কত? [JU-B: 16-17]
(a) 49 মিটার (b) 39 মিটার (c) 35 মিটার (d) 30 মিটার

উত্তরঃ (c) 35 মিটার
ব্যাখ্যাঃ অনুপাতগুলোর যোগফল = 3 + 5 + 7 = 15
বৃহত্তম বাহুর দৈর্ঘ্য $= 75 \times \frac{7}{15} = 35$

১৩। যদি A:B = 5:7 এবং B:C =3:5 হয়, তবে C:A= কত ? [JU-B: 16-17]
(a) 3:7 (b) 3:5 (c) 7:3 (d) 5:3

উত্তরঃ (c) 7:3
ব্যাখ্যাঃ A:B =5:7 = (5×3) : (7 × 3) =15 :21
B:C = 3:5 = (3×5) : (5×7) = 21: 35
C:A = 35:15 = 7:3

১৪। একটি ত্রিভুজের পরিসীমা 60 মিটার। বাহুগুলোর দৈর্ঘ্যের অনুপাত 3 : 5 : 7 হলে, বৃহত্তম বাহুর দৈর্ঘ্য কত? [JU-B: 16-17]
(a) 25 মিটার (b) 35 মিটার (c) 28 মিটার (d) 36 মিটার

উত্তরঃ (c) 28 মিটার
ব্যাখ্যাঃ অনুপাতগুলোর যোগফল= 3+5+7=15
∴ বৃহত্তম বাহুর দৈর্ঘ্য = 60 এর $\frac{7}{15}$ = 28 মিটার

১৫। যদি ক : খ = 2:3 এবং খ : গ = 4:5 হয়, তবে গ : ক =? [JU-B: 16-17]
(a) 12 : 10 (b) 15 : 8 (c) 8 : 5 (d) 2 : 5

উত্তরঃ (b) 15 : 8
ব্যাখ্যাঃ ক : খ = 2:3 =(2×4) : (3×4) = 8 : 12
খ : গ = 4:5 = (4×3) : (5×3) = 12 :15 ∴ ক : খ : গ = 8: 12 : 15 ∴ গ : ক = 15 : 8

১৬। $p:q = 3:4$ হলে $3p:4q$ =? [JU-B: 15-16]
(a) 9:16 (b) 3:4 (c) 16:9 (d) 1:2

উত্তরঃ (a) 9:16

১৭। একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 2:3:5, ক্ষুদ্রতম কোণ কোনটি? [JU-B: 15-16]
(a) 54° (b) 36° (c) 96° (d) 72°

উত্তরঃ (b) 36°

১৮। $M:N = 3:5$ হলে $5M:6N$ =? [JU-B: 15-16]
(a) 1:2 (b) 15:30 (c) 3:5 (d) 5:6

উত্তরঃ (b) 15:30

১৯। একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 3:5:7, বৃহত্তম কোণ কোনটি? [JU-B: 15-16]
(a) 75° (b) 90° (c) 84° (d) 120°

উত্তরঃ (c) 84°

২০। ধানে চাল ও তুষের অনুপাত ৭:৩ হলে এতে শতকরা কী পরিমাণ চাল আছে? [IU-C: 14-15]
(a) ৭০% (b) ৬৫% (c) 8০% (d) ৮০%

উত্তরঃ (a) ৭০%

২১। পনির ও তপনের আয়ের অনুপাত 4:3 । তপন ও রবিনের আয়ের অনুপাত 5:4 । পনিরের আয় 120 টাকা হলে, রবিনের আয় কত? [BCS: 40th]
(a) 36 টাকা (b) 12 টাকা (c) 72 টাকা (d) 48 টাকা

উত্তরঃ (c) 72 টাকা
ব্যাখ্যাঃ পনির : তপন = 4 : 3 = $(4\times5):(3\times5) = 20:15$
এবং, তপন : রবিন = 5 : 4 = $(5\times3):(4\times3) = 15:12$ ∴ পনির, তপন ও রবিনের আয় যথাক্রমে 20x, 15x এবং 12x টাকা।
প্রশ্নমতে, $20x = 120 \therefore x = 6$ ∴ রবিনের আয় = $12\times6 = 72$ টাকা।

২২। 261 টি আম তিন ভাইয়ের মধ্যে $\frac{1}{3}:\frac{1}{5}:\frac{1}{9}$ অনুপাতে ভাগ করে দিলে প্রথম ভাই কতটি আম পাবে? [BCS: 37th]
(a) 45 (b) 81 (c) 90 (d) 135

উত্তরঃ (d) 135.
ব্যাখ্যাঃ ভাইদের মধ্যে আমগুলোর অনুপাত = $\frac{1}{3}:\frac{1}{5}:\frac{1}{9}$
অনুপাতের রাশিগুলোর যোগফল = $\frac{1}{3}+\frac{1}{5}+\frac{1}{9} = \frac{15+9+5}{45} = \frac{99}{45}$
∴ প্রথম ভাই আম পাবে = $261\times\left(\frac{1}{3}\div\frac{29}{45}\right) = 261\times\frac{1}{3}\times\frac{45}{29} = 135$ টি

২৩। 60 লিটার ফলের রসে আম ও কমলার অনুপাত 2ঃ1। কমলার রসের পরিমাণ কত লিটার বৃদ্ধি করলে অনুপাতটি 1ঃ 2 হবে? [BCS: 35th]
(a) 40 (b) 50 (c) 60 (d) 70

উত্তরঃ (c) 60
ব্যাখ্যাঃ 60 লিটার ফলের রসে আম 40 এবং কমলা 20 লিটার
ধরি, x লি. কমলার রস মিশালে অনুপাত 1 : 2 হবে। ∴ $\frac{40}{20+x} = \frac{1}{2} \Rightarrow x+20 = 80 \therefore x = 60$

২৪। ২০ ফুট লম্বা একটি বাঁশ এমনভাবে কেটে দু'ভাগ করা হলো যেন ছোট অংশ বড় অংশের দুই তৃতীয়াংশ হয়, ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট? [BCS: 34th]
(a) ৬ (b) ৭ (c) ৮ (d) ১০

উত্তরঃ (c) ৮
ব্যাখ্যাঃ মনে করি, বড় অংশের দৈর্ঘ্য ক ফুট
এবং ছোট " " ক এর $\frac{২}{৩} = \frac{২ক}{৩}$ ফুট

প্রশ্নমতে, ক + $\frac{২ক}{৩}$ = ২০ বা, $\frac{৩ক + ২ক}{৩}$ = ২০ বা, ৫ক = ৬০ ∴ ক = ১২ ∴ ছোট অংশের দৈর্ঘ্য $\frac{২\times১২}{৩}$ = ৮ ফুট

২৫। ৩, ৯ ও ৪ এর চতুর্থ সমানুপাতিক কত? [BCS: 30th]
(a) ৪ (b) ১৪ (c) ১৬ (d) ১২

উত্তরঃ (d) ১২ ।

ব্যাখ্যাঃ ধরি, চতুর্থ সমানুপাতিক = x

প্রশ্নমতে, ৩ : ৯ = ৪ : x বা, $\frac{৩}{৯} = \frac{৪}{x}$ ∴ x = ১২

Practice Problem-01

Written

০১। ভাজ্য কত হলে ভাজক ভাগফলের ৩ গুণ এবং ভাগশেষ ৪ ও ভাজক ৩০ হবে?
০২। কোনো শ্রেণিতে যতজন ছাত্র-ছাত্রী পড়ে প্রত্যেকে তার সহপাঠীর সংখ্যার সমান টাকা চাঁদা দেওয়ায় মোট ৪২০ টাকা চাঁদা উঠলো। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রী সংখ্যা কত?
০৩। ১২৫ টি কলম ও ১৪৫টি পেন্সিল কতজনের মধ্যে সমানভাবে ভাগ করে দেয়া যায়?
০৪। সর্বমোট কত সংখ্যক গাছ হলে একটি বাগানে ৭, ১৪, ২১, ৩৫, ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম বা বেশি হবে না?
০৫। ১৫ জন লোক একটি কাজ সম্পন্ন করে ৩ ঘণ্টায়, ৫ জন লোক ঐ কাজ কত ঘণ্টায় শেষ করবে?
০৬। একটি কাজ ক একা ৬ দিনে এবং খ একা ১২ দিনে শেষ করলে ক ও খ একত্রে কাজটি কত দিনে শেষ করতে পারবে?
০৭। একজন বোলার গড়ে ১৭ রান দিয়ে ৭ টি উইকেট পান। পরবর্তী ইনিংসে গড়ে ৮ রান দিয়ে ৩টি উইকেট পান। তিনি উইকেট প্রতি গড়ে কত রান দিয়েছেন?
০৮। একটি ঘড়ি ৫৬০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হলে ঘড়িটির ক্রয়মূল্য কত?
০৯। শতকরা বার্ষিক ১৫% সুদে ৮,০০০ টাকার ৬ মাসের সুদ কত?
১০। ২০ ফুট লম্বা একটি বাঁশ এমনভাবে কেটে দু'ভাগ করা হলো যেন ছোট অংশ বড় অংশের দুই তৃতীয়াংশ হয়, ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট?

MCQ

০১। $\frac{৩}{৫}$ ও $\frac{৪}{৭}$ এর গ.সা.গু কত?
(a) $\frac{১}{৩৫}$ (b) ৩৫ (c) ১২ (d) $\frac{১}{১২}$

০২। ২টি ঘড়ি যথাক্রমে ১০ ও ২৫ মিনিট অন্তর বাজে। একবার একত্রে বাজার পর আবার কখন ঘড়ি দু'টি একত্রে বাজবে?
(a) ২০ মি. পর (b) ৩০ মি. পর
(c) ৫০ মি. পর (d) ১০০ মি. পর

০৩। ৪ টাকায় ৫টি করে কিনে, ৫ টাকায় ৪টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হয়?
(a) ৪৫.৪৫% (b) ৫৬.২৫%
(c) ৫০.৫% (d) ৪৬.৪৫%

০৪। কোন সংখ্যার ৬০% থেকে ৬০ বিয়োগ করলে বিয়োগফল ৬০ হবে?
(a) ৬০০ (b) ৩০০ (c) ২০০ (d) ৪০০

০৫। ইতির আয় ও ব্যয়ের অনুপাত ২০ : ১৫ হলে তার মাসিক সঞ্চয় আয়ের শতকরা কত অংশ?
(a) ২০% (b) ১৫% (c) ২৫% (d) ৩০%

০৬। একটি দ্রব্য ২৫% লাভে বিক্রয় করলে উহার ক্রয়মূল্য ও বিক্রয় মূল্যের অনুপাত কত?
(a) ৪ : ৫ (b) ৫ : ৪ (c) ৫ : ৬ (d) ৬ : ৫

০৭। বার্ষিক ৮% হার সুদে কত বছরে সুদ-আসলের সমান হয়?
(a) ৮ বছরে (b) ১০ বছরে
(c) ১২$\frac{১}{২}$ বছরে (d) ১৬ বছরে

০৮। সরল সুদের হার শতকরা কত হলে, কোন মূলধন ৮ বছরে সুদে-আসলে ৩ গুণ হবে?
(a) ২০% (b) ১৮% (c) ২৫% (d) ২৮%

০৯। ৬০ লিটার ফলের রসে আম ও কমলার অনুপাত 2:1। কমলার রসের পরিমাণ কত লিটার বৃদ্ধি করলে অনুপাতটি 1:2 হবে?
(a) 40 (b) 50 (c) 60 (d) 70

১০। দুটি সংখ্যার অনুপাত ৫ : ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুটি কত?
(a) ৭ ও ১১ (b) ১২ ও ১৮
(c) ১০ ও ১৬ (d) ১০ ও ২৪

১১। প্রতিটি ৩৬০০ টাকা করে দুটি চেয়ার বিক্রয় করা হয়েছে। একটি ২০% লাভে এবং অপরটি ২০% ক্ষতিতে বিক্রয় করা হয়েছে। সব মিলিয়ে কত লোকসান হয়েছে?
(a) ৩০০ (b) ৬০০ (c) ৯০০ (d) None

১২। এক দিনমজুরকে একটি নির্দিষ্ট সময়ে একটি কাজ ৫৭৫০ টাকায় করার জন্য নিয়োগ দেয়া হলো। কয়েকদিন অনুপস্থিত থাকায় সে ৫০০০ টাকা পেল। তার দৈনিক সর্বোচ্চ মজুরি কত?
(a) ১২৫ টাকা (b) ২৫০ টাকা
(c) ৩৭৫ টাকা (d) ৫০০ টাকা

১৩। সর্বোচ্চ কত সংখ্যক ছাত্র-ছাত্রীর মধ্যে ১০০১টি কলম এবং ৯১০টি খাতা এমন ভাবে ভাগ করে দেওয়া যায় যেন প্রত্যেক ছাত্র-ছাত্রী সমান সংখ্যক কলম ও খাতা পায়?
(a) ৯১ (b) ১০১ (c) ১১১ (d) ১২১

১৪। একটি কম্পিউটার ৬% ক্ষতিতে বিক্রয় করা হয়। যদি বিক্রয় মূল্য ১০০০০ টাকা বেশি হতো তাহলে ৪% লাভ হতো। তাহলে কম্পিউটারের ক্রয়মূল্য কত?
(a) ৬০০০০ (b) ৮০০০০
(c) ১০০০০০ (d) ১২০০০০

১৫। একটি শ্রেণিতে যতজন ছাত্র-ছাত্রী আছে প্রত্যেকে তত পয়সার চেয়ে আরও ১০ পয়সা বেশি করে চাঁদা দেওয়ায় মোট ৯০ টাকা উঠল। ঐ শ্রেণিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা কত?
(a) ৯০ (b) ১০০ (c) ৯৫ (d) ৮০

১৬। a, b, c, d চারটি ক্রমিক স্বাভাবিক সংখ্যা হলে নিচের কোনটি পূর্ণবর্গ হবে?
(a) abcd (b) ab + cd
(c) abcd + 1 (d) abcd − 1

১৭। দুটি সংখ্যার গুণফল 120, তাদের বর্গের যোগফল 289, সংখ্যাদ্বয়ের সমষ্টি কত?
(a) 20 (b) 21 (c) 22 (d) 23

১৮। মীম 240 টাকায় একই রকম কতগুলি কলম কিনে দেখল যে, যদি সে একটি কলম বেশি পেত তাহলে প্রতিটি কলমের মূল্য 1 টাকা কম পড়ত। সে কতগুলো কলম কিনেছিল?
(a) 13 (b) 14 (c) 15 (d) 16

১৯। একটি সংখ্যার তিন-সপ্তমাংশ এর এক-চতুর্থাংশ এর দুই-পঞ্চমাংশের মান 15 । সংখ্যাটির অর্ধেক কত?
(a) 94 (b) 150 (c) 250 (d) 175

২০। কোন সংখ্যার বর্গমূলের সাথে ১০ যোগ করলে যোগফল ৪ এর বর্গ হবে?
(a) ১৬ (b) ২৫ (c) ৩৬ (d) ৯

২১। রশিদ তার বেতন থেকে প্রথম মাসে 1200 টাকা সঞ্চয় করেন এবং পরবর্তী প্রতিমাসে এর পূর্ববর্তী মাসের তুলনায় 200 টাকা বেশি সঞ্চয় করেন। তিনি 19 তম মাসে কত টাকা সঞ্চয় করেন?
(a) 3600 টাকা (b) 5000 টাকা
(c) 4800 টাকা (d) 4600 টাকা

২২। চার অংকের বৃহত্তম সংখ্যা ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?
(a) ১ (b) ৯৯ (c) ৮৯৯৯ (d) ১০০০

২৩। কোনটি মৌলিক সংখ্যা নয়?
(a) ২ (b) ৯৭ (c) ৯১ (d) ৫৩

২৪। $p = \sqrt{2}, q = \sqrt{8}$ হলে, নিচের কোনটি অমূলদ সংখ্যা?
(a) pq (b) $\frac{p}{q}$ (c) $p + q$ (d) $\frac{q}{p}$

২৫। $x^3 + x^2y, x^2y + xy^2$ এর ল.সা.গু কত?
(a) xy (b) $x + y$
(c) $xy(x + y)$ (d) $x^2y(x + y)$

২৬। দুটি সংখ্যার গুণফল ৩৩৮০ এবং গ.সা.গু ১৩। সংখ্যা দুটির ল.সা.গু কত?
(a) ২৬০ (b) ৭৮০ (c) ১৩০ (d) ৪৯০

২৭। সর্বমোট কত সংখ্যক গাছ হলে একটি বাগানে ৭, ১৪, ২১, ৩৫ ও ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম বা বেশি হবে না?
(a) ২১০ (b) ২২০ (c) ২৩০ (d) ২৪০

২৮। কতজন বালককে ১২৫টি কমলালেবু ও ১৪৫টি কলা সমান ভাগে ভাগ করে দেওয়া যায়?
(a) ৫ জন (b) ২৫ জন (c) ১৫ জন (d) ৩৫ জন

২৯। ৯৮২ জন সৈন্য থেকে কমপক্ষে কত সৈন্য সরিয়ে রাখলে সৈন্য দলকে বর্গাকারে সাজানো যায়?
(a) ১৮ (b) ১৯ (c) ২১ (d) ২৩

৩০। কোন সম্পত্তির $\frac{৭}{৮}$ অংশের মূল্য ৯২১৭ টাকা। সম্পত্তির $\frac{৩}{৪}$ অংশের মূল্য কত?
(a) ৭৮০৬ (b) ৭৯০০ (c) ৭৯১৬ (d) ৭৭৯৬

৩১। ৯ টাকার শতকরা ৭ অপেক্ষা ১১ টাকার শতকরা ৬ কত বেশি?
(a) ০.০০৩ টাকা (b) ০.০৩ টাকা
(c) ০.৩ টাকা (d) ৩ টাকা

৩২। ৪টি ১ টাকার নোট ও ৮টি ২ টাকার নোট একত্রে ৮টি ৫ টাকার নোটের কত অংশ?
(a) $\frac{১}{৪}$ (b) $\frac{১}{২}$ (c) $\frac{১}{৮}$ (d) $\frac{১}{১৬}$

৩৩। কোন সংখ্যা থেকে ১২৫ বাদ দিলে সংখ্যাটি কমে ৩৭.৫% হয়ে যায়। সংখ্যাটির ২৫% কত?
(a) ৫০% (b) ৭৫% (c) ১২৫% (d) None

৩৪। প্রতি টাকায় ৩ পয়সা করে মাসিক হারে ১০ টাকার ৪ মাসের সুদ কত?
(a) ১.২০ টাকা (b) ১.৬০ টাকা
(c) ১.৮০ টাকা (d) ২.০০ টাকা

৩৫। ১৬০ এর $\frac{১১}{৫৬}$ ভাগের ৩৫% কত?
(a) ১৪ (b) ১২ (c) ১১ (d) ১৫

৩৬। বার্ষিক ৮% হার সুদে কত বছরে সুদ-আসলের সমান হয়?
(a) ৮ বছরে (b) ১০ বছরে
(c) ১২$\frac{১}{২}$ বছরে (d) ১৬ বছরে

৩৭। কোন আসল ৩ বছরে সুদে-আসলে ৪৬০ টাকা এবং ৫ বছরে সুদে-আসলে ৫০০ টাকা হয়। তাহলে ১ বছরের সুদ কত?
(a) ১০ (b) ২০ (c) ৩০ (d) ৪০

৩৮। একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম, এতে সোনা ও তামার অনুপাত ৩ : ১। এতে কি পরিমান সোনা মেশালে অনুপাত ৪ : ১ হবে?
(a) ৮ গ্রাম (b) ৬ গ্রাম (c) ৩ গ্রাম (d) ৪ গ্রাম

৩৯। x, y, z এর মধ্যে ১৪০০ টাকা এমনভাবে ভাগ করে দেওয়া হল যেন x পেল y এর দ্বিগুণ, y পেল z এর দ্বিগুণ। তাহলে y কত টাকা পেল?
(a) ৮০০ (b) ৬০০ (c) ৪০০ (d) ২০০

৪০। 5:18, 7:2 এবং 3:6 এর মিশ্র অনুপাত কত?
(a) 72 : 105 (b) 72 : 35 (c) 35 : 72 (d) 10 : 72

৪১। যদি একটি কাজ ৯ জন লোক ১৫ দিনে করতে পারে, অতিরিক্ত ৬ জন লোক নিয়োগ করলে কাজটি কতদিনে শেষ হবে?
(a) ৯ (b) ১২ (c) ১৫ (d) ৬

৪২। কোন ক্ষুদ্রতম সংখ্যাকে যখন দ্বিগুণ করা হবে তখন সেটি ১২, ১৮, ২১ এবং ৩০ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?
(a) ১৯৬ (b) ৬৩০ (c) ১২৬০ (d) ২৫২০

৪৩। ৩ দিনে একটি কাজের $\frac{১}{২৭}$ অংশ শেষ হলে ঐ কাজের ৩ গুণ কাজ করতে কত দিন লাগবে?
(a) ৮১ (b) ১২৭ (c) ২২৮ (d) ২৪৩

৪৪। কোন লঘিষ্ট সংখ্যার সাথে ২ যোগ করলে যোগফল ১২, ১৮ এবং ২৪ দ্বারা বিভাজ্য হবে?
(a) ৭২ (b) ৭০ (c) ৬৮ (d) ১৪২

৪৫। একটি সংখ্যা অপর একটি সংখ্যার $\frac{২}{৩}$ গুণ। সংখ্যা দুইটির সমষ্টি ১০০ হলে বড় সংখ্যাটি কত?
(a) ৫৫ (b) ৭০ (c) ৬৫ (d) ৬০

৪৬। নৌকা ও স্রোতের গতিবেগ যথাক্রমে ১৮ কি.মি. ও ৬ কি.মি. নদীপথে ৪৮ কি.মি. অতিক্রম করে পুনরায় ফিরে আসতে কত সময় লাগবে?
(a) ১০ ঘণ্টা (b) ৫ ঘণ্টা (c) ৬ ঘণ্টা (d) ৮ ঘণ্টা

৭। পিতা ও পুত্রের বয়সের অনুপাত ১১ : ৪। পুত্রের বয়স ১৬ বছর হলে, পিতার বয়স কত?
(a) ৪৪ (b) ৪২ (c) ৫২ (d) ৫৪

। দুইটি সংখ্যার সমষ্টি ১ম সংখ্যার $\frac{২৮}{২৫}$ গুণ হয়। ২য় সংখ্যাটি ১ম সংখ্যার শতকরা কত?
(a) ১০% (b) ১২% (c) ১৪% (d) ১৬%

। 1 থেকে 30 পর্যন্ত মৌলিক সংখ্যা কতটি?
(a) 8 (b) 10 (c) 12 (d) 14

দুটি সংখ্যার গ.সা.গু এবং ল.সা.গু যথাক্রমে ৮৪ এবং ২১। যদি সংখ্যা দুটির অনুপাত ১ : ৪ হয়, তবে বড় সংখ্যাটি কত?
(a) ১২ (b) ৮৪ (c) ৪৮ (d) ১০৮

টাকায় ৩টি জিনিস ক্রয় করে, টাকায় ২টি জিনিস বিক্রয় করলে শতকরা লাভ হবে-
(a) ৩০% (b) ১৫% (c) ৫০% (d) ৩৫%

৫২। বার্ষিক ৭% সরল সুদে ১২০০ টাকার কত বছরের সুদ ২৫২ টাকা?
(a) ২ বছর (b) ৩ বছর (c) ৪ বছর (d) ৫ বছর

৫৩। ২৫ : ৮১ এর দ্বিভাজিত অনুপাত কোনটি?
(a) ৮১ : ২৫ (b) ৫ : ৯ (c) $\frac{২৫}{২} : \frac{৮১}{২}$ (d) ৯ : ৫

৫৪। একটি জিনিস ৬০ টাকায় বিক্রি করলে ২০% লাভ হয়। জিনিসটির ক্রয়মূল্য কত?
(a) ৫০ টাকা (b) ৬০ টাকা (c) ৭০ টাকা (d) ৮০ টাকা

৫৫। শতকরা বার্ষিক কত হার সুদে ৭৫০ টাকায় ২ বছরের সুদ ২১০ টাকা?
(a) ১০% (b) ১২% (c) ১৩% (d) ১৪%

৫৬। কোন সংখ্যার ৬০% এর এক-চতুর্থাংশ অন্য একটি সংখ্যার ২০% এর দুই-পঞ্চমাংশের সমান হলে ১ম সংখ্যা ও ২য় সংখ্যার অনুপাত কত?
(a) ৪ : ৭ (b) ৫ : ৯ (c) ৮ : ১৫ (d) ১৮ : ১৩

৫৭। ক্রয়মূল্য বিক্রয়মূল্যের দ্বিগুণ হলে শতকরা ক্ষতি কত?
(a) ১০% (b) ৫০% (c) ১০০% (d) ২%

৫৮। দুটি সংখ্যার গ.সা.গু ৪ এবং ল.সা.গু ৬০। একটি সংখ্যা ২০ হলে অপর সংখ্যাটি কত?
(a) ৯ (b) ১৫ (c) ১২ (d) ১৮

৫৯। ৭২০ টাকা ২ জন পুরুষ ৫ জন মহিলা এবং ৮ জন বালকের মধ্যে এমনভাবে ভাগ করে দেওয়া হলো যেন প্রতি পুরুষ, মহিলা ও বালকের প্রাপ্ত অংশের অনুপাত যথাক্রমে ৩ : ২ : ১ হয়। প্রত্যেক বালক কত টাকা পাবে?
(a) ২৪ (b) ৩০ (c) ৩৬ (d) ৭২

৬০। একটি ফ্যানের বিক্রয়মূল্য ৪০০ টাকা থেকে কমিয়ে ৩৮০ টাকা করলে ক্ষতি ২% বৃদ্ধি পায়। ফ্যানটির ক্রয়মূল্য কত?
(a) ৬০০ (b) ৮০০ (c) ১০০০ (d) ১২০০

৬১। 5 বছর পূর্বে পিতার ও পুত্রের বয়সের যোগফল ছিল 60 বছর। পুত্রের বর্তমান বয়স 20 হলে পিতার বর্তমান বয়স কত?
(a) 40 (b) 45 (c) 50 (d) 55

৬২। পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অঙ্কের বৃহত্তম সংখ্যার অন্তর কত?
(a) ৯ (b) ১০ (c) ১ (d) ৫

৬৩। ৬ অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?
(a) ৯০০৯৯৯ (b) ১০৯৯৯৯
(c) ৮০০০০০ (d) ৮৯৯৯৯৯

৬৪। নিচের কোনটি মৌলিক সংখ্যা?
(a) ৭২ (b) ৬৩
(c) ৮৭ (d) কোনোটিই নয়

৬৫। ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা সর্বমোট-
(a) ২২ (b) ২৩ (c) ২৫ (d) ২০

৬৬। ভাজক ভাগফলের ১০ গুণ, ভাজক ০.৫ হলে ভাজ্য কত?
(a) ২.৫ (b) ০.০২৫ (c) ০.২৫ (d) ২৫

৬৭। ভাজ্য ৩০, ভাজক ৬ এবং ভাগফল ৫ হলে ভাগশেষ কত?
(a) ১ (b) ০
(c) ৬ (d) কোনোটিই নয়

৬৮। ৪৯ সংখ্যাটির প্রকৃত উৎপাদক সংখ্যা কতটি?
(a) ৩ টি (b) ২ টি (c) ৭ টি (d) ৪ টি

৬৯। $(০.০১)^২$ এর মান কোন ভগ্নাংশটির সমান?
(a) $\frac{১}{১০}$ (b) $\frac{১}{১০০}$ (c) $\frac{১}{১০০০}$ (d) $\frac{১}{১০০০০}$

৭০। কোন সংখ্যার ০.১ ভাগ এবং ০.১ ভাগের মধ্যে পার্থক্য ১.০ হলে, সংখ্যাটি কত?
(a) ১০ (b) ৯ (c) ৯০ (d) ১০০

৭১। 60-70 পর্যন্ত মৌলিক সংখ্যাসমূহের যোগফল কত?
(a) 191 (b) 189 (c) 197 (d) 128

৭২। ৩০টি আম এবং ৩৬টি লিচু সর্বোচ্চ কতজন বালকের মধ্যে সমানভাবে ভাগ করা যেতে পারে?
(a) ৩ জন (b) ৫ জন (c) ৬ জন (d) ৯ জন

৭৩। দুটি সংখ্যার গ.সা.গু. ১৫ এবং ল.সা.গু. ৯০। একটি সংখ্যা ৩০ হলে অপরটি কত?
(a) ৬০ (b) ৫০ (c) ৪৫ (d) ৭৫

৭৪। ০,২,৩ এর গ. সা. গু কত?
(a) ০ (b) ১ (c) ২ (d) ৩

৭৫। নিচের কোনটি প্রকৃত ভগ্নাংশ?
(a) $\frac{১১}{৫}$ (b) $\frac{৫}{১১}$
(c) $\frac{৭}{৩}$ (d) কোনটিই নয়

৭৬। কোন ভগ্নাংশটি লঘিষ্ঠ আকারে প্রকাশিত নয়?
(a) $\frac{১}{১০}$ (b) $\frac{২২}{৯১}$ (c) $\frac{২২}{৯০}$ (d) $\frac{২৫}{৯১}$

৭৭। কোন সংখ্যাটি বৃহত্তম?
(a) ০.৩০ (b) ০.৯০ (c) $\frac{8}{৫}$ (d) $\frac{৭}{৮}$

৭৮। একটি মূলদ সংখ্যার সাথে একটি অমূলদ সংখ্যা যোগ করলে যোগফল কোন ধরণের সংখ্যা হবে?
(a) মূলদ (b) অমূলদ
(c) পূর্ণবর্গ (d) কোনোটিই নয়

৭৯। যদি ক : খ = ৪ : ৫ এবং ক : গ = ৩ : ৫ হয়, তবে গ : খ = কত?
(a) ১৬ : ২০ (b) ১৫ : ২০
(c) ২০ : ১৫ (d) এর কোনোটিই নয়

৮০। a : b = 4 : 7 এবং b : c = 5 : 6 হলে, a : b : c = কত?
(a) 20 : 35 : 42 (b) 20 : 44 : 35
(c) 4 : 7 : 5 (d) 4 : 7 : 6

৮১। ৩ : ৭ = ১২ : x হলে x –এর মান হবে-
(a) ২৬ (b) ২৮ (c) ৩০ (d) ৩২

৮২। ৫৬ কে ৭ : ৮ অনুপাতে হ্রাস করলে নতুন সংখ্যা হবে-
(a) ৪৯ (b) ৬০ (c) ৬৪ (d) ৭০

৮৩। ৪৯৫ টাকাকে ২ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে, বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য কত টাকা হবে?
(a) ১২৫ টাকা (b) ১৩০ টাকা
(c) ১৩৫ টাকা (d) ১৪০ টাকা

৮৪। খোকন ও মন্টুর আয়ের অনুপাত ৯ : ৪। খোকনের আয় ৯০ টাকা হলে মন্টুর আয় কত?
(a) ৬৫ (b) ৪০ (c) ৬০ (d) ৪৮

৮৫। x:y এর ব্যস্তানুপাত হবে-
(a) $\frac{1}{x}:\frac{1}{y}$ (b) $\sqrt{x}:\sqrt{y}$ (c) $y:\frac{1}{x}$ (d) y : x

৮৬। একটি ত্রিভুজের পরিসীমা 75 মিটার। বাহুগুলোর দৈর্ঘ্যের অনুপাত 3 : 5 : 7 হলে, বৃহত্তম বাহুর দৈর্ঘ্য কত?
(a) 49 মিটার (b) 39 মিটার
(c) 35 মিটার (d) 30 মিটার

৮৭। কোন মিশ্রণে পানি ও সিরাপের অনুপাত 2 : 3 হলে, এতে শতকরা কত ভাগ পানি আছে?
(a) 20 (b) 30 (c) 40 (d) 50

৮৮। ধানে চাল ও তুষের অনুপাত ৭:৩ হলে এতে শতকরা কী পরিমাণ চাল আছে?
(a) ৭০% (b) ৬৫% (c) ৪০% (d) ৮০%

৮৯। ৩, ৯ ও ৪ এর চতুর্থ সমানুপাতিক কত?
(a) ৪ (b) ১৪ (c) ১৬ (d) ১২

৯০। ১ থেকে ৩০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা আছে?
(a) ১১টি (b) ৮টি (c) ১০টি (d) ৯টি

৯১। 72 কোন সংখ্যার 90%?
(a) 90 (b) 96 (c) 80 (d) 100

৯২। ১০% লাভে একটি পণ্যের বিক্রয় মূল্য ৩৫০ টাকা হলে পণ্যটির ক্রয়মূল্য কত ?
(a) ২৫০ (b) ২৭৫
(c) ৩১৫ (d) কোনোটিই নয়

৯৩। ৮টি প্যান্টের বিক্রয়মূল্য ১০টি প্যান্টের ক্রয়মূল্যের সমান হলে শতকরা লাভ কত?
(a) ১৫% (b) ২০% (c) ২৫% (d) ৩০%

৯৪। একটি জিনিস ২৮ টাকায় ক্রয় করে ৩৫ টাকায় বিক্রি করলে লাভ হবে-
(a) ২০% (b) ২২% (c) ২৪% (d) ২৫%

৯৫। পিতা পুত্রের ২০ বছরের বড়। ১০ বছর পরে পুত্র পিতার কত বছরের ছোট হবে?
(a) ১০ (b) ২০ (c) ২৫ (d) ২২

৯৬। ১ থেকে ৫৯ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?
(a) ২৫ (b) ২৭ (c) ২৮ (d) ৩০

৯৭। পিতা ও দুই পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত দুই পুত্রের বয়সের গড় ২ বছর কম। পিতার বয়স ৩০ বছর হলে মাতার বয়স কত?
(a) ২০ বছর (b) ২২ বছর
(c) ২৪ বছর (d) ২৫ বছর

৯৮। ১০ টি সংখ্যার যোগফল ৪৬২। তাদের প্রথম ৪টির গড় ৫২ এবং শেষ ৫টির গড় ৩৮। পঞ্চম সংখ্যাটি কত?
(a) ৬৪ (b) ৬০ (c) ৫০ (d) ৬২

৯৯। ৪, ৬, ৭ এবং x এর গড়মান ৫.৫ হলে x এর মান কত?
(a) ৫.৫ (b) ৫ (c) ৪.৫ (d) ৬

১০০। ০.৪৭ কে সাধারণ ভগ্নাংশে পরিণত করলে কত হবে?
(a) $\frac{৪৭}{৯০}$ (b) $\frac{৪৩}{৯০}$ (c) $\frac{৪৩}{৯৯}$ (d) $\frac{৪৭}{৯৯}$

প্র্যাকটিস প্রবলেমের সমাধান

Written

০১। ভাজ্য কত হলে ভাজক ভাগফলের ৩ গুণ এবং ভাগশেষ ৪ ও ভাজক ৩০ হবে?

সমাধানঃ

দেওয়া আছে,
ভাজক = ৩০,
এবং ভাগশেষ= ৪

ধরি, ভাগফল = x
ভাজক = ৩x
প্রশ্নমতে, ৩x = ৩০
বা, x = ১০ ∴ভাগফল = ১০
ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ
= ৩০ × ১০ + ৪ = ৩০৪ (উত্তর)

০২। কোনো শ্রেণিতে যতজন ছাত্র-ছাত্রী পড়ে প্রত্যেকে তার সহপাঠীর সংখ্যার সমান টাকা চাঁদা দেওয়ায় মোট ৪২০ টাকা চাঁদা উঠলো। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রী সংখ্যা কত?

সমাধানঃ

মোট ছাত্র-ছাত্রী সংখ্যা x জন হলে প্রত্যেকের সহপাঠির সংখ্যা (x -১) জন
মোট চাঁদার পরিমাণ = x (x − ১) টাকা
শর্তমতে, x (x −১) = ৪২০ বা, x² − x − ৪২০ = ০ বা, x² − ২১x + ২০x − ৪২০ = ০
বা, x (x−২১) + ২০ (x − ২১) = ০ বা, (x− ২১) (x + ২০) = ০ ∴ x =২১ ∴ x = −২০
∴ x = ২১, − ২০ কিন্তু x = − ২০ হতে পারে না। (উত্তর)

০৩। ১২৫ টি কলম ও ১৪৫টি পেন্সিল কতজনের মধ্যে সমানভাবে ভাগ করে দেয়া যায়?

সমাধানঃ

১২৫ ও ১৪৫ এর গ.সা.গু হবে নির্ণেয় লোক সংখ্যা

১২৫)১৪৫(১
    ১২৫
    ২০)১২৫(৬
        ১২০
         ৫)২০(৪
           ২০
            ০

∴নির্ণেয় লোক সংখ্যা ৫ জন। (উত্তর)

০৪। সর্বমোট কত সংখ্যক গাছ হলে একটি বাগানে ৭, ১৪, ২১, ৩৫, ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম বা বেশি হবে না?

২| ৭, ১৪, ২১, ৩৫, ৪২
৩| ৭, ৭, ২১, ৩৫, ২১
৭| ৭, ৭, ৭, ৩৫, ৭
 ১, ১, ১, ৫, ১

সমাধানঃ

প্রদত্ত সংখ্যাটি হবে ৭, ১৪, ২১, ৩৫, ৪২ এর ল.সা.গু।
সুতরাং নির্ণেয় ল.সা.গু= ২ × ৩ × ৫ × ৭ = ২১০ (উত্তর)

০৫। ১৫ জন লোক একটি কাজ সম্পন্ন করে ৩ ঘণ্টায়, ৫ জন লোক ঐ কাজ কত ঘণ্টায় শেষ করবে?

সমাধানঃ

শর্তমতে,
১৫ জন লোক একটি কাজ সম্পন্ন করে ৩ ঘণ্টায়
∴১ জন লোক একটি কাজ সম্পন্ন করে ১৫ × ৩ ঘণ্টায়
∴৫ জন লোক একটি কাজ সম্পন্ন করে $\frac{১৫ \times ৩}{৫}$ = ৯ ঘণ্টায়

S/M
এখানে, X = ১৫ জন, P = ৩ ঘণ্টা, Y = ৫ জন
∴ নির্ণেয় সময় = $\frac{X \times P}{Y} = \frac{১৫ \times ৩}{৫}$ = ৯ ঘণ্টা।

গড়ে কত রান দিয়েছেন?

সমাধানঃ

৭ উইকেট নিতে রান দেয় = ১৭ × ৭ = ১১৯

পরবর্তীতে ৩ উইকেট নিতে রান দেয় = ৮ × ৩ = ২৪

সর্বমোট রান দেয় = ১১৯ + ২৪ = ১৪৩

সর্বমোট প্রাপ্ত উইকেট = ৭ + ৩ = ১০

উইকেট প্রতি গড়ে রান দেন = $\frac{১৪৩}{১০}$ = ১৪.৩ (উত্তর)

০৮। একটি ঘড়ি ৫৬০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হলে ঘড়িটির ক্রয়মূল্য ক

সমাধানঃ

ব্যাখ্যাঃ

ক্রয়মূল্য ১০০ টাকা হলে ২০% ক্ষতিতে বিক্রয়মূল্য

= (১০০ – ২০) টাকা = ৮০ টাকা

বিক্রয়মূল্য ৮০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

বিক্রয়মূল্য ১ টাকা হলে ক্রয়মূল্য $\frac{১০০}{৮০}$ টাকা

বিক্রয়মূল্য ৫৬০ টাকা হলে ক্রয়মূল্য $\frac{১০০ \times ৫৬০}{৮০}$ টাকা

= ৭০০ টাকা।

S/
যে
এ
ঘ

০৯। শতকরা বার্ষিক ১৫% সুদে ৮,০০০ টাকার ৬ মাসের সুদ কত?

সমাধানঃ

১০০ টাকার ১ বছরের সুদ ১৫ টাকা

∴ ১ টাকার ১ বছরের সুদ $\frac{১৫}{১০০}$ টাকা

∴ ৮০০০ টাকার $\frac{১}{২}$ বছরের সুদ $\frac{১৫ \times ৮০০০ \times ১}{১০০ \times ২}$ = ৬০০ টাকা।

S/M

এখানে,

P = ৮০০০ টাক

আমরা জানি,

$I = Pn\left(\frac{r}{100}\right)$

১৮। ২০ ফুট লম্বা একটি বাঁশ এমনভাবে কেটে দু' ভাগ করা হলো যেন ছোট অংশ বড় অংশের দুই তৃতীয়াংশ হয়, ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট?

সমাধানঃ

মনে করি, বড় অংশের দৈর্ঘ্য ক ফুট

এবং ছোট " " ক এর $\frac{২}{৩} = \frac{২ক}{৩}$ ফুট

প্রশ্নমতে, ক + $\frac{২ক}{৩}$ = ২০ বা, $\frac{৩ক + ২ক}{৩}$ = ২০ বা, ৫ক = ৬০

∴ ক = ১২ ∴ ছোট অংশের দৈর্ঘ্য $\frac{২ \times ১২}{৩}$ = ৮ ফুট (উত্তর)

MCQ

০১। উত্তরঃ a.

সমাধানঃ $\frac{৩}{৫}$ ও $\frac{৪}{৭}$ এর গ.সা.গু = $\frac{\text{৩ ও ৪ এর গ.সা.গু}}{\text{৫ ও ৭ এর ল.সা.গু}} = \frac{১}{৩৫}$

০২। উত্তরঃ c.

সমাধানঃ ১০ ও ২৫ এর ল.সা.গু = ৫০

০৩। উত্তরঃ b.

সমাধানঃ ১টির ক্রয়মুল্য = $\frac{৪}{৫}$ টাকা

১টির বিক্রয়মুল্য = $\frac{৫}{৪}$ টাকা

∴ লাভ = $\frac{৫}{৪} - \frac{৪}{৫} = \frac{৯}{২০}$ টাকা

$\frac{৪}{৫}$ টাকায় লাভ হয় $\frac{৯}{২০}$ টাকা

১ " " " = $\frac{৯ \times ৫}{২০ \times ৪}$ টাকা

১০০ " " " = $\frac{৯ \times ৫ \times ১০০}{২০ \times ৪}$ টাকা

= ৫৬.২৫ টাকা।

০৪। উত্তরঃ c.

সমাধানঃ (x এর ৬০%) − ৬০ = ৬০

$\Rightarrow \frac{৬০x}{১০০} - ৬০ = ৬০ \Rightarrow \frac{৬০x - ৬০০০}{১০০} = ৬০$

$\Rightarrow ৬০x = ৬০০০ + ৬০০০ \therefore x = ২০০$

০৫। উত্তরঃ c.

সমাধানঃ মাসিক সঞ্চয় = (২০ − ১৫) = ৫

শতকরা আয়ের অংশ = ($\frac{৫}{২০}$ × ১০০) = ২৫%

০৬। উত্তরঃ a.

সমাধানঃ ২৫% লাভে বিক্রয় মুল্য = (১০০ + ২৫) = ১২৫

ক্রয়মুল্য : বিক্রয়মুল = ১০০ : ১২৫ = ৪ : ৫

০৭। উত্তরঃ c.

সমাধানঃ ধরি, আসল = x টাকা

∴ সুদ = x টাকা

সুতরাং, $x = \frac{x \times ৮}{১০০} \times n \therefore n = ১২\frac{১}{২}$ বছর

০৮। উত্তরঃ c.

সমাধানঃ S/M : $\frac{(৩ - ১)}{৮} \times ১০০ =$ ২৫%

০৯। উত্তরঃ c.

সমাধানঃ নতুন মেশানো কমলার রসের পরিমান

$= \frac{60 \times (2-1)}{1} = 60$

১০। উত্তরঃ c.

সমাধানঃ $\frac{৫x + 2}{৮x + 2} = \frac{২}{৩} \Rightarrow x = 2$

সংখ্যা দুটি হল, ৫ × ২ = ১০, ৮ × ২ = ১৬

১১। উত্তরঃ a.

সমাধানঃ

২০% লাভে বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা।

" ৩৬০০ " " $\frac{১০০ \times ৩৬০০}{১২০}$ "

= ৩০০০ টাকা

২০% ক্ষতিতে বিক্রয়মূল্য ৮০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা।

" ৩৬০০ " " $\frac{১০০ \times ৩৬০০}{৮০}$

= ৪৫০০ টাকা

মোট ক্রয়মূল্য = (৩০০০ + ৪৫০০) = ৭৫০০ টাকা

মোট বিক্রয়মূল্য = (৩৬০০ + ৩৬০০) = ৭২০০

∴ ক্ষতি = (৭৫০০ − ৭২০০) = ৩০০ টাকা

১২। উত্তরঃ b.

সমাধানঃ দৈনিক সর্বোচ্চ মজুরি ৫০০০ ও ৫৭৫০ এর গ.সা.গু = ২৫০

১৩। উত্তরঃ a.

সমাধানঃ ১০০১ এবং ৯১০ এর গ.সা.গু = ৯১

১৪। উত্তরঃ c.

সমাধানঃ ক্রয়মূল্য, $C = \frac{S \times ১০০}{P_1 + P_2} = \frac{১০০০০ \times ১০০}{৬ + ৪}$

= ১০০০০০

১৫। উত্তরঃ a.

সমাধানঃ

ধরি, ছাত্র-ছাত্রীর সংখ্যা = x জন

প্রশ্নমতে,

$\Rightarrow x(x + ১০) = ৯০ \times ১০০$

$\Rightarrow x^2 + ১০x - ৯০০০ = ০$

$\Rightarrow x^2 + ১০০x - ৯০x - ৯০০০ = ০$

$\Rightarrow (x + ১০০)(x - ৯০) = ০$

$\therefore x = ৯০$ অথবা, $x = -১০০$ [সম্ভব না]

১৬। উত্তরঃ c.

সমাধানঃ কোনো চারটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার গুণফলের সাথে 1 যোগ করলে যোগফল একটি পূর্ণ বর্গ সংখ্যা হবে।

১৭। উত্তরঃ d.

সমাধানঃ $xy = 120,\ x^2 + y^2 = 289$

$(x+y)^2 = x^2 + y^2 + 2xy = 289 + 2.120$

$= 529$

$x + y = 23$

১৮। উত্তরঃ c.

সমাধানঃ

ধরি, মীম কলম কিনেছিল x টি

প্রতিটি কলমের দাম $= \frac{240}{x}$ টাকা

শর্তমতে,

$\frac{240}{x} - \frac{240}{x+1} = 1 \Rightarrow (x-15)(x+16) = 0 \therefore x = 15$

১৯। উত্তরঃ d.

সমাধানঃ

$x \times \frac{3}{7} \times \frac{1}{4} \times \frac{2}{5} = 15 \Rightarrow x = \frac{15 \times 7 \times 4 \times 5}{3 \times 2} = 350$

সংখ্যাটির অর্ধেক $= \frac{350}{2} = 175$

২০। উত্তরঃ c.

সমাধানঃ $\sqrt{x} + ১০ = ৪^২ \Rightarrow \sqrt{x} = ১৬ - ১০$

$\Rightarrow \sqrt{x} = ৬ \therefore x = ৩৬$

২১। উত্তরঃ c.

সমাধানঃ

$a = 1200$ টাকা , $d = 200$ টাকা

19 তম মাসে সঞ্চয় $= a + (n-1)d$

$= 1200 + \{(19-1) \times 200\}$

$= 1200 + (18 \times 200) = 1200 + 3600 = 4800$

২২। উত্তরঃ c.

সমাধানঃ

চার অংকের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯

চার অংকের ক্ষুদ্রতম " = ১০০০

∴ পার্থক্য = ৯৯৯৯ − ১০০০ = ৮৯৯৯।

২৩। উত্তরঃ c.

সমাধানঃ

৭ × ১৩ = ৯১

৯১ ছাড়া বাকীগুলোকে ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য কোন সংখ্যা দ্বারা নিঃশেষে ভাগ করা যায় না।

২৪। উত্তরঃ c.

সমাধানঃ $\frac{p}{q} = \frac{\sqrt{2}}{\sqrt{8}} = \frac{\sqrt{2}}{\sqrt{4 \times 2}} = \frac{\sqrt{2}}{2\sqrt{2}} = \frac{1}{2}$

$p + q$

$= \sqrt{2} + \sqrt{8} = \sqrt{2} + 2\sqrt{2} = \sqrt{2}(1+2) = 3\sqrt{2}$

২৫। উত্তরঃ d.

সমাধানঃ

১ম রাশি $= x^3 + x^2y = x^2(x+y)$

২য় রাশি $= x^2y + xy^2 = xy(x+y)$

∴ ল.সা.গু $= x^2y(x+y)$

২৬। উত্তরঃ a.

সমাধানঃ সংখ্যা দুটির ল.সা.গু $= \frac{৩৩৮০}{১৩} = ২৬০$

২৭। উত্তরঃ a.

সমাধানঃ

২ | ৭, ১৪, ২১, ৩৫, ৪২
৩ | ৭, ৭, ২১, ৩৫, ২১
৭ | ৭, ৭, ৭, ৩৫, ৭
১, ১, ১, ৫, ১

২ × ৩ × ৭ × ৫ = ২১০টি গাছ।

২৮। উত্তরঃ a.

সমাধানঃ

১২৫)১৪৫(১
১২৫
২০)১২৫(৬
১২০
৫)২০(৪
২০

= ৫ জনকে

২৯। উত্তরঃ c.

সমাধানঃ

৯৮২ | ৩১
৯
৬১) ৮২
৬১
২১

১৮, ১৯, ২১, ২৩

সুতরাং ২১ জন সৈন্য সরিয়ে রাখলে সৈন্যদলকে বর্গাকারে সাজানো যাবে।

৩০। উত্তরঃ b.

সমাধানঃ সম্পত্তিটির $\frac{৭}{৮}$ অংশের মূল্য ৯২১৭ টাকা

" ১ " " $= \frac{৯২১৭ \times ৮}{৭}$ "

" $\frac{৩}{৪}$ " " $= \frac{৯২১৭ \times ৮ \times ৩}{৭ \times ৪}$ "

= ৭৯০০ টাকা।

৩১। উত্তরঃ b.

সমাধানঃ ৯ টাকার ৭% $= (৯ \times \frac{৭}{১০০}) = ০.৬৩$

১১ টাকার ৬% $= (১১ \times \frac{৬}{১০০}) = ০.৬৬$

পার্থক্য = (০.৬৬ − ০.৬৩) = ০.০৩

৩২। উত্তরঃ b.

সমাধানঃ ৪টি ১ টাকার নোট = ৪ টাকা

<u>৮টি ২ টাকার নোট = ১৬ টাকা</u>

= ২০ টাকা

৮টি ৫ টাকার নোট = ৮ × ৫ = ৪০ টাকা

তাহলে $\frac{২০}{৪০} = \frac{১}{২}$

৩৩। উত্তরঃ a.

সমাধানঃ ধরি সংখ্যাটি x

$x - ১২৫ = ৩৭\frac{১}{২}\% \times x \Rightarrow x - ১২৫ = x \times \frac{\frac{৭৫}{২}}{১০০}$

$\Rightarrow x - ১২৫ = x \times \frac{৭৫}{২} \times \frac{১}{১০০} \Rightarrow x - ১২৫ = \frac{৭৫x}{২০০}$

$\Rightarrow ২০০x - ৭৫x = ১২৫ \times ২০০$

$\Rightarrow x = \frac{১২৫ \times ২০০}{১২৫} = ২০০$

২০০ এর ২৫% $২০০ \times \frac{২৫}{১০০} = ৫০$

৩৪। উত্তরঃ a.
সমাধানঃ আমরা জানি,
$I = pnr = ১০ \times \frac{৩}{১০০} \times ৪ = ১.২০$
এখানে ১০০ পয়সার সুদ ৩ পয়সা, তাই $r = ৩\%$।
আবার মাসিক বলায় ৪ মাসকে বছর বানাতে হবে না।

৩৫। উত্তরঃ c.
সমাধানঃ ১৬০ এর $\frac{১১}{৫৬}$ ভাগের ৩৫%
$১৬০ \times \frac{১১}{৫৬} \times \frac{৩৫}{১০০} = ১১$

৩৬। উত্তরঃ c.
সমাধানঃ
ধরি, আসল = x টাকা ∴ সুদ = x টাকা
সুতরাং, $x = \frac{x \times ৮}{১০০} \times n \therefore n = ১২\frac{১}{২}$ বছর

৩৭। উত্তরঃ b.
সমাধানঃ
৫ বছরের সুদ-আসল = ৫০০ টাকা
(৩ বছরের সুদ-আসল = ৪৬০ টাকা)
২ বছরের সুদ = ৪০ টাকা
১ বছরের সুদ = ২০ টাকা

৩৮। উত্তরঃ d.
সমাধানঃ সোনা : তামা = ৩ : ১
মোট মিশ্রণ = (৩ + ১) = ৪ গ্রাম
সোনার পরিমাণ = $(১৬ \times \frac{৩}{৪}) = ১২$ গ্রাম
তামার পরিমাণ = $(১৬ \times \frac{১}{৪}) = ৪$ গ্রাম
নতুন ৪ : ১ মিশ্রণে
১ গ্রাম তামায় সোনা ৪ গ্রাম
৪ " " " (৪ × ৪) = ১৬ গ্রাম
অতিরিক্ত সোনা মিশাতে হবে = (১৬ − ১২) = ৪ গ্রাম

৩৯। উত্তরঃ c.
সমাধানঃ
ধরি, y পেল a টাকা।
$x + y + z = ১৮০০$
$2a + a + \frac{a}{2} = ১৮০০ \Rightarrow ৭a = ২৮০০ \therefore a = ৮০০$

৪০। উত্তরঃ c.
সমাধানঃ
$(5 \times 7 \times 3) : (18 \times 2 \times 6) = 105 : 216 = 35 : 72$

৪১। উত্তরঃ a.
সমাধানঃ
৬ জন লোক অতিরিক্ত অর্থাৎ মোট লোক (৯ + ৬) = ১৫ জন
৯ জন লোক করে = ১৫ দিনে
১ " " " = ১৫ × ৯ দিনে
১৫ " " " = $\frac{১৫ \times ৯}{১৫}$ দিনে = ৯ দিন

৪২। উত্তরঃ b.
সমাধানঃ ১২, ১৮, ২১ ও ৩০ এর ল.সা.গু = ১২৬০
১২৬০ ÷ ২ = ৬৩০ (যেহেতু সংখ্যাটিকে দ্বিগুণ করার পর ভাগ করা সম্ভব)

৪৩। উত্তরঃ d.
সমাধানঃ
$\frac{১}{২৭}$ অংশ শেষ করে ৩ দিনে
১ " " " (৩ × ২৭) = ৮১ দিনে
কাজটির ৩ গুণ কাজ শেষ হবে = ৮১ × ৩ = ২৪৩ দিনে

৪৪। উত্তরঃ b.
সমাধানঃ
২ | ১২, ১৮, ২৪
২ | ৬, ৯, ১২
৩ | ৩, ৯, ৬
  | ১, ৩, ২
২ × ২ × ২ × ৩ × ৩ = ৭২, নির্ণেয় লঘিষ্ঠ সংখ্যা = (৭২ − ২) = ৭০

৪৫। উত্তরঃ d.
সমাধানঃ মনে করি, বড় সংখ্যাটি = x
∴ ছোট সংখ্যাটি = $\frac{2x}{৩} \therefore x + \frac{2x}{৩} = ১০০$
বা, $\frac{৩x + 2x}{৩} = ১০০$ বা, $৫x = ৩০০ \therefore x = \frac{৩০০}{৫} = ৬০$

৪৬। উত্তরঃ c.
সমাধানঃ স্রোতের অনুকূলে, নৌকা + স্রোতের বেগ = ১৮ + ৬ = ২৪ km/h
৪৮ কি.মি. যেতে সময় লাগে = $\frac{৪৮}{২৪} = ২$ ঘণ্টা
স্রোতের প্রতিকূলে, নৌকা বেগ = ১৮ − ৬ = ১২ km/h
সময় লাগবে = $\frac{৪৮}{১২} = ৪$ ঘণ্টা
মোট সময় = (৪ + ২) = ৬ ঘণ্টা

৪৭। উত্তরঃ a.
সমাধানঃ
পুত্রের বয়স ৪ বছর হলে পিতার বয়স ১১ বছর
" " ১৬ " " " " $\frac{১১ \times ১৬}{৪}$ "
= ৪৪ বছর

৪৮। উত্তরঃ b.
সমাধানঃ ধরি, সংখ্যা দুইটি x ও y
শর্তমতে, $x + y = \frac{২৮x}{২৫} \Rightarrow ২৫x + ২৫y = ২৮x$
$\Rightarrow \frac{y}{x} = \frac{৩}{২৫} \Rightarrow \frac{y}{x} = \frac{৩ \times ১০০}{২৫} = ১২\%$

৪৯। উত্তরঃ b.
সমাধানঃ 1 থেকে 100 পর্যন্ত মৌলিক সংখ্যা মনে রাখার সূত্র = 44 22 322 321
∴ 1 থেকে 30 পর্যন্ত মৌলিক সংখ্যা = 4 + 4 + 2 = 10

৫০। উত্তরঃ b.
সমাধানঃ ধরি, সংখ্যা দুইটি x ও ৪x
আমরা জানি, দুটি সংখ্যার গুণফল = গ.সা.গু × ল.সা.গু
তাহলে, $x \times ৪x = ৮৪ \times ২১$
$\Rightarrow ৪x^2 = ৮৪ \times ২১ \Rightarrow x^2 = \frac{৮৪\times২১}{৪}$
$\Rightarrow x^2 = ২১ \times ২১ \Rightarrow x = ২১$
বড় সংখ্যাটি = (৪×২১) = ৮৪

৫১। উত্তরঃ c.
সমাধানঃ
৩ টি জিনিসের ক্রয়মূল্য ১ টাকা
∴ ১ " " $\frac{১}{৩}$ "

আবার,
২ টি জিনিসের বিক্রয়মূল্য ১ টাকা
∴ ১ " " $\frac{১}{২}$ "

∴ লাভ = $\frac{১}{২} - \frac{১}{৩} = \frac{৩-২}{৬} = \frac{১}{৬}$ টাকা

তাহলে,
$\frac{১}{৩}$ টাকায় লাভ হয় $\frac{১}{৬}$ টাকা
১ " " $\frac{১}{৬} \times \frac{৩}{১}$ "
∴ ১০০ " " $\frac{৩\times১০০}{৬}$ "
= ৫০ টাকা

৫২। উত্তরঃ b.
সমাধানঃ দেয়া আছে, I = ২৫২, P = ১২০০, R = ৭%, n =?
আমরা জানি, I = PnR
বা, $২৫২ = ১২০০ \times n \times \frac{৭}{১০০}$ $\therefore n = \frac{২৫২ \times ১০০}{৭ \times ১২০০} = ৩$

৫৩। উত্তরঃ b.
সমাধানঃ ২৫ : ৮১ এর দ্বিভাজিত অনুপাত = $\frac{\sqrt{২৫}}{\sqrt{৮১}} = \frac{৫}{৯}$

৫৪। উত্তরঃ a.
সমাধানঃ 20% লাভে,
বিক্রয়মূল্য ১২০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
∴ " ১ " " $\frac{১০০}{১২০}$ টাকা
∴ " ৬০ " " $\frac{১০০\times৬০}{১২০}$ টাকা
= ৫০ টাকা

৫৫। উত্তরঃ d.
সমাধানঃ দেয়া আছে, I = ২১০, P = ৭৫০, n = ২, r = ?
I = Pnr
$\Rightarrow r = \frac{I}{Pn} = \frac{২১০}{৭৫০ \times ২} = ০.১৪ = ১৪\%$

৫৬। উত্তরঃ c.
সমাধানঃ ধরি, সংখ্যা দুইটি x ও y
$x \times ৬০\% \times \frac{১}{৪} = y \times ২০\% \times \frac{২}{৫}$
$\Rightarrow x \times \frac{৬০}{১০০} \times \frac{১}{৪} = y \times \frac{২০}{১০০} \times \frac{২}{৫} \Rightarrow \frac{৩x}{২০} = \frac{২y}{২৫}$
$\therefore x : y = ৮ : ১৫$

৫৭। উত্তরঃ b.
সমাধানঃ বিক্রয়মূল্য x টাকা হলে ক্রয়মূল্য = ২x টাকা
ক্ষতি = (২x − x) টাকা = x টাকা
২x টাকায় ক্ষতি হয় x টাকা
∴ ১ " " " $\frac{x}{২x}$ টাকা
∴ ১০০ " " " $\frac{x\times১০০}{২x}$ টাকা
= ৫০%

৫৮। উত্তরঃ c.
সমাধানঃ ধরি, অপর সংখ্যাটি x
সংখ্যা দুইটির গ.সা.গু. = ৪, ল.সা.গু = ৬০
সংখ্যা দুইটির গুণফল = গ.সা.গু. × ল.সা.গু
বা, $২০ \times x = ৪ \times ৬০$ বা, $x = \frac{৪ \times ৬০}{২০} = ১২$

৫৯। উত্তরঃ b.
সমাধানঃ ধরি,
একজন পুরুষ, মহিলা ও বালকের অংশ = ৩x, ২x, x
তাহলে, (২ × ৩x) + (৫ × ২x) + (৮ × x) = ৭২০
⇒ ২৪x = ৭২০
x = ৩০

৬০। উত্তরঃ c.
সমাধানঃ ধরি ক্রয়মূল্য x
$\frac{x-৩৮০}{x} - \frac{x-৪০০}{x} = \frac{২}{১০০} \Rightarrow x - ৩৮০ - x + ৪০০ = \frac{২x}{১০০}$
$\Rightarrow x = \frac{২০\times১০০}{২}$ $\therefore x = ১০০০$

৬১। উত্তরঃ c.
সমাধানঃ মনে করি, পিতার বর্তমান বয়স = x
∴ 5 বছর পূর্বে পিতার বয়স = x − 5
এবং, 5 বছর পূর্বে পুত্রের বয়স = 20 − 5 = 15
প্রশ্নমতে, x − 5 + 15 = 60
বা, x = 60 − 10 = 50

৬২। উত্তরঃ c.
ব্যাখ্যাঃ পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০
চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯
পার্থক্য = ১

৬৩। উত্তরঃ d.
ব্যাখ্যাঃ
ছয় অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯৯৯
ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০০
পার্থক্য = ৮৯৯৯৯৯

৬৪। উত্তরঃ d.
ব্যাখ্যাঃ ৭২ = ১ × ২ × ২ × ২ × ৩ × ৩
৮৭ = ১ × ৩ × ২৯
৬৩ = ১ × ৭ × ৩ × ৩

উত্তরঃ c.

৬৫। উত্তরঃ b.

৬৬। ব্যাখ্যাঃ ভাজক = ০.৫

$\therefore$ ভাগফল $= \frac{০.৫}{১০} =$ ০.০৫ [$\because$ ভাজক ভাগফলের ১০ গুণ]

ভাজ্য = ভাজক × ভাগফল = ০.৫ × ০.০৫ = ০.০২৫

৬৭। উত্তরঃ b.

ব্যাখ্যাঃ ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ

৩০ = ৬ × ৫ + ভাগশেষ

বা, ভাগশেষ =০

৬৮। উত্তরঃ b.

ব্যাখ্যাঃ ৪৯ = ৭ × ৭ = $৭^২$

$\therefore$ উৎপাদক সংখ্যা (২ + ১) = ৩ টি

প্রকৃত উৎপাদক সংখ্যা (৩ − ১) = ২ টি

৬৯। উত্তরঃ d.

ব্যাখ্যাঃ $(০.০১)^২$ = ০.০১ × ০.০১

$= \frac{১}{১০০} \times \frac{১}{১০০} = \frac{১}{১০০০০} =$ ০.০০০১

৭০। উত্তরঃ c.

ব্যাখ্যাঃ ধরি, সংখ্যাটি ক। এখানে, $০.\dot{১} = \frac{১}{৯}$ এবং $০.১ = \frac{১}{১০}$

প্রশ্নমতে, $\frac{ক}{৯} - \frac{ক}{১০} = ১$ বা, $\frac{১০ক - ৯ক}{৯০} = ১ \therefore ক = ৯০$

৭১। উত্তরঃ d.

ব্যাখ্যাঃ 60 থেকে 70 এর মধ্যে বিদ্যমান মৌলিক সংখ্যা দুটি হলো 61 এবং 67।

$\therefore$ এদের যোগফল = 61 + 67 = 128

৭২। উত্তরঃ c.

ব্যাখ্যাঃ বালকের সংখ্যা হবে ৩০ ও ৩৬ এর গ.সা.গু।

৩০) ৩৬ (১
   ৩০
   ৬) ৩০ (৫
      ৩০
      ০

$\therefore$ নির্ণেয় বালক সংখ্যা ৬ জন।

৭৩। উত্তরঃ c.

ব্যাখ্যাঃ সংখ্যাদ্বয়ের গুণফল = ল.সা.গু. × গ.সা.গু.

= ১৫ × ৯০ $\therefore$ অপর সংখ্যাটি $= \frac{১৫ \times ৯০}{৩০} =$ ৪৫

৭৪। উত্তরঃ b.

ব্যাখ্যাঃ ০, ২ ও ৩ এর গ. সা. গু ১।

৭৫। উত্তরঃ b.

ব্যাখ্যাঃ ক. $\frac{১১}{৫}$ = হর < লব   খ. $\frac{৫}{১১}$ = হর > লব

গ. $\frac{৭}{৩}$ = হর < লব

$\therefore \frac{৫}{১১}$ এখানে হর লবের থেকে বড়। যা প্রকৃত ভগ্নাংশের শর্ত পূরণ করে।

৭৬। উত্তরঃ c.

ব্যাখ্যাঃ $\frac{২২}{৯০} = \frac{১১}{৪৫}$, যা লঘিষ্ঠ আকারে প্রকাশ করা ছিল না.

৭৭। উত্তরঃ b.

ব্যাখ্যাঃ $\frac{৪}{৫}$ = ০.৮ < ০.৯, $\frac{৭}{৮}$ = ০.৮৭৫ < ০.৯,

০.৩ < ০.৯, সুতরাং ০.৯ সংখ্যাটি বড়

৭৮। উত্তরঃ b.

ব্যাখ্যাঃ অমূলদ সংখ্যাকে $(\frac{p}{q})$ আকারে প্রকাশ করা যায় না। তাই অমূলদ সংখ্যার সাথে মূলদ সংখ্যা যোগ করলে যোগফলকেও $(\frac{p}{q})$ আকারে প্রকাশ করা যাবে না।

৭৯। উত্তরঃ c.

ব্যাখ্যাঃখ : ক = ৫ : ৪

<u>ক: গ = ৩: ৫</u>

খ : ক : গ = (৫ × ৩) : (৪ × ৩) : (৪ × ৫) = ১৫ : ১২ : ২০

$\therefore$গ : খ = ২০ : ১৫।

৮০। উত্তরঃ a.

ব্যাখ্যাঃ a : b = 4 : 7

<u>b : c = 5 : 6</u>

a : b : c = (4 × 5) : (7 × 5) : (6 × 7) = 20 : 35 : 42

৮১। উত্তরঃ b.

ব্যাখ্যাঃ ৩ : ৭ = ১২ : x

বা, $\frac{৩}{৭} = \frac{১২}{x}$ $\therefore x = \frac{১২ \times ৭}{৩} =$ ২৮।

৮২। উত্তরঃ a.

ব্যাখ্যাঃ $\frac{নতুন সংখ্যা}{৫৬} = \frac{৭}{৮}$

$\therefore$ নতুন সংখ্যা $= \frac{৭ \times ৫৬}{৮} =$ ৪৯।

৮৩। উত্তরঃ c.

ব্যাখ্যাঃ অনুপাতটির রাশিগুলোর যোগফল =

২ + ৪ + ৫ = ১১

অনুপাতটির বৃহত্তম ও ক্ষুদ্রতম রাশির পার্থক্য

= ৫ − ২ = ৩

নির্ণেয় পার্থক্য = $(৪৯৫ \times \frac{৩}{১১})$ টাকা = ১৩৫ টাকা।

৮৪। উত্তরঃ b.

ব্যাখ্যাঃ অনুপাতটির রাশি ৯ সমতুল্য ৯০ টাকা

অনুপাতটির রাশি ১ সমতুল্য $\frac{৯০}{৯}$ টাকা

অনুপাতটির রাশি ৪ সমতুল্য $\frac{৯০ \times ৪}{৯}$ = ৪০ টাকা

৮৫। উত্তরঃ a.

ব্যাখ্যাঃ x : y এর ব্যাস্তানুপাত $\frac{1}{x} : \frac{1}{y}$

৮৬। উত্তরঃ c.

ব্যাখ্যাঃ অনুপাতগুলোর যোগফল = 3 + 5 + 7 = 15

বৃহত্তম বাহুর দৈর্ঘ্য = $75 \times \frac{7}{15} = 35$

৮৭। উত্তরঃ c.

ব্যাখ্যাঃ শতকরা পানির পরিমাণ = $\frac{2}{5} \times 100 = 40$

৮৮। উত্তরঃ a.

৮৯। উত্তরঃ d.

ব্যাখ্যাঃ ধরি, চতুর্থ সমানুপাতিক = x

প্রশ্নমতে, ৩ ঃ ৯ = ৪ ঃ x

বা, $\frac{৩}{৯} = \frac{৪}{x}$ $\therefore$ x = ১২

৯০। উত্তরঃ c.

ব্যাখ্যাঃ ১ থেকে ৩০ পর্যন্ত ১০টি মৌলিক সংখ্যা রয়েছে। যথা- ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩ এবং ২৯।

৯১। উত্তরঃ c.

ব্যাখ্যাঃ 80 এর 90% = $80 \times \frac{90}{100} = 72$

৯২। উত্তরঃ d.

ব্যাখ্যাঃ ধরি, ক্রয়মূল্য x টাকা

10% লাভে পণ্যটির বিক্রয়মূল্য x এর 110 %

প্রশ্নমতে, 1.1x = 350 = 1.1x

x = 318.18

৯৩। উত্তরঃ c.

ব্যাখ্যাঃ এখানে,

X = ১০ এবং Y = ৮ ∵X > Y ∴ লাভ হয়

লাভের হার (%) = $\frac{১০০}{Y} \times (X - Y)$

= $\frac{১০০}{৮}$ (১০ - ৮) = ২৫।

৯৪। উত্তরঃ d.

ব্যাখ্যাঃ লাভ = (৩৫ – ২৮) টাকা = ৭ টাকা।

লাভের হার = $\frac{৭\times১০০}{২৮}$ = ২৫%

৯৫। উত্তরঃ b.

ব্যাখ্যাঃ পিতা পুত্রের ২০ বছরের বড়। অর্থাৎ পুত্র পিতার ২০ বছরের ছোট। ১০ বছর পরেও পুত্র পিতার ২০ বছরের ছোট থাকবে।

৯৬। উত্তরঃ d.

ব্যাখ্যাঃ ১ থেকে ৫৯ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড়

= $\frac{1+59}{2} = 30$

৯৭। উত্তরঃ c.

ব্যাখ্যাঃ পিতা ও দুই পুত্রের বয়সের সমষ্টি মাতা ও উক্ত দুই পুত্রের বয়সের সমষ্টির পার্থক্য = (২ × ৩) বছর = ৬ বছর = পিতা ও মাতার বয়সের পার্থক্য

∴ মাতার বয়স = (৩০ – ৬) বছর = ২৪ বছর।

৯৮। উত্তরঃ a.

ব্যাখ্যাঃ প্রথম চারটির সমষ্টি = (৪ × ৫২) = ২০৮

শেষ পাঁচটির সমষ্টি = (৫ × ৩৮) = ১৯০

পঞ্চম সংখ্যা = ৪৬২ – (২০৮ + ১৯০) = ৬৪

৯৯। উত্তরঃ b.

ব্যাখ্যাঃ শর্তমতে, $\frac{৪+৬+৭+x}{৪}$ = ৫.৫ বা, ১৭ + x = ২২

বা, x = ২২ – ১৭ ∴ x = ৫।

১০০। উত্তরঃ b.

ব্যাখ্যাঃ ০.৪৭̇ = $\frac{৪৭-৪}{৯০} = \frac{৪৩}{৯০}$

সাজেশনভিত্তিক মডেল টেস্ট-০১

নিজে পরীক্ষা দাও। অতঃপর উত্তরের সাথে মিলিয়ে নাও।

সময়: 20 মিনিট | পূর্ণমান: 30

০১। নিম্নের সংখ্যা গুলোর মধ্যে কোনটির ভাজক সংখ্যা বিজোড়?

(a) ২০৪৮ (b) ১০২৪ (c) ৫১২ (d) ৪৮

০২। একটি দ্রব্যের লিখিত মূল্যের উপর ১০% কমিশন দিয়ে ২০% লাভ হলে কমিশন বৃদ্ধি ২০% হলে শতকরা কত লাভ হবে?

(a) 8% (b) ৬% (c) ৭$\frac{১}{২}$% (d) ৬$\frac{২}{৩}$%

০৩। দুটি সংখ্যার অনুপাত ৫ : ৮ এবং তাদের ল.সা.গু. ১২০ হলে, সংখ্যা দুটি কত?

(a) ২৫, ৪০ (b) ২০, ৩২ (c) ১৫, ২৪ (d) ১০, ১৬

০৪। শতকরা বার্ষিক ১০% হারে ১০০০ টাকার ২ বছর পর সরল ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য কত?

(a) ১০ টাকা (b) ১১ টাকা

(c) ১১.৫ টাকা (d) ১২ টাকা

০৫। একটি গার্মেন্ট ফ্যাক্টরিতে দৈনিক ৫৫০টি শার্ট তৈরি হয়। ঐ ফ্যাক্টরিতে একই হারে ১ সপ্তাহে কতটি শার্ট তৈরি হয়?

(a) ২৬৮০টি (b) ৩৮৫০টি (c) ৩৭০০টি (d) ৪২৫০টি

০৬। কলার দাম ২০% কমে যাওয়ায় ১২ টাকায় পূর্ব অপেক্ষা ২টি কলা বেশি পাওয়া যায়। বর্তমানে একটি কলার দাম কত?

(a) ১.২ টাকা (b) ২.৩ টাকা

(c) ১.৫ টাকা (d) ২.৫ টাকা

০৭। 261টি আম তিন ভাইয়ের মধ্যে $\frac{1}{3} : \frac{1}{5} : \frac{1}{9}$ অনুপাতে ভাগ করে দিলে প্রথম ভাই কতটি পাবে?

(a) 45 (b) 81 (c) 90 (d) 135

০৮। কোনটি মৌলিক সংখ্যা?

(a) ৪৯ (b) ৫১ (c) ৫৭ (d) ৫৯

০৯। যে পরিমাণ খাদ্যে ২০০ জন লোকের ২০ সপ্তাহ চলে, ঐ পরিমাণ খাদ্যে কতজন লোকের ৮ সপ্তাহ চলবে?

(a) ৩০০ জন (b) ৪০০ জন

(c) ৫০০ জন (d) ৬০০ জন

১০। একটি শ্রেণিতে যতজন ছাত্র-ছাত্রী আছে প্রত্যেকে তত পয়সার চেয়ে আরও 25 পয়সা বেশি করে চাঁদা দেওয়ায় মোট 75 টাকা উঠল। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রীর সংখ্যা কত?

(a) 70 (b) 85 (c) 75 (d) 100

$\therefore$ n উপাদান বিশিষ্ট সেটটির উপসেট হবে $= 2^n$ টি $\therefore$ সেটটির প্রকৃত উপসেট হবে $= 2^n - 1$

Type – 3 : কার্তেসীয় গুণজ সেট এবং অন্বয়

কার্তেসীয় গুণজ : একটি সেটের উপাদানগুলোকে প্রথম পদ ও আরেকটি সেটের উপাদানগুলোকে দ্বিতীয় পদ ধরে প্রাপ্ত সকল ক্রমজোড়ের সেটকে কার্তেসীয় গুণজ সেট বলে।
$A \times B = \{(x, y) : x \in A$ এবং $y \in B\}$
ধরি, $A = \{a, b\}$ এবং $B = \{2,3\}$ $\therefore A \times B = \{(a, 2), (a, 3), (b, 2), (b, 3)\}$

কতিপয় উদাহরণঃ

০১। যদি $A = \{1,2,3\}$ এবং $B = \{a,b\}$ হয় তবে, $A \times B =$ কত?
(a) $\{(1, a), (1, b), (2, a), (2, b), (3, a)\}$
(b) $\{(1, a), (1, b), (2, a), (2, b), (3, a), (3, b)\}$
(c) $\{(1, a), (1, b), (2, a), (2, b), (3, b)\}$
(d) $\{(1, b), (2, a), (2, b), (3, a), (3, b)\}$
উত্তরঃ (b) $\{(1, a), (1, b), (2, a), (2, b), (3, a), (3, b)\}$
ব্যাখ্যাঃ এখানে, $A \times B = \{1,2,3\} \times \{a, b\}$
$\Rightarrow A \times B = \{(1, a), (1, b), (2, a), (2, b), (3, a), (3, b)\}$

০২। A = {2, 3}, B = {1, 2} হলে, A এবং B এর উপাদানগুলোর মধ্যে x > y সম্পর্কটি বিবেচনা করে অন্বয়টি হবে —

(a) {(2,1), (3,1), (3,2)} (b) {(1,1), (3,1), (3,2)} (c) {(2,1), (5,1), (3,2)} (d) {(2,1), (3,1), (2,2)}

উত্তরঃ (a) {(2,1), (3,1), (3,2)}

ব্যাখ্যাঃ প্রশ্নমতে, অন্বয়টি $R = \{(x,y): x \in A, y \in B$ এবং $x > y\}$

$\Rightarrow A \times B = \{2,3\} \times \{1,2\} \Rightarrow A \times B = \{(2,1), (2,2), (3,1), (3,2)\}$ ∴ প্রদত্ত সম্পর্ক অনুসারে R = {(2,1), (3,1), (3,2)}

০৩। সেট A = {a, d, e}, B = {1, 3, 5} হলে, $A \times B$ সেটের সদস্য সংখ্যা কত?

(a) 6 (b) 9 (c) 12 (d) 4

উত্তরঃ (b) 9

ব্যাখ্যাঃ নির্ণেয় উপাদান সংখ্যা = $3 \times 3 = 9$

বিগত বছরের প্রশ্নসমূহঃ

০১। A = {0} এবং B = {0} হলে $A \times B$ নিচের কোনটি হবে? [JU-B: 17-18]

(a) {0} (b) {0,0} (c) {(0,0)} (d) {0,0)

উত্তরঃ (c) {(0,0)}

ব্যাখ্যাঃ A = {0}, B = {0} ∴ $A \times B$ = {(0,0)}

০২। যদি B = {1, a, b} এবং C = {2, b, c} হয় তবে $B \cap C$ = কত? [JU-B: 17-18]

(a) {1,2} (b) {1,2, c} (c) {1,2, a, b, c} (d) {b}

উত্তরঃ (d) {b}

ব্যাখ্যাঃ B = {1, a, b} এবং C = {2, b, c} ∴ $B \cap C$ = {1, a, b} ∩ {2, b, c} = {b}

০৩। A = {0, 1, 2, 3, 4} এবং C = {−1, 0, 1, 2, 3} হয় তবে $A \cup C$ = কত? [JU-B: 17-18]

(a) {−1, 0, 1, 2, 3} (b) {0, 1, 2, 3, } (c) {−1,4} (d) {−1, 0, 1, 2, 3, 4}

উত্তরঃ (d) {−1, 0, 1, 2, 3, 4}

ব্যাখ্যাঃ দেওয়া আছে, A = {0, 1, 2, 3, 4}

এবং C = {−1, 0, 1, 2, 3} ∴ $A \cup C$ = {0, 1, 2, 3, 4} ∪ {−1, 0, 1, 2, 3} = {−1, 0, 1, 2, 3, 4}

০৪। A = {1,2,3,4} এবং B = {1,2,4} হয় তবে $A \cup B$ =? [JU-B: 17-18]

(a) {1,2,3,4} (b) {1,2,4} (c) {3} (d) {1,2,3}

উত্তরঃ (a) {1,2,3,4}

ব্যাখ্যাঃ দেওয়া আছে, A = {1,2,3,4} এবং B = {1,2,4}

∴ $A \cup B$ = {1,2,3,4} ∪ {1,2,4} = {1,2,3,4}

০৫। $3x - 2 > 2x - 1$ এর সমাধান সেট কোনটি? [BCS: 40th]

(a) $[1, \infty)$ (b) $(1, \infty)$ (c) $[\frac{1}{2}, \infty)$ (d) $[-1, \infty)$

উত্তরঃ (b) $(1, \infty)$.

ব্যাখ্যাঃ $3x - 2 > 2x - 1 \Rightarrow 3x - 2x > 2 - 1 \Rightarrow x > 1$ ∴ নির্ণেয় সমাধান সেট : $(1, \infty)$

০৬। P={x:x, 12 এর গুননীয়কসমূহ} [BCS: 40th]

এবং Q={x:x, 3 এর গুণিতক এবং $x \le 12$} হলে, P − Q কত?

(a) {1,2,4} (b) {1, ,3,4} (c) {1,3,6} (d) {1,2,6}

উত্তরঃ (a) {1,2,4}.

ব্যাখ্যাঃ এখানে, P = { 1,2,3,4,6,12}

আবার, Q = {3,6,9,12} [যেহেতু $x \le 12$] ∴ P − Q = {1,2,3,4,6,12} − {3,6,9,12} = { 1,2,4}

$A = \{x \mid x$ ধনাত্মক পূর্ণ সংখ্যা $x^2 < 25\}$,
$B = \{x \mid x$ মৌলিক সংখ্যা এবং $x^2 < 25\}$,
$C = \{x \mid x$ মৌলিক পূর্ণ সংখ্যা এবং $x^2 = 25\}$,
হলে, $A \cap B \cap C =$ [BCS: 37th]

(a) $\{1, 2, 3, 4\}$ (b) $\{2, 3, 4\}$ (c) $\{2, 3, 4, 5\}$ (d) ϕ

উত্তরঃ (d) ϕ.

ব্যাখ্যাঃ $A = \{x \mid x$ ধনাত্মক পূর্ণ সংখ্যা এবং $x^2 < 25\}$
$\therefore A = \{1, 2, 3, 4\}$
$B = \{x \mid x$ মৌলিক সংখ্যা এবং $x^2 < 25\}$
$\therefore B = \{2, 3\}$
$C = \{x \mid x$ মৌলিক পূর্ণ সংখ্যা এবং $x^2 = 25\}$
$\therefore C = \{5\} \therefore A \cap B \cap C = \{1,2,3,4\} \cap \{2,3\} \cap \{5\} = \phi$

৯। $A = \{x : x$ মৌলিক সংখ্যা এবং $x \le 5\}$ হলে P(A) এর সদস্য সংখ্যা কত? [BCS: 36th]

(a) 8 (b) 7 (c) 6 (d) 3

উত্তরঃ (a) 8।

ব্যাখ্যাঃ $A = \{2,3,5\} \therefore P(A)$ এর উপাদান সংখ্যা $= 2^3 [\therefore A$ এর উপাদান সংখ্যা $3] = 8$

১। $A = \{1,2,3\} B = \phi$ হলে $A \cup B =$ কত? [BCS: 34th]

(a) $\{1,2,3\}$ (b) $\{1,2,\phi\}$ (c) $\{2,3,\phi\}$ (d) ϕ

উত্তরঃ (a) $\{1,2,3\}$

ব্যাখ্যাঃ দেয়া আছে, $A = \{1,2,3\}, B = \phi \therefore A \cup B = \{1,2,3\} \cup \{\phi\} = \{1,2,3\}$

১। যদি সেট $A=\{5, 15, 20, 30\}$ এবং $B=\{3,5,15,18,20\}$ হয় তবে নিচের কোনটি $A \cap B$ নির্দেশ করবে? [BCS: 33th]

(a) $\{3,18,30\}$ (b) $\{3,5,15,18,20,30\}$ (c) $\{5,15,20\}$ (d) কোনটিই নয়

উত্তরঃ (c) $\{5,15,20\}$.

ব্যাখ্যাঃ $A \cap B = \{5,15,20,30\} \cap \{3,5,15,18,20\} = \{5,15,20\}$

ধারা

Type – 1 : সমান্তর ধারা সংক্রান্ত

$$a + (a + d) + (a + 2d) + (a + 3d) + \ldots\ldots + \{a + (n - 1) \times d\}$$

সমান্তর ধারাটির ক্ষেত্রে,

i. n তম পদ$=a + (n - 1)d$, যেখানে a= প্রথম পদ, n= পদ সংখ্যা, d= সাধারণ অন্তর
ii. পদসংখ্যা, n =(শেষ পদ-১ম পদ)/(সাধারণ অন্তর)+1
iii. n সংখ্যক পদের সমষ্টি$= \frac{n}{2}\{2a + (n - 1)d\}$

বিদ্র: ১ম পদ, শেষ পদ এবং পদ সংখ্যা জানা থাকলে, সমষ্টি =((১ম পদ +শেষ পদ))/2×পদসংখ্যা - সূত্রটি ব্যবহার করলে সমষ্টি নির্ণয় সহজ হয়।

$$\text{সমান্তর ধারার পদগুলোর গড়} = \frac{\text{সমষ্টি}}{\text{পদসংখ্যা}} = \frac{\text{১মপদ+শেষ পদ}}{2}$$

কতিপয় উদাহরণঃ

০১। ১ থেকে ৪৯ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?

(a) ২৩.৫ (b) ২৫ (c) ৪৯.৫ (d) ৫০

উত্তরঃ (b) ২৫

ব্যাখ্যাঃ নির্ণেয় গড় $= \frac{\text{শেষ পদ + প্রথম পদ}}{২} = \frac{৪৯ + ১}{২} = ২৫$।

০২। ১ থেকে ৬৫ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?

(a) ৩৩ (b) ৩৪ (c) ৩৬ (d) ৩০

উত্তরঃ (a) ৩৩

ব্যাখ্যাঃ নির্ণেয় গড় = $\frac{৬৫ + ১}{২}$ = ৩৩।

০৩। ১ হতে ৯৯ পর্যন্ত সংখ্যাগুলোর যোগফল কত?/ ১ + ২ + ৩ + ৪ + ... + ৯৯ = ?

(a) ৪৯৫০ (b) ৪৮৫০ (c) ৪৭৫০ (d) ৪৬৫০

উত্তরঃ (a) ৪৯৫০

ব্যাখ্যাঃ সমষ্টি = $\frac{\text{শেষ পদ + প্রথম পদ}}{২}$ × পদসংখ্যা = $\frac{৯৯ + ১}{২}$ × ৯৯ = ৪৯৫০।

০৪। ১, ৩, ৫, ৭, ... ধারাটির অষ্টম পদ কত?

(a) ১৩ (b) ১৫ (c) ১৭ (d) ২০

উত্তরঃ (b) ১৫

ব্যাখ্যাঃ অষ্টম পদ = ১ + (৮ – ১) × ২ = ১৫।

০৫। ২ – ৫ – ১২ – ১৯ .... ধারাটির ১২ তম পদ কত?

(a) – ৬০ (b) – ৬৫ (c) – ৭০ (d) – ৭৫

উত্তরঃ (d) – ৭৫

ব্যাখ্যাঃ ধরি, ধারাটির ১ম পদ a = ২

সাধারণ অন্তর d = – ৫ – ২ = – ৭

∴ ১২ তম পদ = a + (১২ – ১) d = a + ১১d = ২ + ১১ (– ৭) = ২ – ৭৭ = – ৭৫

Type – 2 : গুণোত্তর ধারা

$a + ar^2 + ar^3 + \cdots \ldots\ldots\ldots + ar^{n-1}$

গুণোত্তর ধারাটির,

১ম পদ = a, সাধারণ অনুপাত = r

পদ সংখ্যা = n

n তম পদ = ar^{n-1}

n সংখ্যক পদের সমষ্টি = $\frac{a(r^n-1)}{r-1}$; $|r| > 1$ = $\frac{a(1-r^n)}{1-r}$; $|r| < 1$

কতিপয় উদাহরণঃ

০১। ০.২, ০.০৪, ০.০০৮, ০.০০১৬ ধারাটির পরবর্তী সংখ্যাটি কত?

(a) ০.০০২৪ (b) ০.০০৩২ (c) ০.০০০৩২ (d) ০.০০০০৩২

উত্তরঃ (c) ০.০০০৩২

ব্যাখ্যাঃ ধারাটি গুণোত্তর, এর সাধারন অনুপাত = ০.২

পরবর্তী পদ = ০.০০১৬ × ০.২ = ০.০০০৩২।

০২। 2 + 4 + 8 + 16 + ... এই ধারাটির কত তম পদের মান 128?

(a) 5 (b) 4 (c) 7 (d) 6

উত্তরঃ (c) 7

ব্যাখ্যাঃ ধারাটি গুণোত্তর।

এখানে, সাধারণ অনুপাত, r = 2; প্রথম পদ, a = 2; n-তম পদ = ar^{n-1}

শর্তমতে, $ar^{n-1} = 128$

বা, $2.2^{n-1} = 2^7$ বা, $2^n = 2^7$ ∴ n = 7.

০৩। ০.০৩, ০.১২, ০.৪৮, ... শূন্যস্থানে সংখ্যাটি কত হবে?

(a) ০.৯৬ (b) ১.৪৮ (c) ১.৯২ (d) ১.৫০

উত্তরঃ (c) ১.৯২

ব্যাখ্যাঃ ধারাটি গুণোত্তর, এর সাধারণ অনুপাত = ৪

পরবর্তী পদ = ০.৪৮ × ৪ = ১.৯২।

Type –3 : কিছু Special ধারার সমষ্টি

$1 + 2 + 3 + 4 + \ldots\ldots\ldots\ldots + n = \frac{n(n+1)}{2}$; n সংখ্যক স্বাভাবিক সংখ্যার যোগফল।

$1 + 3 + 5 + 7 + \ldots\ldots\ldots + (2n-1) = n^2$; n সংখ্যক বিজোড় স্বাভাবিক সংখ্যার যোগফল।

$2 + 4 + 6 + 8 + \ldots\ldots\ldots\ldots + 2n = n(n+1)$; n সংখ্যক জোড় স্বাভাবিক সংখ্যার যোগফল।

$1^2 + 2^2 + 3^2 + \ldots\ldots\ldots\ldots + n^2 = \frac{n(n+1)(2n+1)}{6}$; n সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের যোগফল।

$1^3 + 2^3 + 3^3 + \ldots\ldots\ldots\ldots + n^3 = \left\{\frac{n(n+1)}{2}\right\}^2$; n সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনের যোগফল।

বিগত বছরের প্রশ্নসমূহঃ

০১। $\frac{1}{5} - \frac{1}{25} - \frac{1}{125} - \frac{1}{625} - \frac{1}{3125} = ?$ **[IU-B: 18-19]**

(a) $\frac{469}{3125}$ (b) $\frac{156}{3125}$ (c) $\frac{469}{625}$ (d) $\frac{469}{125}$

উত্তরঃ (a) $\frac{469}{3125}$

০২। $4 + 7 + 10 + 13 + \cdots$ ধারাটির n তম পদ 301 হলে, n এর মান কত? **[JU-B: 17-18]**

(a) 79 (b) 89 (c) 100 (d) 101

উত্তরঃ (c) 100

ব্যাখ্যাঃ ধারাটির ১ম পদ a = 4

সাধারণ অন্তর, $d = (7-4) = 3$

আমরা জানি, n তম পদ $= a + (n-1)d$

∴ প্রশ্নমতে, $a + (n-1)d = 301 \Rightarrow 4 + (n-1)3 = 301 \Rightarrow 3(n-1) = 301 - 4 = 297$

$\Rightarrow (n-1) = \frac{297}{3} = 99 \Rightarrow n = 99 + 1 \therefore n = 100$

০৩। $6 + 9 + 12 + \ldots\ldots\ldots$ ধারাটির কততম পদ 93? **[JU-B: 17-18]**

(a) 27 (b) 28 (c) 29 (d) 30

উত্তরঃ (d) 30

ব্যাখ্যাঃ ধারাটির ১ম পদ, a = 6

সাধারণ অন্তর, d = 9 − 6 = 3

ধরি, n তম পদ $= 93 \Rightarrow 6 + (n-1)3 = 93 \Rightarrow n - 1 = \frac{87}{3} = 29 \therefore n = 30$

০৪। একটি সমান্তর ধারার ১ম পদ -80 এবং ১২তম পদ –36 হলে সাধারণ অন্তর কত? **[JU-B: 16-17]**

(a) -3 (b) 3 (c) -4 (d) 4

উত্তরঃ (d) 4

ব্যাখ্যাঃ ধরি, সমান্তর ধারার সাধারণ অন্তর =d

সমান্তর ধারার প্রথম পদ, a = -80

১২-তম পদ $= a + (12-1)d \Rightarrow -36 = -80 + 11d \Rightarrow 11d = -36 + 80 \Rightarrow 11d = 44 \therefore d = 4$

০৫। একটি সমান্তর ধারার দশম পদ -20 এবং সাধারণ অন্তর 3 হলে প্রথম পদ কত? **[JU-B: 16-17]**

(a) -60 (b) -45 (c) -47 (d) -35

উত্তরঃ (c) -47

ব্যাখ্যাঃ মনে করি, প্রথম পদ = a

সাধারণ অন্তর, d = 3

দশম পদ $= -20 \Rightarrow a + (10-1)d = -20 \Rightarrow a + 9 \times 3 = -20 \Rightarrow a = -20 - 27 \therefore a = -47$

০৬। একটি সমান্তর ধারার 16তম পদ -20 এবং সাধারণ অন্তর 4 হলে প্রথম পদ কত? **[JU-B: 16-17]**

(a) -32 (b) -56 (c) -72 (d) -80

উত্তরঃ (d) -80

ব্যাখ্যাঃ মনে করি, সমান্তর ধারর, ১ম পদ = a

সমান্তর ধারর সাধারণ অন্তর, d = 4

∴ 16-তম পদ $= a + (16-1)d \Rightarrow -20 = a + 15 \times 4 \Rightarrow -20 = a + 60 \Rightarrow a = -20 - 60 \therefore a = -80$

০৭। একটি সমান্তর অনুক্রমে 5ম পদটি 18 এবং প্রথম 5টি পদের যোগফল 75 হলে প্রথম পদটি কত? [BCS: 38th]

(a) 2 (b) 10 (c) 4 (d) 12

উত্তরঃ (d) 12

ব্যাখ্যাঃ ধরি,

ধারাটির ১ম পদ a

সাধারণ অন্তর d

$\therefore a+(5-1)d=18 \Rightarrow a+4d=18 \ldots\ldots$ (i) এবং $\frac{5}{2}\{2a+(5-1)d\}=75 \Rightarrow 2a+4d=30 \ldots\ldots$ (ii)

(i) – (ii)

$$\begin{array}{l} 2a+4d=30 \\ \underline{a+4d=18} \\ a \quad =12 \end{array} \quad \therefore \text{প্রথম পদ} = 12$$

০৮। একটি সমান্তর অনুক্রমে সাধারণ অন্তর 10 এবং 6-তম পদটি 52 হলে 15-তম পদটি – [BCS: 37th]

(a) 140 (b) 142 (c) 148 (d) 150

উত্তরঃ (b) 142.

ব্যাখ্যাঃ প্রথম পদ a ও সাধারণ অন্তর d হলে।

n-তম পদ $= a+(n-1)d \quad \therefore$ 6- তম পদ $= a+(6-1)d \Rightarrow 52 = a+5\times 10 \Rightarrow a = 52-50 \therefore a = 2$

$\therefore$ 15-তম পদ $= 2+(15-1)\times 10 = 2+140 = 142$

০৯। একটি গুণোত্তর অনুক্রমে তৃতীয় পদটি 20 এবং ষষ্ঠ (6-তম) পদটি 160 হলে প্রথম পদটি- [BCS: 37th]

(a) 5 (b) 10 (c) 12 (d) 8

উত্তরঃ (a) 5.

ব্যাখ্যাঃ প্রথম পদ a ও সাধারণ অনুপাত q পদসংখ্যা = n

$aq^2 = 20 \ldots\ldots (1) \; [\because a_n = a.q^{n-1}]$

$aq^5 = 160 \ldots\ldots (2)$

$(2) \div (1)$

$\frac{aq^5}{aq^2} = \frac{160}{20} \Rightarrow q^3 = 8 \Rightarrow q^3 = 2^3 \therefore q = 2$

(1) নং হতে, $a(2)^2 = 20 \Rightarrow a = \frac{20}{4} \therefore a = 5$

১০। $1+3+5+\ldots\ldots\ldots+(2x-1)$ কত? [BCS: 36th]

(a) $x(x-1)$ (b) $\frac{x(x+1)}{2}$ (c) $x(x-1)$ (d) x^2

উত্তরঃ (d) x^2.

ব্যাখ্যাঃ বিজোড় স্বাভাবিক সংখ্যার যোগফল এর সূত্রানুযায়ী।

জ্যামিতি

Type – 1 : বিন্দু ও রেখা


- বিন্দু, রেখা, তল সম্পর্কিত কয়েকটি প্রয়োজনীয় তথ্য :

(১) দুইটি বিন্দুর মধ্য দিয়ে একটি এবং কেবল একটি সরলরেখা আঁকা যায়।

(২) যেসব বিন্দু একই সরলরেখায় অবস্থান করে, তাদেরকে সমরেখ বিন্দু বলা হয়।

(৩) একটি রেখাংশের দৈর্ঘ্যই তার প্রান্ত বিন্দুদ্বয়ের দূরত্ব।

(৪) প্রান্তবিন্দুদ্বয় ছাড়া রেখাংশের যেকোনো বিন্দুকে ঐ রেখাংশের অন্তঃস্থ বিন্দু বলা হয়।
PR রেখাংশের অন্তঃস্থ কোনো বিন্দু Q হলে, PQ + QR = PR হবে।




(৫) একই সমতলে দুইটি অসমান্তরাল সরলরেখা একটি এবং কেবল একটি বিন্দুতে পরস্পরকে ছেদ করে।


(৬) যদি দুইটি বিন্দু একই সমতলে অবস্থান করে, তবে তাদের সংযোগরেখা সম্পূর্ণভাবে ঐ তলেই অবস্থান করে।

Type – 2 : কোণ


সন্নিহিত কোণ : যদি কোনো তলে দুইটি কোণের একই শীর্ষবিন্দু হয় এবং কোণদ্বয় সাধারণ বাহুর বিপরীত পাশে অবস্থান করে, তবে ঐ কোণদ্বয়কে সন্নিহিত কোণ বলে। চিত্রে, ∠DAC ও ∠BAC পরস্পর পরস্পরের সন্নিহিত কোণ।




প্রবৃদ্ধ কোণ : দুই সমকোণ বা ১৮০° অপেক্ষা বড় কিন্তু চার সমকোণ বা ৩৬০° অপেক্ষা ছোট কোণকে প্রবৃদ্ধ কোণ বলা হয়। চিত্রে, চিহ্নিত ∠AOC = x একটি প্রবৃদ্ধ কোণ।




পূরক কোণ : দুইটি কোণের সমষ্টি এক সমকোণ বা ৯০° হলে, কোণ দু'টিকে একটি অপরটির পূরক কোণ বলে। চিত্রে, ∠AOC এবং ∠BOC একে অপরের পূরক কোণ।




সম্পূরক কোণ : দুইটি কোণের সমষ্টি দুই সমকোণ বা ১৮০° হলে কোণ দু'টিকে একে অপরের সম্পূরক কোণ বলে।
চিত্রে, ∠AOC এবং ∠COB পরস্পর সম্পূরক কোণ।




বিপ্রতীপ কোণ : কোনো কোণের সন্নিহিত বাহুদ্বয়ের বিপরীত রশ্মিদ্বয় যে কোণ তৈরি করে তা ঐ কোণের বিপ্রতীপ কোণ। চিত্রে ∠BOC ও ∠DOA একটি অপরটির বিপ্রতীপ কোণ। বিপ্রতীপ কোণদ্বয় পরস্পর সমান।



একান্তর কোণ : দুটি সমান্তরাল সরল রেখাকে অপর একটি সরল রেখা তীর্যকভাবে ছেদ করলে ছেদকের বিপরীত পার্শ্বস্থ কোণদ্বয়ের একটিকে অপরটির একান্তর কোণ বলে। একান্তর কোণদ্বয় পরস্পর সমান। ∠AXY এর একান্তর কোণ ∠XYD এবং ∠AXY = ∠XYD



অনুরূপকোণ : দুটি সমান্তরাল সরল রেখাকে কোন ছেদক ছেদ করলে ছেদকের একই পার্শ্বস্থ কোণদ্বয়ের একটিকে অপরটিকে অনুরূপ কোণ বলে। চিত্রে ∠PXB এবং ∠XYD পরস্পর পরস্পরের অনুরূপ কোণ।




কতিপয় উদাহরণঃ

০১। দুটি সমান্তরাল সরলরেখাকে অপর একটি সরলরেখা ছেদ করলে কোনটি সঠিক নয়?

(a) একান্তর কোণগুলো সমান হবে
(b) অনুরূপ কোণগুলো সমান নয়
(c) অনুরূপ কোণগুলো সমান হবে
(d) একান্তর ও অনুরূপ কোণগুলো সমান হবে।


উত্তরঃ (b) অনুরূপ কোণগুলো সমান নয়
ব্যাখ্যাঃ চিত্রে, ∠PXB = অনুরুপ ∠PYD.
এবং, ∠AXY = একান্তর ∠XYD.



০২। একটি সরলরেখার সাথে আর একটি রেখাংশ মিলিত হয়ে যে সন্নিহিত কোণ উৎপন্ন হয় তাদের সমষ্টি কত হবে?
(a) ৯০° (b) ১৬০° (c) ১৮০° (d) ১২০°

উত্তরঃ (c) ১৮০°

ব্যাখ্যাঃ CD সরলরেখার সাথে AB রেখাংশ মিলিত হয়ে দুটি সন্নিহিত কোণ ∠ABD ও∠ABC উৎপন্ন করে এবং ∠CBD এক সরলকোণ।




সুতরাং ∠ABD + ∠ABC = CBD = ১৮০°।

০৩। একটি সরলরেখার উপর লম্ব অঙ্কন করলে কয়টি সমকোণ পাওয়া যায়?
(a) ১টি (b) ২টি (c) ৩টি (d) ৪টি

উত্তরঃ (b) ২টি

ব্যাখ্যাঃ চিত্রে, ∠DAC = ৯০°
এবং, ∠BAC = ৯০°



∴ দু'টি সমকোণ পাওয়া যায়।

০৪। দুই সমকোণ থেকে বড়, কিন্তু চার সমকোণ থেকে ছোট, সে ধরনের কোণের নাম কি?
(a) সূক্ষ্মকোণ (b) স্থূলকোণ (c) সম্পূরক কোণ (d) প্রবৃদ্ধকোণ

উত্তরঃ (d) প্রবৃদ্ধকোণ

ব্যাখ্যাঃ দুই সমকোণ বা ১৮০° থেকে বড় কিন্তু চার সমকোণ বা ৩৬০° থেকে ছোট কোণকে প্রবৃদ্ধ কোণ বলা হয়।

০৫। ৪০ ডিগ্রি কোণের পূরক কোণ কোনটি?
(a) ৩২০ ডিগ্রি (b) ৫০ ডিগ্রি (c) ১২০ ডিগ্রি (d) ১৪০ ডিগ্রি

উত্তরঃ (b) ৫০ ডিগ্রি

ব্যাখ্যাঃ নির্ণেয় পূরককোণ = (৯০− ৪০)° = ৫০°

০৬। দুই সম্পূরক কোণের অনুপাত ২৩ : ১৩, কোণ দুটি কত?
(a) ১১৫, ৬৫ (b) ৯২, ৮৮ (c) ১৩৮, ৪২ (d) ১০২, ৭৮

উত্তরঃ (a) ১১৫, ৬৫

ব্যাখ্যাঃ অনুপাত রাশি দুটির যোগফল = ২৩ + ১৩ = ৩৬
দুটি সম্পূরক কোণের সমষ্টি ১৮০°

ক্ষুদ্রতম কোণের পরিমাপ = $\left(১৮০ \times \frac{১৩}{৩৬}\right)^\circ$ = ৬৫°

বৃহত্তম কোণের পরিমাপ = (১৮০ − ৬৫)° = ১১৫°

Type – 3 : কোণ পরিমাপের এককসমূহ

কোণ পরিমাপের জন্য সাধারণত ষাটমূলক (ডিগ্রি) বা, বৃত্তীয়মূলক (রেডিয়ান) একক ব্যবহার করা হয়।

১৮০° = π^C	(১৮০ ডিগ্রি = π রেডিয়ান)

১° = ৬০' (১ ডিগ্রি = ৬০ মিনিট)
১' = ৬০" (১ মিনিট = ৬০ সেকেন্ড)
১° = ৩৬০০" (১ ডিগ্রি = ৩৬০০ সেকেন্ড)

Case - 1 : ষাটমূলক হতে বৃত্তীয় পরিমাপ

$১^{\circ} = \left(\frac{\pi}{১৮০}\right)^{C}$ [১ ডিগ্রি $= \frac{\pi}{১৮০}$ রেডিয়ান]

$\therefore D^{\circ} = \left(\frac{\pi}{১৮০} \times D\right)^{C}$ [D ডিগ্রি $= \left(\frac{\pi}{১৮০} \times D\right)$ রেডিয়ান]

উদাহরণ : ৬০° = কত রেডিয়ান?

সমাধান : $D^{\circ} = \left(\frac{\pi}{১৮০} \times D\right)^{C}$

$\therefore ৬০^{\circ} = \left(\frac{\pi}{১৮০} \times ৬০\right)^{C} = \frac{\pi^{c}}{৩}$

$\therefore ৬০^{\circ} = \frac{\pi^{c}}{৩}$ রেডিয়ান

Case - 2 : বৃত্তীয় হতে ষাটমূলক পরিমাপ

$১^{c} = \left(\frac{১৮০}{\pi}\right)^{\circ}$ [১ রেডিয়ান $= \frac{১৮০}{\pi}$ ডিগ্রি]

$R^{c} = \left(\frac{১৮০}{\pi} \times R\right)^{\circ}$ [R রেডিয়ান $= \left(\frac{১৮০}{\pi} \times R\right)$ ডিগ্রি]

উদাহরণ : $\frac{\pi^{c}}{২}$ = কত ডিগ্রি?

সমাধান : $R^{c} = \left(\frac{১৮০}{\pi} \times R\right)^{\circ}$

$\frac{\pi^{c}}{২} = \left(\frac{১৮০}{\pi} \times \frac{\pi}{২}\right)^{\circ} = ৯০^{\circ}$

$\therefore \frac{\pi^{c}}{২} = ৯০$ ডিগ্রি

কতিপয় উদাহরণঃ

০১। $২২\frac{১^{\circ}}{২}$ এর রেডিয়ানরূপ কোনটি?

(a) $\frac{\pi}{৩}$ রেডিয়ান (b) $\frac{\pi}{৮}$ রেডিয়ান (c) $\frac{\pi}{৫}$ রেডিয়ান (d) $\frac{\pi}{৬}$ রেডিয়ান

উত্তরঃ (b) $\frac{\pi}{৮}$ রেডিয়ান

ব্যাখ্যাঃ $২২\frac{১^{\circ}}{২} = \frac{৪৫^{\circ}}{২} = \frac{৪৫}{২} \times \frac{\pi}{১৮০}$ রেডিয়ান [$\because ১^{\circ} = \frac{\pi}{১৮০}$ রেডিয়ান] $= \frac{\pi}{৮}$ রেডিয়ান

০২। একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৩: ৪: ৫, বৃহত্তম কোণটির বৃত্তীয় মান কত?

(a) $\frac{\pi}{৩}$ (b) $\frac{\pi}{8}$ (c) $\frac{৫\pi}{১২}$ (d) $\frac{\pi}{৪}$

উত্তরঃ (c) $\frac{৫\pi}{১২}$

ব্যাখ্যাঃ ধরি, কোণ তিনটি যথাক্রমে $৩x^{c}, ৪x^{c}, ৫x^{c}$.

প্রশ্নমতে, $৩x^{c} + ৪x^{c} + ৫x^{c} = \pi^{c}$ [ত্রিভুজের তিন কোণের সমষ্টি 2 সমকোণ $= \pi^{c}$]

বা, $১২x^{c} = \pi^{c}$ বা, $x = \frac{\pi}{১২}$

$\therefore$ কোণ তিনটি যথাক্রমে


$৩x^{c} = \left(\frac{৩\pi}{১২}\right)^{C} = \left(\frac{\pi}{8}\right)^{C} = \frac{\pi}{8}$; $৪x^{c} = \left(\frac{৪\pi}{১২}\right)^{C} = \left(\frac{\pi}{৩}\right)^{C} = \frac{\pi}{৩}$; $৫x^{c} = \left(\frac{৫\pi}{১২}\right)^{C} = \frac{৫\pi}{১২}$

নির্ণেয় বৃহত্তম কোণটির বৃত্তীয় মান: $\frac{৫\pi}{১২}$


ত্রিভুজ

বাহুর ভিত্তিতে ত্রিভুজের শ্রেণিবিভাগ

- সমবাহু ত্রিভুজ
- সমদ্বিবাহু ত্রিভুজ
- বিষমবাহু ত্রিভুজ



সমবাহু ত্রিভুজ : যে ত্রিভুজের তিনটি বাহু সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে। চিত্রে ABC ত্রিভুজের AB = BC = CA অর্থাৎ বাহু তিনটির দৈর্ঘ্য সমান। সুতরাং ABC ত্রিভুজটি একটি সমবাহু ত্রিভুজ।



সমবাহু ত্রিভুজের প্রত্যেক কোণের পরিমান ৬০°।

সমদ্বিবাহু ত্রিভুজ : যে ত্রিভুজের দুইটি বাহু সমান তা সমদ্বিবাহু ত্রিভুজ। চিত্রে ABC ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য সমান (AB = AC), যাদের কোনোটিই তৃতীয় বাহুর সমান নয়। সুতরাং ABC ত্রিভুজটি সমদ্বিবাহু ত্রিভুজ।



বিষমবাহু ত্রিভুজ : যে ত্রিভুজের তিনটি বাহুই পরস্পর অসমান তা বিষমবাহু ত্রিভুজ। চিত্রে ABC ত্রিভুজের AB, BC, CA বাহুগুলোর দৈর্ঘ্য পরস্পর অসমান। সুতরাং ABC ত্রিভুজটি বিষমবাহু ত্রিভুজ।


কতিপয় উদাহরণঃ

০১। সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুদ্বয় বর্ধিত করলে উৎপন্ন কোণদ্বয় হবে-

(a) স্থূলকোণ (b) সমকোণ (c) সূক্ষ্মকোণ (d) সরলকোণ

উত্তরঃ (a) স্থূলকোণ

ব্যাখ্যাঃ ΔABC –সমদ্বিবাহু ত্রিভুজে $AB = AC$; $\angle ABC = \angle ACB =$ সূক্ষ্মকোণ।
এখন, AB, AC বাহুদ্বয়কে যথাক্রমে E, D পর্যন্ত বর্ধিত করলে
বহিঃস্থ $\angle CBE$ এবং $\angle BCD$ কোণ উৎপন্ন হয়। $\angle CBE$ এবং $\angle BCD$
যথাক্রমে $\angle ABC$ এবং $\angle ACB$ এর সম্পূরক কোণ।
$\angle CBE$ এবং $\angle BCD$ কোণদ্বয় প্রত্যেকটি স্থূলকোণ হবে।
সূক্ষ্মকোণের সম্পূরক কোণ সর্বদা স্থূলকোণ হয়।




০২। কোনো ত্রিভুজের একটি বাহু উভয় দিকে বর্ধিত করায় উৎপন্ন বহিঃস্থ কোণগুলো পরস্পর সমান হলে ত্রিভুজটি-

(a) বিষমবাহু (b) সমদ্বিবাহু (c) সমবাহু (d) সমকোণী

উত্তরঃ (b) সমদ্বিবাহু

ব্যাখ্যাঃ ΔABC এর BC বাহুকে উভয় দিকে D, E পর্যন্ত বর্ধিত করা হলো।
$\angle ABD = \angle ACE$
বা, $১৮০° - \angle ABD = ১৮০° - \angle ACE$
বা, $\angle ABC = \angle ACB$ $\therefore AB = AC$
সুতরাং ΔABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ।




০৩। ABC ত্রিভুজের $AB = AC$, $\angle A = ৮০°$ হলে $\angle B$ কত?

(a) ৫০° (b) ৫৫° (c) ৬০° (d) ৬২°

উত্তরঃ (a) ৫০°

ব্যাখ্যাঃ ABC ত্রিভুজে $AB = AC \therefore \angle B = \angle C$
ΔABC –এ
$\angle A + \angle B + \angle C = ১৮০°$
$৮০° + \angle B + \angle B = ১৮০°$; [$\because \angle B = \angle C$]
$২\angle B = ১০০°$ $\therefore \angle B = ৫০°$



০৪। ত্রিভুজের যেকোনো দু'টি মধ্যমা পরস্পর সমান হলে ত্রিভুজটি-

(a) সমবাহু ত্রিভুজ (b) সমকোণী ত্রিভুজ (c) বিষমবাহু ত্রিভুজ (d) সমদ্বিবাহু ত্রিভুজ

উত্তরঃ (d) সমদ্বিবাহু ত্রিভুজ

ব্যাখ্যাঃ সমদ্বিবাহু ত্রিভুজের দুটি মধ্যমা সমান।

কোণের ভিত্তিতে ত্রিভুজের শ্রেণিবিভাগ
- সুক্ষ্মকোণী
- স্থূলকোণী
- সমকোণী


কতিপয় উদাহরণঃ

০১। সমকোণী ত্রিভুজের অতিভুজ সংলগ্ন কোণ দুটির প্রত্যেকটি-

(a) স্থূলকোণ (b) সরলকোণ (c) সূক্ষ্মকোণ (d) পূরককোণ

উত্তরঃ (c) সূক্ষ্মকোণ

ব্যাখ্যাঃ ABC সমকোণী ত্রিভুজে $\angle B = ৯০°$
আবার, $\angle A + \angle B + \angle C = ১৮০°$
$\angle A + \angle C = ১৮০° - ৯০°$
$\angle A + \angle C = ৯০°$
$\therefore \angle A$, $\angle C$ কোণ দুটির প্রত্যেকটি সূক্ষ্মকোণ।



স্থূলকোণী ত্রিভুজের স্থূলকোণের সংখ্যা-

(a) ৩টি (b) কোনোটিই নয় (c) ১টি (d) ২টি

উত্তরঃ (c) ১টি

ব্যাখ্যাঃ স্থূলকোণী ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ এবং অপর দুটি কোণ সূক্ষ্মকোণ।

ত্রিভুজের তিনটি বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রসমূহ কয়টি সমকোণ তৈরি করে?

(a) ১২ (b) ১৬ (c) ৮ (d) ৯

উত্তরঃ (a) ১২


ব্যাখ্যাঃ প্রতিটি বর্গক্ষেত্রে সমকোণ ৪টি। ত্রিভুজের তিন বাহুর উপর অঙ্কিত ৩টি বর্গক্ষেত্রে মোট সমকোণ = (৪ × ৩)টি = ১২টি।

সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত একটি কোণ ৫০° হলে অপর কোণটি?

(a) ৩০° (b) ৪০° (c) ৫০° (d) ২০°

উত্তরঃ (b) ৪০°

ব্যাখ্যাঃ ধরি, ABC সমকোণী ত্রিভুজের একটি কোণ



∠A = ৫০° এবং সমকোণ ∠B = ৯০°

আমরা জানি, ∠A + ∠B + ∠C = ১৮০°


বা, ৫০° + ৯০° + ∠C = ১৮০°

∴ ∠C = ৪০°

কোনো ত্রিভুজের একটি কোণ অপর দুটি কোণের সমান হলে ত্রিভুজটি-

(a) সমবাহু (b) সমকোণী (c) সূক্ষ্মকোণী (d) স্থূলকোণী

উত্তরঃ (b) সমকোণী



ব্যাখ্যাঃ প্রশ্নমতে, ∠A + ∠C = ∠B

আমরা জানি,

∠A + ∠B + ∠C = ১৮০°

বা, ∠B + ∠B = ১৮০°; বা, ২∠B = ১৮০° ∴ ∠B = ৯০° ∴ ত্রিভুজটি সমকোণী।

একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ১ : ২ : ৩। ত্রিভুজটি হবে-

(a) সমবাহু (b) সূক্ষ্মকোণী (c) স্থূলকোণী (d) সমকোণী

উত্তরঃ (d) সমকোণী

ব্যাখ্যাঃ এখানে, ত্রিভুজের দুইটি কোণের সমষ্টি তৃতীয় কোণের সমান। (১ + ২ = ৩) ∴ ত্রিভুজটি সমকোণী।

একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ সে.মি. হলে, তার অতিভুজের মান কত?

(a) ৭ সে.মি. (b) ৫ সে.মি. (c) ৬ সে.মি. (d) ৮ সে.মি.

উত্তরঃ (b) ৫ সে.মি.

ব্যাখ্যাঃ সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের একটি ভূমি এবং অপরটিকে লম্ব বলে।

পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী অতিভুজ^2 = লম্ব^2 + ভূমি^{2}

∴ অতিভুজ = $\sqrt{\text{লম্ব}^2 + \text{ভূমি}^2} = \sqrt{৩^2 + ৪^2} = \sqrt{৯ + ১৬}$ = ৫ সে.মি.

Type – 4 : বাহুর মানের ভিত্তিতে ত্রিভুজ নির্ণয়

বাহুর মান দেওয়া থাকলে নিম্নোক্তশর্তে ত্রিভুজ নির্ণয় করা যায়-

(বৃহত্তম বাহু)^2 = (১ম ক্ষুদ্রত্তম বাহু)^2 + (২য় ক্ষুদ্রত্তম বাহু)^2 → সমকোণী ত্রিভুজ।

(বৃহত্তম বাহু)^2 < (১ম ক্ষুদ্রত্তম বাহু)^2 + (২য় ক্ষুদ্রত্তম বাহু)^2 → সূক্ষ্মকোণী ত্রিভুজ।

(বৃহত্তম বাহু)^2 > (১ম ক্ষুদ্রত্তম বাহু)^2 + (২য় ক্ষুদ্রত্তম বাহু)^2 → স্থূলকোণী ত্রিভুজ।

কতিপয় উদাহরণঃ

০১। সমকোণী ত্রিভুজের বাহুগুলোর অনুপাত কোনটি?

(a) ১৩ : ১২ : ৫ (b) ৬ : ৪ : ৩ (c) ৬ : ৫ : ৩ (d) ১২ : ৮ : ৪

উত্তরঃ (a) ১৩ : ১২ : ৫

ব্যাখ্যাঃ (বৃহত্তম বাহু)^2 = (১ম ক্ষুদ্রত্তম বাহু)^2 + (২য় ক্ষুদ্রত্তম বাহু)^2 → সমকোণী ত্রিভুজ।

(a) $১৩^2 = ১২^2 + ৫^2$ (সমকোণী ত্রিভুজ) (b) $৬^2 \neq ৪^2 + ৩^2$

(c) $৬^2 \neq ৫^2 + ৩^2$ (d) $১২^2 \neq ৮^2 + ৪^2$

০২। একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৫, ৬ ও ৭ সে.মি. তাহলে উহা কোন ধরনের ত্রিভুজ?

(a) স্থুলকোণী (b) সমকোণী (c) সূক্ষ্মকোণী (d) কোনটিই নয়

উত্তরঃ (c) সূক্ষ্মকোণী

ব্যাখ্যাঃ

(বৃহত্তম বাহু)^2 = (১ম ক্ষুদ্রত্তম বাহু)^2 + (২য় ক্ষুদ্রত্তম বাহু)^2 → সমকোণী ত্রিভুজ।

(বৃহত্তম বাহু)^2 < (১ম ক্ষুদ্রত্তম বাহু)^2 + (২য় ক্ষুদ্রত্তম বাহু)^2 → সূক্ষ্মকোণী ত্রিভুজ।

(বৃহত্তম বাহু)^2 > (১ম ক্ষুদ্রত্তম বাহু)^2 + (২য় ক্ষুদ্রত্তম বাহু)^2 → স্থূলকোণী ত্রিভুজ।

এখানে,

$৭^2 = ৪৯$

$৫^2 + ৬^2 = ৬১$

$\therefore ৭^2 \angle ৫^2 + ৬^2$

∴ ত্রিভুজটি সূক্ষ্মকোণী

Type – 5 : ত্রিভুজ সম্পর্কিত অনুসিদ্ধান্ত

- ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণের সমান।
- ত্রিভুজের একটি বাহুকে বর্ধিত করলে যে বহিঃস্থ কোণ উৎপন্ন হয়, তা এর বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির সমান।
- ত্রিভুজের একটি বাহুকে বর্ধিত করলে যে বহিঃস্থ কোণ উৎপন্ন হয়, তা এর বিপরীত অন্তঃস্থ কোণ দুইটির প্রত্যেকটি অপেক্ষা বৃহত্তর।
- সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয় পরস্পর পূরক কোণ।
- একটি ত্রিভুজকে অপর একটি ত্রিভুজের উপর স্থাপন করলে যদি ত্রিভুজ দুইটি সর্বতোভাবে মিলে যায়, তবে ত্রিভুজ দুইটি সর্বসম হয়। সর্বসম ত্রিভুজের অনুরূপ বাহু ও অনুরূপ কোণগুলো সমান।
- যদি দুইটি ত্রিভুজের একটির দুই বাহু যথাক্রমে অপরটির দুই বাহুর সমান হয় এবং বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ দুইটি পরস্পর সমান হয়, তবে ত্রিভুজ দুইটি সর্বসম।
- যদি একটি ত্রিভুজের তিন বাহু অপর একটি ত্রিভুজের তিন বাহুর সমান হয়, তবে ত্রিভুজ দুইটি সর্বসম হবে।
- যদি একটি ত্রিভুজের দুইটি কোণ ও এদের সংলগ্ন বাহু যথাক্রমে অপর একটি ত্রিভুজের দুইটি কোণ ও তাদের সংলগ্ন বাহুর সমান হয়, তবে ত্রিভুজ দুইটি সর্বসম হবে।
- যদি কোনো ত্রিভুজের দুইটি বাহু পরস্পর সমান হয়, তবে এদের বিপরীত কোণ দুইটিও পরস্পর সমান হবে।
- যদি কোনো ত্রিভুজের দুইটি কোণ পরস্পর সমান হয়, তবে এদের বিপরীত বাহু দুইটিও পরস্পর সমান হবে।
- দুইটি সমকোণী ত্রিভুজের অতিভুজদ্বয় সমান হলে এবং একটির এক বাহু অপরটির অপর এক বাহুর সমান হলে, ত্রিভুজদ্বয় সর্বসম।
- কোনো ত্রিভুজের একটি বাহু অপর একটি বাহু অপেক্ষা বৃহত্তর হলে, বৃহত্তর বাহুর বিপরীত কোণ ক্ষুদ্রতর বাহুর বিপরীত কোণ অপেক্ষা বৃহত্তর।
- কোনো ত্রিভুজের একটি কোণ অপর একটি কোণ অপেক্ষা বৃহত্তর হলে, বৃহত্তর কোণের বিপরীত বাহু ক্ষুদ্রতর কোণের বিপরীত বাহু অপেক্ষা বৃহত্তর।
- ত্রিভুজের যেকোনো দুই বাহুর দৈর্ঘ্যের সমষ্টি এর তৃতীয় বাহুর দৈর্ঘ্য অপেক্ষা বৃহত্তর।
- ত্রিভুজের যেকোনো দুই বাহুর দৈর্ঘ্যের অন্তর এর তৃতীয় বাহুর দৈর্ঘ্য অপেক্ষা ক্ষুদ্রতর।
- ত্রিভুজের যেকোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল এবং দৈর্ঘ্যে তার অর্ধেক।

কতিপয় উদাহরণঃ

০১। কোনো ত্রিভুজের তিনটি বাহুকে একইভাবে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি-

(a) ১৮০° (b) ২৭০° (c) ৩৬০° (d) ৫৪০°


উত্তরঃ (c) ৩৬০°

ব্যাখ্যাঃ বহিঃস্থ কোণত্রয়ের সমষ্টি = ১৮০° − A + ১৮০° − B + ১৮০° − C

= (১৮০° + ১৮০° + ১৮০°) − (A + B + C)

= ৫৪০° − ১৮০° [∵ A + B + C = ১৮০°]

= ৩৬০°



০২। ত্রিভুজের যেকোনো দুটি বহিঃস্থ কোণের সমষ্টি-

(a) দুই কোণের সমান (b) দুই সমকোণের ছোট

(c) দুই সমকোণ অপেক্ষা বৃহত্তর (d) এক সমকোণ


উত্তরঃ (c) দুই সমকোণ অপেক্ষা বৃহত্তর

ব্যাখ্যাঃ চিত্রে, ΔABC –এর AB ও AC বাহুকে যথাক্রমে, E ও F পর্যন্ত বর্ধিত করা হলো। তাহলে, $\angle CBE$ এবং $\angle BCF$ নামক বহিঃস্থ কোণদ্বয় উৎপন্ন হলো। এখন, $\angle CBE = \angle BAC + \angle ACB$ এবং $\angle BCF = \angle ABC + \angle BAC$।

$\therefore \angle CBE + \angle BCF = \angle BAC + \angle ACB + \angle ABC + \angle BAC =$ ১৮০° + $\angle BAC$।

$\therefore \angle CBE + \angle BCF >$ ১৮০°

∴ ত্রিভুজের দুটি বহিঃস্থ কোণের সমষ্টি ১৮০° বা দুই সমকোণ অপেক্ষা বৃহত্তর।



০৩। ΔABC এর $\angle A$ = ৪৫° ও $\angle B$ = ৩০° হলে $\angle C$ এর মান কত ডিগ্রী?

(a) ৯০ (b) ১০০ (c) ১০৫ (d) ১১০

উত্তরঃ (c) ১০৫

ব্যাখ্যাঃ যেকোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণের (১৮০°) সমান।

অর্থাৎ $\angle A + \angle B + \angle C$ = ১৮০°

$\therefore \angle C$ = ১৮০° − ৪৫° − ৩০° = ১০৫°

০৪। ABC ত্রিভুজের $\angle B = \angle C$ এবং BC বাহুর ওপর D একটি বিন্দু। কোন তথ্যটি সঠিক?

(a) $AB > AC$ (b) $BC < AC$ (c) $AC < AD$ (d) $AC > AD$

উত্তরঃ (d) $AC > AD$


ব্যাখ্যাঃ ABC ত্রিভুজে $\angle B = \angle C$

ABD ত্রিভুজে-বহিঃস্থ কোণ,

$\angle ADC = \angle B + \angle BAD = \angle C + \angle BAD$

ADC ত্রিভুজে-

$\angle ADC > \angle C$; $AC > AD$।




০৫। ABC ত্রিভুজের BC বাহুকে D পর্যন্ত বাড়ানো হলো। $\angle ACD$ = ১০৫° হলে $\angle BAC + \angle ABC$ = কত?

(a) ৯০° (b) ৭৫° (c) ১৮০° (d) ১০৫°

উত্তরঃ (d) ১০৫°

ব্যাখ্যাঃ বহিঃস্থ $\angle ACD = \angle BAC + \angle ABC$ = ১০৫°



০৬। ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য সেন্টিমিটারে দেয়া হলো। কোন ক্ষেত্রে ত্রিভুজ অঙ্কন সম্ভব?

(a) ২, ৫ এবং ৮ (b) ৩, ৪, এবং ৫ (c) ৫, ৪ এবং ৯ (d) ১২, ৫ এবং ৬

উত্তরঃ (b) ৩, ৪, এবং ৫

ব্যাখ্যাঃ আমরা জানি, ত্রিভুজের যেকোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর। পর্যায়ক্রমে দুটি করে বাহুর সমষ্টি বের করে তা তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর কিনা দেখার চেয়ে শুধুমাত্র ক্ষুদ্রতম বাহুদ্বয়ের সমষ্টি বৃহত্তম বাহু অপেক্ষা বৃহত্তর হলে ত্রিভুজ অঙ্কন সম্ভব তা সহজেই বোঝা যায়।

(a) ২ + ৫ < ৮ (ত্রিভুজ অঙ্কন সম্ভব নয়)

(b) ৩ + ৪ > ৫ (ত্রিভুজ অঙ্কন সম্ভব)

(c) ৪ + ৫ = ৯ (ত্রিভুজ অঙ্কন সম্ভব নয়)

(d) ৫ + ৬ < ১২ (ত্রিভুজ অঙ্কন সম্ভব নয়)


Type – 6 : ত্রিভুজের কেন্দ্র




ভরকেন্দ্র : ত্রিভুজের মধ্যমাত্রয়ের ছেদ বিন্দুকে ভরকেন্দ্র বলে। ভরকেন্দ্র মধ্যমাত্রয়কে 2 : 1 অনুপাতে বিভক্ত করে।



লম্ব কেন্দ্র : ত্রিভুজের শীর্ষবিন্দুগুলো হতে বিপরীত বাহুগুলোর উপর অংকিত লম্বগুলো যে বিন্দুতে ছেদ করে তাকে ঐ ত্রিভুজের লম্বকেন্দ্র বলে।



পরিকেন্দ্র : ত্রিভুজের বাহুগুলোর লম্বদিখণ্ডকত্রয় যে বিন্দুতে ছেদ করে তাকে ঐ ত্রিভুজের পরিকেন্দ্র বলে।



অন্তঃকেন্দ্র : কোন ত্রিভুজের তিনকোণের সমদ্বিখণ্ডক গুলো যে বিন্দুতে ছেদ করে তাকে ঐ ত্রিভুজের অন্তঃকেন্দ্র বলে। ΔABC এ তিনটি শীর্ষবিন্দু যথাক্রমে A, B, C এবং অন্তঃকেন্দ্র O।



বহিঃকেন্দ্র : ত্রিভুজের ১টি কোণের অন্তর্দ্বিখণ্ডক এবং অপর দুইটি কোণের বহির্দ্বিখণ্ডক যে বিন্দুতে ছেদ করে তাকে বহিঃকেন্দ্র বলে।

কতিপয় উদাহরণঃ

০১। কোনো ত্রিভুজের বাহুগুলোর লম্বদ্বিখণ্ডক তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে বলে-
(a) ভরকেন্দ্র (b) পরিকেন্দ্র (c) অন্তঃকেন্দ্র (d) লম্ববিন্দু

উত্তরঃ (b) পরিকেন্দ্র
ব্যাখ্যাঃ ত্রিভুজের বাহুগুলোর লম্বদিখণ্ডকত্রয় যে বিন্দুতে ছেদ করে তাকে ঐ ত্রিভুজের পরিকেন্দ্র বলে।

০২। কোনো ত্রিভুজের মধ্যমা তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে বলে-
(a) ভরকেন্দ্র (b) পরিকেন্দ্র (c) অন্তঃকেন্দ্র (d) লম্ববিন্দু

উত্তরঃ (a) ভরকেন্দ্র
ব্যাখ্যাঃ ত্রিভুজের মধ্যমাত্রয়ের ছেদ বিন্দুকে ভরকেন্দ্র বলে।

০৩। ত্রিভুজের ভরকেন্দ্র প্রত্যেক মধ্যমাকে কোন অনুপাতে অন্তঃবিভক্ত করে?
(a) ২ : ১ (b) ৩ : ১ (c) ১ : ২ (d) ১ : ৩

উত্তরঃ (a) ২ : ১
ব্যাখ্যাঃ ত্রিভুজের মধ্যমাত্রয়ের ছেদ বিন্দুকে ভরকেন্দ্র বলে এবং ভরকেন্দ্র মধ্যমাত্রয়কে 2 : 1 অনুপাতে বিভক্ত করে।

০৪। পরিকেন্দ্র থেকে ত্রিভুজের শীর্ষবিন্দুর দূরত্বকে বলে-
(a) পরিব্যাসার্ধ (b) পরিব্যাস (c) অন্তঃব্যাসার্ধ (d) অন্তঃব্যাস

উত্তরঃ (a) পরিব্যাসার্ধ
ব্যাখ্যাঃ পরিকেন্দ্র থেকে ত্রিভুজের শীর্ষবিন্দুর দূরত্বকে পরিব্যাসার্ধ বলে।

চতুর্ভুজ

কতিপয় উদাহরণঃ

০১। একটি চতুর্ভুজের ৪ কোণের সমষ্টি কত?
(a) ৯০° (b) ১৮০° (c) ৩৬০° (d) ২৭০°

উত্তরঃ (c) ৩৬০°
ব্যাখ্যাঃ চতুর্ভুজের কোণগুলোর সমষ্টি = {(২ × ৪ – ৪) × ৯০}° = ৩৬০°
অথবা,
n সংখ্যক বাহু বিশিষ্ট যেকোনো বহুভুজের কোণ = (n – ২) × ১৮০° = (৪ – ২) × ১৮০° = ৩৬০°

০২। চতুর্ভুজের অন্তঃকোণগুলোর সমষ্টি কত হবে?

(a) চার সমকোণ (b) ছয় সমকোণ (c) সাত সমকোণ (d) আট সমকোণ

উত্তরঃ (a) চার সমকোণ

ব্যাখ্যাঃ চতুর্ভুজের কোণগুলোর সমষ্টি = ৪ সমকোণ।

০৩। একটি চতুর্ভুজের তিন কোণের সমষ্টি ২৮০°। চতুর্থ কোণটির মান কত?

(a) ৬০° (b) ৮০° (c) ৯০° (d) ১৮০°

উত্তরঃ (b) ৮০°


ব্যাখ্যাঃ চতুর্ভুজের চার কোণের সমষ্টি ৩৬০°।

চতুর্থ কোণটির মান = (৩৬০ – ২৮০)° = ৮০°।

Type – 1 : সামান্তরিক

যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল তাকে সামান্তরিক বলে। সামান্তরিকের সীমাবদ্ধ ক্ষেত্রকে সামান্তরিকক্ষেত্র বলে।

সামান্তরিকের বৈশিষ্ট্য :



- বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান।
- বিপরীত কোণগুলো পরস্পর সমান।
- যে কোন দুইটি সন্নিহিত কোণ পরস্পরের সম্পূরক।
- কর্ণদ্বয় অসমান।
- কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।
- বিপরীত বাহু ও বিপরীত কোণগুলো পরস্পর সমান এবং প্রত্যেক কর্ণ সামন্তরিককে দুটি সর্বসম ত্রিভুজে বিভক্ত করে।

কতিপয় উদাহরণঃ

০১। কোন ক্ষেত্রটি সামান্তরিক নয়?

(a) রম্বস (b) বর্গক্ষেত্র (c) আয়তক্ষেত্র (d) ট্রাপিজিয়াম

উত্তরঃ (d) ট্রাপিজিয়াম

ব্যাখ্যাঃ সামান্তরিকের বিপরীত বাহুগুলো পরস্পর সমান্তরাল হয়। তাই রম্বস, বর্গ এবং আয়তক্ষেত্র প্রতিটিই সামান্তরিক হলেও ট্রাপিজিয়াম কোন সামান্তরিক নয়।

০২। সামান্তরিকের দুটি সন্নিহিত কোণের একটি ১১৫° হলে অপরটি কত?

(a) ৬৫° (b) ৭৫° (c) ৮০° (d) ৮৫°


উত্তরঃ (a) ৬৫°

ব্যাখ্যাঃ আমরা জানি, সামান্তরিকের দুটি সন্নিহিত কোণের সমষ্টি ১৮০°

∴ দুটি সন্নিহিত কোণের একটি ১১৫° হলে অপর কোণ = (১৮০ – ১১৫)° = ৬৫°

০৩। ABCD সামান্তরিকের DC ভূমিকে E পর্যন্ত বাড়ানো হলো। $\angle BAD$ = ১০০° হলে, $\angle BCE$ = কত?

(a) ৬০° (b) ৮০° (c) ৯০° (d) ৯৫°



উত্তরঃ (b) ৮০°

ব্যাখ্যাঃ আমরা জানি, সামান্তরিকের বিপরীত কোণদ্বয় পরস্পর সমান।

প্রশ্নমতে, ABCD সামান্তরিকের $\angle BAD = \angle BCD$ = ১০০°


আবার, চিত্রানুসারে $\angle BCD + \angle BCE$ = ১৮০°

∴ $\angle BCE$ = ১৮০° – $\angle BCD$ = (১৮০ – ১০০)° = ৮০°

Type – 2 : রম্বস

যে সামান্তরিকের চারটি বাহুই পরস্পর সমান তাকে রম্বস বলে। রম্বসের বিপরীত বাহুগুলো সমান্তরাল হয়। রম্বস দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রকে রম্বসক্ষেত্র বলে।

রম্বসের বৈশিষ্ট্য :



- সকল বাহু সমান।
- বিপরীত কোণগুলো পরস্পর সমান।
- একটি কোণও সমকোণ নয়।
- কর্ণদ্বয় অসমান।
- সন্নিহিত কোণদ্বয়ের সমষ্টি ২ সমকোণ।
- কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।


কতিপয় উদাহরণঃ

০১। রম্বসের কর্ণদ্বয় 'O' বিন্দুতে ছেদ করেছে। কর্ণদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ-
(a) সূক্ষ্মকোণ (b) স্থূলকোণ (c) সরলকোণ (d) সমকোণ

উত্তরঃ (d) সমকোণ
ব্যাখ্যাঃ রম্বসের কর্ণদ্বয়ের ছেদবিন্দুতে উৎপন্ন কোণ এক সমকোণ বা ৯০°।


০২। ABCD রম্বসের $\angle A = ৬০°$ হলে $\angle D =$ কত?
(a) ৬০° (b) ৩০° (c) ১২০° (d) ১৮০°

উত্তরঃ (c) ১২০°
ব্যাখ্যাঃ রম্বসের সন্নিহিত কোণ দ্বয়ের সমষ্টি ১৮০°।



ABCD রম্বসের $\angle A + \angle D = ১৮০°$
$\therefore \angle D = ১৮০° - \angle A$
$= (১৮০ - ৬০)° = ১২০°$।

০৩। ABCD রম্বসের $\angle A = ৬০°$, $\angle B = ১২০°$ হলে $\angle C$ ও $\angle D$ এর মান যথাক্রমে–
(a) ১২০°, ৬০° (b) ১১০°, ৭০° (c) ৬০°, ১১০° (d) কোনোটিই নয়




উত্তরঃ (d) কোনোটিই নয়
ব্যাখ্যাঃ রম্বসের বিপরীত কোণদ্বয় পরস্পর সমান হয়।
তাই, $\angle A$ এর বিপরীত $\angle C = ৬০°$ এবং
$\angle B$ এর বিপরীত $\angle D = ১২০°$ হবে।

Type – 3 : আয়তক্ষেত্র

যে সামান্তরিকের কোণগুলো সমকোণ, তাই আয়ত। আয়তের চারটি কোণ সমকোণ। আয়ত দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রকে আয়তক্ষেত্র বলে।

আয়তক্ষেত্রের বৈশিষ্ট্য :



- বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান।
- প্রত্যেকটি কোণ সমকোণ।
- কর্ণদ্বয় পরস্পর সমান।

কতিপয় উদাহরণঃ

০১। সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামান্তরিকটি হবে-
(a) রম্বস (b) ট্রাপিজিয়াম (c) বর্গক্ষেত্র (d) আয়তক্ষেত্র

উত্তরঃ (d) আয়তক্ষেত্র
ব্যাখ্যাঃ যে সামান্তরিকের কোণগুলো সমকোণ, বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও প্রত্যেকটি কোণ সমকোণ, তাই আয়ত।

ABCD আয়তের ক্ষেত্রে কোনটি সঠিক?

(a) $AB = DC$ (b) $AD = BC$

(c) $\angle A = \angle B = \angle C = ৯০^\circ$ (d) সবগুলোই সঠিক


উত্তরঃ (d) সবগুলোই সঠিক

ব্যাখ্যাঃ আয়তের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান এবং কোণগুলো সমকোণ হয়। তাই $AB = DC, AD = BC, \angle B = \angle C = \angle D = ৯০^\circ$

Type – 4 : বর্গ

বর্গ এমন একটি আয়ত যার সন্নিহিত বাহুগুলো সমান। অর্থাৎ, বর্গ এমন একটি সামান্তরিক যার প্রত্যেকটি কোণ সমকোণ এবং বাহুগুলো প্রতিটি সমান। বর্গের সীমাবদ্ধ ক্ষেত্রকে বর্গক্ষেত্র বলে। চিত্রে ABCD একটি বর্গ।

বর্গক্ষেত্রের বৈশিষ্ট্য :



- সকল বাহু সমান।
- প্রত্যেকটি কোণ সমকোণ অর্থাৎ ৯০°।
- কর্ণদ্বয় পরপস্পর সমান।
- কর্ণদ্বয় পরপস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

কতিপয় উদাহরণঃ

০১। কোনো চতুর্ভুজের কর্ণদ্বয় সমান ও পরস্পর সমকোণে সমদ্বিখণ্ডিত। এটি কোন ধরনের চতুর্ভুজ হবে?

(a) বর্গক্ষেত্র (b) আয়তক্ষেত্র (c) সামান্তরিক (d) ট্রাপিজিয়াম

উত্তরঃ (a) বর্গক্ষেত্র

ব্যাখ্যাঃ বর্গ এমন একটি সামান্তরিক যার প্রত্যেকটি কোণ সমকোণ, বাহুগুলো প্রতিটি সমান এবং কর্ণদ্বয় সমান ও পরস্পর সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

০২। কোন ক্ষেত্রগুলোর কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে?


(a) আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্র (b) সামান্তরিক ও ট্রাপিজিয়াম (c) রম্বস ও সামান্তরিক (d) বর্গক্ষেত্র ও রম্বস

উত্তরঃ (d) বর্গক্ষেত্র ও রম্বস

ব্যাখ্যাঃ বর্গ এমন একটি সামান্তরিক যার প্রত্যেকটি কোণ সমকোণ, বাহুগুলো প্রতিটি সমান এবং কর্ণদ্বয় সমান ও পরস্পর সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

Type – 5 : ট্রাপিজিয়াম

যে চতুর্ভুজের এক জোড়া বিপরীত বাহু সমান্তরাল, তাকে ট্রাপিজিয়াম বলা হয়। ট্রাপিজিয়ামের সীমাবদ্ধ ক্ষেত্রকে ট্রাপিজিয়ামক্ষেত্র বলে। এখানে চিত্রে ABCD একটি ট্রাপিজিয়াম।



ট্রাপিজিয়ামের বৈশিষ্ট্য :

- কেবলমাত্র দুইটি বাহু সমান্তরাল, বাকী দুইটি বাহু অসমান্তরাল।
- সমান্তরাল বাহুদ্বয়ের একটিকে ভূমি এবং অসমান্তরাল বাহুদ্বয়কে তীর্যক বাহু বলা হয়।
- তীর্যক বাহুদ্বয় সমান হলে একে সমদ্বিবাহু ট্রাপিজিয়াম বলা হয়।
- সমান্তরাল বাহুদ্বয় কখনও সমান হতে পারে না।

কতিপয় উদাহরণঃ

০১। একটি চতুর্ভুজ চারটি বাহুর বিপরীত দুটি সমান্তরাল কিন্তু অসমান। একে বলে -

(a) সামান্তরিক (b) বর্গক্ষেত্র (c) ট্রাপিজিয়াম (d) আয়তক্ষেত্র

উত্তরঃ (c) ট্রাপিজিয়াম

ব্যাখ্যাঃ যে চতুর্ভুজের এক জোড়া বিপরীত বাহু সমান্তরাল, তাকে ট্রাপিজিয়াম বলা হয়।

০২। যে ট্রাপিজিয়ামের তীর্যক/অসমান্তরাল বাহুগুলো সমান, তাকে কী বলা হয়?
(a) সমবাহু ট্রাপিজিয়াম (b) সমদ্বিবাহু ট্রাপিজিয়াম (c) প্রকৃত ট্রাপিজিয়াম (d) অপ্রকৃত ট্রাপিজিয়াম
উত্তরঃ (b) সমদ্বিবাহু ট্রাপিজিয়াম
ব্যাখ্যাঃ ট্রাপিজিয়ামের তীর্যক বাহুদ্বয় সমান হলে একে সমদ্বিবাহু ট্রাপিজিয়াম বলা হয়।

বহুভুজ

Type – 1 : বহুভুজের কোণের পরিমাপ

একটি বহুভুজের বাহুর সংখ্যা যতগুলোই হোক না কেন তার বহিঃস্থ কোণের পরিমাপ নির্ণয়ের জন্য ৩৬০° কোণ কে উক্ত বহুভুজের বাহুর সংখ্যা দ্বারা ভাগ করতে হয়।

∴ বহিঃস্থ কোণের পরিমাপ $= \frac{৩৬০^\circ}{\text{বাহুর সংখ্যা}}$

অন্তঃকোণের পরিমাপের জন্য প্রথমে বহিঃস্থ কোণের পরিমাপ নির্ণয় করতে হবে। এরপর ১৮০° থেকে উক্ত বহিঃস্থ কোণকে বিয়োগ করলে অন্তঃকোণের মান পাওয়া যাবে।

∴ এখানে অন্তঃকোণের পরিমাপ = ১৮০° – বহিঃস্থ কোণের পরিমাপ

n বাহু বিশিষ্ট একটি বহিঃভুজের অন্তঃস্থ কোণ গুলোর সমষ্টি= (n – ২) × ১৮০°

<u>কতিপয় উদাহরণঃ</u>

০১। সুষম পঞ্চভুজের বহিঃস্থ কোণের পরিমাণ হবে-
(a) ৬০° (b) ৬৬° (c) ৭০° (d) ৭২°
উত্তরঃ (d) ৭২°
ব্যাখ্যাঃ এখানে, বাহু সংখ্যা = ৫টি
∴ এর প্রতিটি বহিঃস্থকোণের পরিমাপ $= \left(\frac{৩৬০}{৫}\right)^\circ$ = ৭২°।

০২। সুষম ষড়ভুজের কোনো একটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণের পরিমাণ কত ডিগ্রি?
(a) ৫০° (b) ৬০° (c) ৭৫° (d) ৯০°
উত্তরঃ (b) ৬০°
ব্যাখ্যাঃ এখানে বাহু সংখ্যা = ৬টি ∴ এর প্রতিটি বহিঃস্থকোণের পরিমাপ $= \left(\frac{৩৬০}{৬}\right)^\circ$ = ৬০°

০৩। আট বাহুবিশিষ্ট সুষম বহুভুজের একটি বহিঃস্থ কোণের পরিমাণ হবে-
(a) ৪৫° (b) ৬০° (c) ৮০° (d) ১০০°
উত্তরঃ (a) ৪৫°
ব্যাখ্যাঃ এখানে বাহু সংখ্যা = ৮টি ∴ এর প্রতিটি বহিঃস্থ কোণের পরিমাণ $= \left(\frac{৩৬০}{৮}\right)^\circ$ = ৪৫°।

০৪। একটি সুষম বহুভুজের বাহুর সংখ্যা ১২ হলে, প্রত্যেকটি বহিঃস্থ কোণের পরিমাণ কত?
(a) ১৫° (b) ২০° (c) ২৫° (d) ৩০°
উত্তরঃ (d) ৩০°
ব্যাখ্যাঃ এখানে বাহু সংখ্যা = ১২ টি ∴ এর প্রতিটি বহিঃস্হ কোণের পরিমাপ $= \left(\frac{৩৬০}{১২}\right)^\circ$ = ৩০°।

০৫। একটি সুষম পঞ্চভুজের একটি অন্তঃকোণের পরিমাণ হবে -
(a) ৯০° (b) ১১০° (c) ১২০° (d) ১০৮°
উত্তরঃ (d) ১০৮°
ব্যাখ্যাঃ এখানে বাহুর সংখ্যা = ৫ টি
তাহলে এর প্রতিটি বহিঃস্থ কোণের পরিমাপ $= \left(\frac{৩৬০}{৫}\right)^\circ$ = ৭২°। ∴ প্রতিটি অন্তঃকোণের পরিমাপ = (১৮০ – ৭২)° = ১০৮°

Type – 2 : বহুভুজের বাহুর সংখ্যা নির্ণয়

বহুভুজের বাহুর সংখ্যা নির্ণয়ের জন্য ৩৬০° কোণকে উক্ত বহুভুজের বহিঃস্থ কোণের পরিমাপ দ্বারা ভাগ করতে হবে। যদি অন্তঃকোণের মান দেওয়া থাকে, তবে ১৮০° থেকে অন্তঃকোণ বিয়োগ করে বহিঃস্থ কোণের পরিমাপ নির্ণয় করে বহুভুজের বাহুর সংখ্যা নির্ণয় করতে হবে।

∴ বহুভুজের বাহুর সংখ্যা $= \frac{৩৬০^\circ}{\text{বহিঃস্থ কোণের পরিমাণ}}$

কতিপয় উদাহরণঃ

একটি সুষম বহুভুজের প্রত্যেকটি বহিঃস্থ কোণের পরিমাণ ২০° হলে, বহুভুজটির বাহু সংখ্যা কত?

(a) ৯ (b) ১৮ (c) ২৭ (d) ৩৬

উত্তরঃ (b) ১৮

ব্যাখ্যাঃ এখানে, বহিঃস্হ কোণের পরিমাপ = ২০° ∴ নির্ণেয় বাহুর সংখ্যা $= \left(\frac{৩৬০^\circ}{২০^\circ}\right) = ১৮$

সুষম বহুভুজের একটি বহিঃস্থ কোণের পরিমাণ ৪৫° হলে এর বাহুর সংখ্যা হবে -

(a) ৮ (b) ১০ (c) ১২ (d) ১৬


উত্তরঃ (a) ৮

ব্যাখ্যাঃ এখানে, বহিঃস্হ কোণের পরিমাপ = ৪৫° ∴ নির্ণেয় বাহুর সংখ্যা $= \left(\frac{৩৬০^\circ}{৪৫^\circ}\right) = ৮$

বৃত্ত

Type – 1 : প্রাথমিক আলোচনা

একটি নির্দিষ্ট বিন্দুকে কেন্দ্র করে নির্দিষ্ট দূরত্ব বজায় রেখে চলমান কোন বিন্দুর সঞ্চারপথকে বৃত্ত বলে। নির্দিষ্ট বিন্দুটি বৃত্তের কেন্দ্র। বৃত্তের কেন্দ্রে উৎপন্ন কোণ ৩৬০°।



- **পরিধি** : বৃত্ত উৎপন্নকারী চলমান বিন্দুটির সঞ্চারপথের দৈর্ঘ্যকেই পরিধি বলে। যদি বৃত্তের ব্যাসার্ধ = r একক হয় তবে বৃত্তের পরিধি = $2\pi r$ একক
- **জ্যা** : বৃত্তের পরিধির উপরস্থ যেকোনো দুইটি ভিন্ন বিন্দুর সংযোজক রেখাংশকে জ্যা বলে।
- **ব্যাস** : বৃত্তের কোনো জ্যা যদি কেন্দ্র দিয়ে যায় তবে জ্যাটিকে বৃত্তের ব্যাস বলে। বৃত্তের বৃহত্তম জ্যা হচ্ছে ব্যাস।
- **ব্যাসার্ধ** : কেন্দ্র থেকে বৃত্তের পরিধির উপর কোনো বিন্দুর দূরত্বকে ঐ বৃত্তের ব্যাসার্ধ বলে।

কতিপয় উদাহরণঃ

বৃত্তের কেন্দ্রে উৎপন্ন কোণগুলোর সমষ্টি কত?

(a) ৩৪০° (b) ৩৬০° (c) ৪০০° (d) ৪৪০°

উত্তরঃ (b) ৩৬০°

ব্যাখ্যাঃ বৃত্তের কেন্দ্রে উৎপন্ন কোণ ৩৬০°।

বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত-

(a) ৩ (b) ৫ (c) $\frac{২৫}{৯}$ (d) $\frac{২২}{৭}$

উত্তরঃ (d) $\frac{২২}{৭}$

ব্যাখ্যাঃ বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত হচ্ছে π অর্থাৎ $\pi = \frac{\text{বৃত্তের পরিধি}}{\text{ব্যাস}} = \frac{2\pi r}{2r}$ । π এর আসন্ন মান $\frac{২২}{৭}$ ।

০৩। বৃত্তের বৃহত্তম জ্যা হচ্ছে -
(a) ব্যাসার্ধের অর্ধেকের সমান জ্যা
(b) ব্যাসার্ধ
(c) কেন্দ্র হতে দূরবর্তী জ্যাটি
(d) ব্যাস

উত্তরঃ (d) ব্যাস
ব্যাখ্যাঃ ব্যাস-ই বৃত্তের বৃহত্তম জ্যা।

Type – 2 : বৃত্ত সম্পর্কিত উপপাদ্য ও অনুসিদ্ধান্ত

- বৃত্তের একই চাপের ওপর দণ্ডায়মান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক।
- বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।
- বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান বৃত্তস্থ কোণগুলো পরস্পর সমান।
- অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ।
- একই সরলরেখায় অবস্থিত নয় এরূপ তিনটি বিন্দু দিয়ে একটি মাত্র বৃত্ত আঁকা যায়।
- যে কোনো সরলরেখা একটি বৃত্তের সর্বাধিক দুটি বিন্দুতে ছেদ করে।
- দুইটি নির্দিষ্ট বিন্দু দিয়ে অসংখ্য বৃত্ত আঁকা যায়।
- বৃত্তের কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন অন্য কোনো জ্যা এর ওপর অঙ্কিত লম্ব ঐ জ্যাকে সমদ্বিখণ্ডিত করে।
- বৃত্তের ব্যাস ভিন্ন অন্য কোনো জ্যা-এর মধ্যবিন্দু এবং কেন্দ্রের সংযোজক রেখাংশ ঐ জ্যা-এর ওপর লম্ব।
- বৃত্তের সকল সমান জ্যা কেন্দ্র থেকে সমদূরবর্তী।
- বৃত্তের কেন্দ্র হতে সমদূরবর্তী সকল জ্যা পরস্পর সমান।
- বৃত্তের দুটি জ্যা এর মধ্যে কেন্দ্রের নিকটতম জ্যা টি অপর জ্যা অপেক্ষা বৃহত্তর।
- বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজের যেকোনো দুইটি বিপরীত কোণের সমষ্টি দুই সমকোণ।
- কেন্দ্র হতে কোন বৃত্তের স্পর্শকের লম্বদূরত্ব তার ব্যাসার্ধের সমান।

<u>কতিপয় উদাহরণঃ</u>

০১। দুইটি নির্দিষ্ট বিন্দু দিয়ে কয়টি বৃত্ত আঁকা যাবে?
(a) ১টি (b) ২টি (c) ৩টি (d) অসংখ্য

উত্তরঃ (d) অসংখ্য
ব্যাখ্যাঃ দুইটি নির্দিষ্ট বিন্দু দিয়ে অসংখ্য বৃত্ত আঁকা যায়।

০২। বৃত্তের দুটি ব্যাস পরস্পরকে সমদ্বিখণ্ডিত করলে ছেদবিন্দুর অবস্থান কোথায় হবে?
(a) বৃত্তের বাইরে (b) বৃত্তের উপরে (c) বৃত্তের কেন্দ্রে (d) বৃত্তের পরিধিতে


উত্তরঃ (c) বৃত্তের কেন্দ্রে
ব্যাখ্যাঃ বৃত্তের সকল ব্যাস কেন্দ্রগামী।

০৩। বৃত্তের কেন্দ্রের নিকটবর্তী জ্যা দূরবর্তী জ্যা -
(a) অপেক্ষা বড় হবে (b) অপেক্ষা ছোট হবে (c) এর সমান হবে (d) এর দ্বিগুণ হবে

উত্তরঃ (a) অপেক্ষা বড় হবে
ব্যাখ্যাঃ বৃত্তের দুটি জ্যা এর মধ্যে কেন্দ্রের নিকটতম জ্যাটি অপর জ্যা অপেক্ষা বৃহত্তর।

০৪। কোনো বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে বৃত্তের উপর কয়টি স্পর্শক আঁকা যেতে পারে?
(a) ২টি (b) ৪টি (c) ৩টি (d) ৪টি

উত্তরঃ (a) ২টি
ব্যাখ্যাঃ এখানে O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের P বহিঃস্থ বিন্দু হতে ঐ বৃত্তের শুধুমাত্র দুটি স্পর্শক PA ও PB আঁকা যায়।




দুটি পরস্পর ছেদী বৃত্তে ... কি আঁকা যেতে পারে?

(a) ১টি (b) ২টি (c) ৩টি (d) ৪টি

উত্তরঃ (b) ২টি

ব্যাখ্যাঃ দু'টি পরস্পর ছেদী বৃত্তের দু'টি সাধারণ স্পর্শক সম্ভব।



বৃত্তের একই চাপের ওপর দন্ডায়মান কেন্দ্রস্থ কোণ পরিধিস্থ কোণের কত গুণ?

(a) অর্ধেক (b) সমান (c) দ্বিগুণ (d) তিনগুণ

উত্তরঃ (c) দ্বিগুণ

ব্যাখ্যাঃ বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।

একই চাপের উপর দণ্ডায়মান পরিধিস্থ কোণ ৪০° হলে কেন্দ্রস্থ কোণের পরিমাণ হবে-

(a) ৮০° (b) ৪০° (c) ২০° (d) ১৪০°

উত্তরঃ (a) ৮০°

ব্যাখ্যাঃ বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ = ২ × পরিধিস্থ কোণ = $(২ \times ৪০)^\circ = ৮০^\circ$।

একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণের পরিমাণ ১০০° হলে পরিধিস্থ কোণের পরিমাণ হবে-

(a) ১০০° (b) ৮০° (c) ৫০° (d) কোনোটিই নয়

উত্তরঃ (c) ৫০°

ব্যাখ্যাঃ বৃত্তের একই চাপের উপর দন্ডায়মান পরিধিস্থ কোণ = $\frac{১}{২}$ × কেন্দ্রস্থ কোণ = $(\frac{১}{২} \times ১০০)^\circ = ৫০^\circ$

অর্ধবৃত্তস্থ ত্রিভুজের সুক্ষ্মকোণদ্বয়ের একটি অপরটির দ্বিগুণ হলে ক্ষুদ্রতম কোণটির পরিমাণ হবে-

(a) ৩০° (b) ৬০° (c) ৯০° (d) ১২০°

উত্তরঃ (a) ৩০°

ব্যাখ্যাঃ অর্ধবৃত্তস্থ কোণ সমকোণ হওয়ায় ত্রিভুজটি সমকোণী।

ত্রিভুজটির সূক্ষ্মকোণদ্বয়ের একটি x হলে অপরটি হবে ২x

ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০°,


সুতরাং $x + ২x + ৯০^\circ = ১৮০^\circ$ বা, $৩x = ৯০^\circ \therefore x = ৩০^\circ$।

স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্তর্ভুক্ত কোণ-

(a) এক সমকোণের অর্ধেক (b) দুই সমকোণ (c) এক সমকোণ (d) সূক্ষ্মকোণ


উত্তরঃ (c) এক সমকোণ

ব্যাখ্যাঃ স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধ স্পর্শকের উপর লম্ব।



O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB, A বিন্দুতে স্পর্শক। $\angle AOB = ৬০^\circ$ হলে, $\angle ABO$ = কত?

(a) ৬০° (b) ৪৫° (c) ৪০° (d) ৩০°



উত্তরঃ (d) ৩০°

ব্যাখ্যাঃ $\angle AOB = ৬০^\circ$;

$\angle OAB$ = এক সমকোণ = ৯০°

$\therefore \angle ABO = ১৮০^\circ - (\angle OAB + \angle AOB) = ১৮০^\circ - (৯০^\circ + ৬০^\circ) = ৩০^\circ$।

বৃত্তস্থ চতুর্ভুজের একটি কোণ ৭০° হলে বিপরীত কোণটির পরিমাণ কত?


(a) ২০° (b) ১১০° (c) ২০০° (d) ২৯০°

উত্তরঃ (b) ১১০°

ব্যাখ্যাঃ বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের সমষ্টি ২ সমকোণ বা ১৮০°, সুতরাং বিপরীত কোণটির পরিমাপ = $(১৮০ - ৭০)^\circ = ১১০^\circ$

Type – 3 : জ্যা/ব্যাসার্ধ/লম্বের দৈর্ঘ্য নির্ণয়

যেহেতু বৃত্তের কেন্দ্র হতে যে কোনো জ্যা এর উপর অঙ্কিত লম্ব উক্ত জ্যা কে সমদ্বিখণ্ডিত করে। সুতরাং আমরা পীথাগোরাসের উপপাদ্যের সাহায্যে জ্যা/ব্যাসার্ধ/লম্বের দৈর্ঘ্য নির্ণয় করতে পারব।



O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB জ্যা এর উপর লম্ব $OM = d$; ব্যাসার্ধ, $OA = r$; অর্ধ জ্যা, $AM = \sqrt{r^2 - d^2}$

∴ জ্যা AB এর দৈর্ঘ্য, $s = ২ \times \sqrt{r^2 - d^2}$

কতিপয় উদাহরণঃ


০১। ১৩ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট কোনো বৃত্তের কেন্দ্র হতে একটি জ্যা-এর লম্ব দূরত্ব ৫ সে.মি. হলে জ্যা-এর দৈর্ঘ্য হবে-

(a) ২০ সে.মি. (b) ২৪ সে.মি. (c) ১৮ সে.মি. (d) ২২ সে.মি.

উত্তরঃ (b) ২৪ সে.মি.

ব্যাখ্যাঃ বৃত্তটির ব্যাসার্ধ, OA = ১৩ সে.মি. এবং কেন্দ্র O থেকে AC এর উপর অঙ্কিত লম্ব, OB = ৫ সে.মি.। জ্যা, AC =?

পীথাগোরাসের উপপাদ্য অনুযায়ী OAB সমকোণী ত্রিভুজ হতে পাই –



$OA^২ = OB^২ + AB^২$

বা, $AB^২ = OA^২ - OB^২$

∴ $AB = \sqrt{OA^২ - OB^২}$

∴ অর্ধ জ্যা, $AB = \sqrt{(১৩)^২ - (৫)^২} = \sqrt{১৬৯ - ২৫} = \sqrt{১৪৪}$ সে.মি. = ১২ সে.মি.।

∴ জ্যা, AC = (২ × ১২) সে.মি = ২৪ সে.মি

০২। O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB একটি ব্যাস ভিন্ন জ্যা। OD, AB এর উপর লম্ব। AD = ২.৫ সে.মি. হলে, AB = কত?


(a) ৪ সে.মি. (b) ৫ সে.মি. (c) ৬ সে.মি. (d) ৭ সে.মি.

উত্তরঃ (b) ৫ সে.মি.

ব্যাখ্যাঃ বৃত্তের কেন্দ্র হতে কোনো জ্যা এর উপর অঙ্কিত লম্ব ঐ জ্যা-কে সমদ্বিখণ্ডিত করে।

অতএব, OD, AB জ্যাকে সমদ্বিখণ্ডিত করে।

AB = ২ × AD = (২ × ২.৫) সে.মি = ৫ সে.মি.



বিগত বছরের প্রশ্নসমূহঃ

০১। বৃত্তের পরিধি: ব্যাস = কত? [JU-B: 18-19]

(a) $\frac{1}{\pi}:2$ (b) $\pi:1$ (c) $1:\pi$ (d) $\frac{1}{2\pi}:2$

উত্তরঃ (b) $\pi:1$

ব্যাখ্যাঃ বৃত্তের পরিধি : ব্যাস = $2\pi r : 2r = \pi : 1$

০২। একটি তলের দৈর্ঘ্য ২ সে.মি ও প্রস্থ ০ হলে, তলটি কি নির্দেশ করে? [JU-B: 18-19]

(a) বিন্দু (b) সমতল (c) রেখা (d) বক্রতল

উত্তরঃ (c) রেখা

ব্যাখ্যাঃ কোন তলের দৈর্ঘ্য ২ সে.মি. কিন্তু প্রস্থ= ০ তাহলে সেটা একটি রেখায় রূপান্তরিত হয়।

০৩। কোনটি জ্যামিতিক কোণ নয়? [JU-B: 18-19]


(a) 1 সমকোণ (b) 0° (c) 360° (d) 450°

উত্তরঃ (d) 450°

০৪। দুইটি সমতল ছেদ করলে কি উৎপন্ন হয়? [JU-B: 18-19]

(a) তল (b) ত্রিভুজ (c) রেখা (d) বর্গ

উত্তরঃ (c) রেখা



ব্যাখ্যাঃ AB ও XY সমতলদ্বয় C ও D বিন্দুতে ছেদ করে। ∴ CD ছেদ রেখা।


০৫। ত্রিভুজের দুইটি কোণ যথাক্রমে 30° ও 60° হলে, ত্রিভুজটি কোন ধরনের? [JU-B: 18-19]

(a) সমবাহু (b) সমকোণী (c) সমদ্বিবাহু (d) সূক্ষ্মকোণী

উত্তরঃ (b) সমকোণী

ব্যাখ্যাঃ অপর কোণটি $= 180° - (60° + 30°) = 90°$ ∴ ত্রিভুজটি সমকোণী।

০৬। [JU-B: 17-18]



চিত্রে কোণ ∠DHF এর মান কত?

(a) 135° (b) 115° (c) 75° (d) 45°

উত্তরঃ (a) 135°


ব্যাখ্যাঃ চিত্রানুযায়ী, ∠EGB এবং ∠GHD একান্তর কোণ

এবং $\angle EGB = \angle GHD = 45°$

যেহেতু $\angle GHD = 45°$ ∴ $\angle GHC = 180° - 45° = 135°$

এখন, ∠GHC এবং ∠DHF বিপ্রতীপ কোণ, ∴ $\angle GHC = \angle DHF = 135°$

০৭। [JU-B: 17-18]



চিত্রে কোণ ∠ACB এর মান কত?

(a) 30° (b) 45° (c) 35° (d) 40°


উত্তরঃ (b) 45°

ব্যাখ্যাঃ আমরা জানি, একই চাপের উপর দণ্ডায়মান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক।

চিত্র হতে, কেন্দ্রস্থ, $\angle ADB = 90°$

∴ বৃত্তস্থ, $\angle ACD = \frac{\angle ADB}{2} = \frac{90°}{2} = 45°$


০৮। [JU-B: 17-18]



চিত্রে AB এর দৈর্ঘ্য কত একক?


(a) 8 (b) 12 (c) 16 (d) 20

উত্তরঃ (c) 16



ব্যাখ্যাঃ চিত্র হতে, ΔABC কে CD রেখা D বিন্দুতে সমদ্বিখণ্ডিত করে এবং AB বাহুর উপর লম্ব। এখন, ΔADC হতে পাই, $AC^2 = AD^2 + CD^2 \Rightarrow AD = \sqrt{AC^2 - CD^2} = \sqrt{10^2 - 6^2} = \sqrt{64} = 8$ ∴ $AB = 2.AD = 2 \times 8 = 16$

০৯। চিত্রে সকল ত্রিভুজের সকল কোণের সমষ্টি কত? [JU-B: 17-18]



(a) 720° (b) 540° (c) 360° (d) 180°

উত্তরঃ (b) 540°

ব্যাখ্যাঃ চিত্রানুযায়ী ত্রিভুজের সংখ্যা = 3টি।

এখন, 1টি ত্রিভুজের কোণ পরিমাণ = 180°

∴ 3 " " " " = 180° × 3 = 540°

১০। A,B,C সমবাহু ত্রিভুজের D,BC এর মধ্যবিন্দু। AD ও DC রেখার উৎপন্ন কোণটি কত? [IU-C: 17-18]


(a) 50° (b) 90° (c) 130° (d) 170°

উত্তরঃ (b) 90°

১১। কোন বৃত্তের স্পর্শক ও স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধের মধ্যবর্তী কোণের পরিমাণ কত ডিগ্রি? [JU-B: 16-17]

(a) 120° (b) 90° (c) 60° (d) 45°

উত্তরঃ (b) 90°



ব্যাখ্যাঃ কোনো বৃত্তের স্পর্শক ও স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধের মধ্যবর্তী কোণ এক সমকোণ বা 90°।

১২। ABC একটি সমকোণী ত্রিভুজ হলে এর পরিবৃত্তের কেন্দ্র কোথায় অবস্থিত? [JU-B: 16-17]

(a) লম্বে (b) ভূমিতে (c) অতিভুজে (d) ত্রিভুজের অভ্যন্তরে

উত্তরঃ (c) অতিভুজে


ব্যাখ্যাঃ সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে পরিবৃত্তের কেন্দ্র অতিভুজের উপর অবস্থিত।

১৩। যে কোন দুটি বৃত্তের কেন্দ্র স্পর্শক এর বিপরীত পাশে থাকলে, তাকে কি বলা হয়? [JU-B: 16-17]

(a) অন্তঃস্পর্শ (b) বহিঃস্পর্শ (c) মধ্য স্পর্শ (d) সাধারণ স্পর্শ

উত্তরঃ (b) বহিঃস্পর্শ

ব্যাখ্যাঃ



যেকোনো দুটি বৃত্তের কেন্দ্র স্পর্শক এর বিপরীত পাশে থাকলে, তাকে বহিঃস্পর্শ বলে।

১৪। নিচের তথ্যগুলো লক্ষ করি এবং সত্যতা নিরূপন করি:

i. বৃত্তে অন্তলিখিত চতুর্ভুজের যেকোনো দুইটি বিপরীত কোণের সমষ্টি 90°

ii. বৃত্তে অন্তলিখিত চতুর্ভুজের যেকোনো দুইটি বিপরীত কোণের সমষ্টি 180°

iii. বৃত্তে অন্তলিখিত চতুর্ভুজের যেকোনো দুইটি বিপরীত কোণের সমষ্টি দুই সমকোণ [JU-B: 15-16]

(a) i (b) ii (c) ii ও iii (d) iii

উত্তরঃ (c) ii ও iii

১৫। 37° কোণের পূরক কোণ কত? [JU-B: 15-16]

(a) 53° (b) 153° (c) 37° (d) 180°

উত্তরঃ (a) 53°

১৬। যদি কোন ত্রিভুজের দুইটি বাহু পরস্পর সমান হয়, তবে- [JU-B: 15-16]

(a) বিপরীত কোণদ্বয়ও সমান হবে (b) সমকোণী ত্রিভুজ হবে

(c) যেকোনো কোণদ্বয় সমান হবে (d) কোনটিই নয়

উত্তরঃ (a) বিপরীত কোণদ্বয়ও সমান হবে

১৭। 50° কোণের সম্পূরক কোণ কত? [JU-B: 15-16]

(a) 180° (b) 130° (c) 40° (d) 100°

উত্তরঃ (b) 130°

৮। নিচের তথ্যগুলো লক্ষ করি এবং সত্যতা নিরুপণ করি।
i. বৃত্তের যেকোনো বিন্দুতে অঙ্কিত স্পর্শক স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব।
ii. স্পর্শবিন্দুতে স্পর্শকের উপর অঙ্কিত লম্ব কেন্দ্রগামী নয়।
iii. বৃত্তের যেকোন বিন্দুতে একটিমাত্র স্পর্শক অঙ্কন করা যায়।

(a) i ও ii (b) i, ii ও iii (c) ii ও iii (d) i ও iii **[JU-B: 15-16]**

উত্তরঃ (d) i ও iii

৯। ত্রিভুজদ্বয় সর্বসম হবে, যদি-

(a) দুটি ত্রিভুজের বাহুগুলো পরস্পর সমান হয় (b) দুই কোণ ও এক বাহু অপরটির দুই কোণ ও অনুরূপ বাহুর সমান **[JU-B: 15-16]**
(c) A ও B (d) কোনোটিই নয়

উত্তরঃ (c) A ও B

১০। একটি সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের সমষ্টি 3x হলে x এর মান কত হবে ?

(a) ৩০ ডিগ্রি (b) ৯০ ডিগ্রি (c) ১০ ডিগ্রি (d) ৬০ ডিগ্রি **[IU-C: 14-15]**

উত্তরঃ (a) ৩০ ডিগ্রি

১১। ABC ত্রিভুজের AB = AC,C কোণের সমান ৪৫ ডিগ্রি হলে A কোন সমান কত ডিগ্রি ?


(a) ৯০ (b) ৩০ (c) ৬০ (d) ১২০ **[IU-C: 13-14]**

উত্তরঃ (a) ৯০

ব্যাখ্যাঃ যেহেতু AB =AC $\therefore \angle B = \angle C$

অথবা, $\angle A + \angle B + \angle C = 180°$

$\angle A = 180° - (\angle B + \angle C) = 180° - (45°+45°) = 90°$

২২। 

[BCS: 40th]

চিত্রে, $\angle PQR = 55°$, $\angle LRN = 90°$ এবং $PQ || MR$, $PQ = PR$ হলে, $\angle NRP$ এর মান নীচের কোনটি?

(a) 90° (b) 55° (c) 45° (d) 35°

উত্তরঃ (d) 35°.

ব্যাখ্যাঃ চিত্রে Δ PQR একটি সমদ্বিবাহু ত্রিভুজ।

এখন, Δ PQR- এর যেহেতু PQ= PR, তাই $\angle PQR = \angle PRQ$

$\therefore \angle PQR = \angle PRQ = 55°$


আবার, $\angle LRN = \angle NRQ = 90°$

$\therefore \angle NRP = 90° - \angle PRQ = 90 - 55° = 35°$

২৩। একটি কোণের মান তার পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোনটির মান কত?

(a) 60° (b) 45° (c) 30° (d) 25° **[BCS: 38th]**

উত্তরঃ (c) 30°




ব্যাখ্যাঃ একটি কোণ x

অপর কোণ = 2x


প্রশ্নমতে, $x + 2x = 90°$ [$\because$ ২টি পূরক কোণের যোগফল = 90°] বা $3x = 90° \therefore x = 30°$

২৪। ΔABC এ $\angle B = 90°$, যদি AC = 2 AB হয় তবে, $\angle C$ এর মান কত? **[BCS: 38th]**



(a) 45° (b) 22.5° (c) 30° (d) 60°

উত্তরঃ (c) 30°



ব্যাখ্যাঃ

ধরি, $\angle C = \theta$

এখন, ΔABC হতে, AC = 2AB $\therefore x + 2x = 90° \Rightarrow 3x = 90° \therefore x = 30° \therefore \angle c = 30°$

২৫। 17 সে.মি., 15 সে.মি. ও ৪ সে.মি. বাহু বিশিষ্ট ত্রিভুজটি হবে- [BCS: 37th]

(a) সমবাহু (b) সমদ্বিবাহু (c) সমকোণী (d) স্থূলকোণী

উত্তরঃ (c) সমকোণী।

ব্যাখ্যাঃ $(15)^2 + (8)^2 = 225 + 64 = 289 \therefore (15)^2 + (8)^2 = (17)^2$


অর্থাৎ, ত্রিভুজটি সমকোণী।

২৬। 13 সে. মি. ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের একটি জ্যা-এর দৈর্ঘ্য 24 সে.মি. হলে কেন্দ্র থেকে উক্ত জ্যা-এর লম্ব দূরত্ব কত সে. মি.? [BCS: 37th]

(a) 3 (b) 4 (c) 5 (d) 6

উত্তরঃ (c) 5.

ব্যাখ্যাঃ




চিত্র হতে, $OD = \sqrt{13^2 - 12^2} = \sqrt{169 - 144} = \sqrt{25} \therefore OD = 5$ সে.মি.

২৭। চিত্র অনুসারে O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে ΔABC অন্তর্লিখিত। $\angle y = 112°$ হলে $\angle x =$ কত? [BCS: 36th]

(a) 68° (b) 34° (c) 45° (d) 39°

উত্তরঃ (b) 34°.



ব্যাখ্যাঃ ΔABCএর বহিঃস্থ $\angle AOB = \angle OBC + \angle OCB$

এখন, $\angle AOB + y = 180°$

$\Rightarrow \angle OBC + \angle OCB + y = 180°$

$\Rightarrow x + x + y = 180°$

$\Rightarrow 2x = 180° - 112°$

$\Rightarrow x = \frac{68°}{2}$

$\therefore x = 34°$

২৮। ΔABC এ $\angle A = 40°, \angle B = 70°$, হলে ΔABC কি ধরনের ত্রিভুজ? [BCS: 36th]

(a) সমকোণী (b) স্থূলকোণী (c) সমদ্বিবাহু (d) সমবাহু

উত্তরঃ (c) সমদ্বিবাহু।

ব্যাখ্যাঃ ΔABC এ

$\angle A + \angle B + \angle C = 180° \Rightarrow 40° + 70° + \angle C = 180° \Rightarrow \angle C = 180° - 110° \therefore \angle C = 70°$

∴ ΔABC একটি সমদ্বিবাহু ত্রিভুজ।

ত্রিকোণমিতি

নিচের ত্রিকোণমিতিক সূত্রগুলো সহজে মনে রাখার তালিকা:

$\operatorname{cosec}\theta = \frac{1}{\sin\theta}$ $\sec\theta = \frac{1}{\cos\theta}$ $\cot\theta = \frac{1}{\tan\theta}$	$\tan\theta = \frac{\sin\theta}{\cos\theta}$ $\cot\theta = \frac{\cos\theta}{\sin\theta}$	$\sin^2\theta + \cos^2\theta = 1$ $\operatorname{Sec}^2\theta = 1 + \tan^2\theta$ $\operatorname{cosec}^2\theta = 1 + \cot^2\theta$

উদাহরণ স্বরূপ:

০১। প্রমাণ কর যে, $\frac{1}{1+\sin^2\theta} + \frac{1}{1+\operatorname{cosec}^2\theta} = 1$

সমাধান: বামপক্ষ $= \frac{1}{1+\sin^2\theta} + \frac{1}{1+\operatorname{cosec}^2\theta} = \frac{1}{1+\sin^2\theta} + \frac{1}{1+\frac{1}{\sin^2\theta}} = \frac{1}{1+\sin^2\theta} + \frac{\sin^2\theta}{1+\sin^2\theta} = \frac{1+\sin^2\theta}{1+\sin^2\theta} = 1 =$ ডানপক্ষ (প্রমাণিত)

০২। প্রমাণ কর: $\frac{1}{2-\sin^2\theta}+\frac{1}{2+\tan^2\theta}=1$

সমাধান: বামপক্ষ $=\frac{1}{2-\sin^2\theta}+\frac{1}{2+\tan^2\theta}=\frac{1}{2-\sin^2\theta}+\frac{1}{2+\frac{\sin^2\theta}{\cos^2\theta}}=\frac{1}{2-\sin^2\theta}+\frac{\cos^2\theta}{2\cos^2\theta+\sin^2\theta}=\frac{1}{2-\sin^2\theta}+\frac{\cos^2\theta}{2(1-\sin^2\theta)+\sin^2\theta}$

$=\frac{1}{2-\sin^2\theta}+\frac{\cos^2\theta}{2-2\sin^2\theta+\sin^2\theta}=\frac{1}{2-\sin^2\theta}+\frac{1-\sin^2\theta}{2-\sin^2\theta}=\frac{2-\sin^2\theta}{2-\sin^2\theta}=1=$ ডানপক্ষ (প্রমাণিত)

০৩। প্রমাণ কর: $\frac{\tan A}{\sec A+1}-\frac{\sec A-1}{\tan A}=0$

সমাধান: বামপক্ষ $=\frac{\tan A}{\sec A+1}-\frac{\sec A-1}{\tan A}=\frac{\tan^2 A-(\sec^2 A-1)}{(\sec A+1)\tan A}=\frac{\tan^2 A-\tan^2 A}{(\sec A+1)\tan A}$ $[\because \sec^2 A-1=\tan^2 A]$

$=\frac{0}{(\sec A+1)\tan A}=0=$ ডানপক্ষ (প্রমাণিত)

০৪। প্রমাণ কর: $\sqrt{\frac{1-\sin A}{1+\sin A}}=\sec A-\tan A$

সমাধান: বামপক্ষ $=\sqrt{\frac{1-\sin A}{1+\sin A}}=\sqrt{\frac{(1-\sin A)(1-\sin A)}{(1+\sin A)(1-\sin A)}}$ [লব ও হরকে $\sqrt{1-\sin A}$ দ্বারা গুন করে]

$=\sqrt{\frac{(1-\sin A)^2}{1-\sin^2 A}}=\sqrt{\frac{(1-\sin A)^2}{\cos^2 A}}=\frac{1-\sin A}{\cos A}=\frac{1}{\cos A}-\frac{\sin A}{\cos A}=\sec A-\tan A=$ ডানপক্ষ (প্রমাণিত)

০৫। $\tan A+\sin A=a$ এবং $\tan A-\sin A=b$ হলে, প্রমাণ কর যে, $a^2-b^2=4\sqrt{ab}$

বামপক্ষ $=a^2-b^2$

$=(\tan A+\sin A)^2-(\tan A-\sin A)^2=4\tan A\sin A$ $[\because (a+b)^2-(a-b)^2=4ab]$ $=4\sqrt{\tan^2 A\sin^2 A}$

$=4\sqrt{\tan^2 A(1-\cos^2 A)}=4\sqrt{\tan^2 A-\tan^2 A.\cos^2 A}=4\sqrt{\tan^2 A-\sin^2 A}$ $[\because \tan A=\frac{\sin A}{\cos A}]$

$=4\sqrt{(\tan A+\sin A)(\tan A-\sin A)}=4\sqrt{ab}=$ ডানপক্ষ (প্রামাণিত)

০৬। $\sec A+\tan A=\frac{5}{2}$ হলে, $\sec A-\tan A$ এর মান নির্ণয় কর।

সমাধান: এখানে প্রদত্ত, $\sec A+\tan A=\frac{5}{2}$.......... (1)

আমরা জানি, $\sec^2 A=1+\tan^2 A$

বা, $\sec^2 A-\tan^2 A=1$ বা, $(\sec A+\tan A)(\sec A-\tan A)=1$

বা, $\frac{5}{2}(\sec A-\tan A)=1$ [(1) হতে পাই] $\therefore \sec A-\tan A=\frac{2}{5}$

ত্রিকোণমিতিক অনুপাতগুলোর মান:

অনুপাত/ কোণ	0°	30°	45°	60°	90°
sine	0	$\frac{1}{2}$	$\frac{1}{\sqrt{2}}$	$\frac{\sqrt{3}}{2}$	1
cosine	1	$\frac{\sqrt{3}}{2}$	$\frac{1}{\sqrt{2}}$	$\frac{1}{2}$	0
tangent	0	$\frac{1}{\sqrt{3}}$	1	$\sqrt{3}$	অসংজ্ঞায়িত
cotangent	অসংজ্ঞায়িত	$\sqrt{3}$	1	$\frac{1}{\sqrt{3}}$	0
secant	1	$\frac{2}{\sqrt{3}}$	$\sqrt{2}$	2	অসংজ্ঞায়িত
cosecant	অসংজ্ঞায়িত	2	$\sqrt{2}$	$\frac{2}{\sqrt{3}}$	1

উদাহারণ স্বরূপ:

০১। মান নির্ণয় কর:

ক) $\frac{1-\sin^2 45°}{1+\sin^2 45°} + \tan^2 45°$

খ) $\cot 90°.\tan 0°.\sec 30°.\mathrm{cosec}\, 60°$

গ) $\sin 60°.\cos 30° + \cos 60°.\sin 30°$

ঘ) $\frac{1-\tan^2 60°}{1+\tan^2 60°} + \sin^2 60°$

সমাধান:

ক) প্রদত্ত রাশি= $\frac{1-\sin^2 45°}{1+\sin^2 45°} + \tan^2 45° = \frac{1-\left(\frac{1}{\sqrt{2}}\right)^2}{1+\left(\frac{1}{\sqrt{2}}\right)^2} + (1)^2$ [$\because \sin 45° = \frac{1}{\sqrt{2}}$ ও $\tan 45° = 1$]

$= \frac{1-\frac{1}{2}}{1+\frac{1}{2}} + 1 = \frac{\frac{1}{2}}{\frac{3}{2}} + 1 = \frac{1}{3} + 1 = \frac{4}{3}$

খ) প্রদত্ত রাশি= $\cot 90°.\tan 0°.\sec 30°.\mathrm{cosec}\, 60°$

$= 0.0.\frac{2}{\sqrt{3}}.\frac{2}{\sqrt{3}} = 0 =$ [$\because \cot 90° = 0, \tan 0° = 0, \sec 30° = \frac{2}{\sqrt{3}}, \mathrm{cose}\, 60° = \frac{2}{\sqrt{3}}$]

গ) প্রদত্ত রাশি= $\sin 60°.\cos 30° + \cos 60°.\sin 30°$

$= \frac{\sqrt{3}}{2}.\frac{\sqrt{3}}{2} + \frac{1}{2}.\frac{1}{2}$ [$\because \sin 60° = \cos 30° = \frac{\sqrt{3}}{2}, \cos 60° = \sin 30° = \frac{1}{2}$]

$= \frac{3}{4} + \frac{1}{4} = \frac{4}{4} = 1$

ঘ) প্রদত্ত রাশি= $\frac{1-\tan^2 60°}{1+\tan^2 60°} + \sin^2 60°$

$= \frac{1-(\sqrt{3})^2}{1+(\sqrt{3})^2} = \left(\frac{\sqrt{3}}{2}\right)^2$ [$\because \mathrm{tna}\, 60° = \sqrt{3}, \sin 60° = \frac{\sqrt{3}}{2}$] $= \frac{1-3}{1+3} + \frac{3}{4} = \frac{-2}{4} + \frac{3}{4} = \frac{-2+3}{4} = \frac{1}{4}$

০২। মান নির্ণয় কর:

ক) $\sqrt{2}\cos(A-B) = 1, 2\sin(A+B) = \sqrt{3}$ এবং A, B সূক্ষকোণ হলে, A ও B, এর মান নির্ণয় কর।

খ) $\frac{\cos A-\sin A}{\cos A+\sin A} = \frac{1-\sqrt{3}}{1+\sqrt{3}}$ হলে, A এর মান নির্ণয় কর।

গ) $A = 45°$ প্রমাণ কর যে, $\cos 2A = \frac{1-\tan^2 A}{1+\tan^2 A}$ ।

ঘ) সমাধান কর: $2\cos^2\theta + 3\sin\theta - 3 = 0$, যেখানে θ সূক্ষ্মকোণ।

সমাধান:

ক) $\sqrt{2}\cos(A-B) = 1$ বা, $\cos(A-B) = \frac{1}{\sqrt{2}}$

বা, $\cos(A-B) = \cos 45°$ [$\because \cos 45° = \frac{1}{\sqrt{2}}$]

$\therefore A - B = 45° \ldots\ldots(1)$ এবং $2\sin(A+B) = \sqrt{3}$ বা, $\sin(A+B) = \frac{\sqrt{3}}{2}$

বা, $\sin(A+B) = \sin 60°$ [$\because \sin 60° = \frac{\sqrt{3}}{2}$] $\therefore A + B = 60° \ldots\ldots\ldots(2)$

(1) ও (2) নং যোগ করে পাই,

$2A = 105° \therefore = \frac{105°}{2} = 52\frac{1}{2}°$

আবার, (2) হতে (1) বিয়োগ করে পাই,

$2B = 15° \therefore B = \frac{15°}{2} = 7\frac{1}{2}°$

নির্ণেয় $A = 52\frac{1}{2}°$ ও $B = 7\frac{1}{2}°$

খ) $\frac{cosA-sinA}{cosA+sinA}=\frac{1-\sqrt{\sqrt{3}}}{1+\sqrt{3}}$ বা, $\frac{cosA-sinA+cos A+sinA}{cosA-sinA-cosA-sinA}=\frac{1-\sqrt{3}+1+\sqrt{3}}{1-\sqrt{3}-1-\sqrt{3}}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{2cosA}{-2sinA}=\frac{2}{-2\sqrt{3}}$ বা, $\frac{cosA}{sinA}=\frac{1}{\sqrt{3}}$ বা, $cotA = cot60°$ $\therefore A = 60°$

গ) দেওয়া আছে, $A = 45°$

প্রমাণ করতে হবে, $cose2A=\frac{1-\tan^2 A}{1+\tan^2 A}$

বামপক্ষ = $cose2A = \cos(2\times 45°) = \cos 90° = 0$

ডানপক্ষ = $\frac{1-\tan^2 A}{1+\tan^2 A}=\frac{1-\tan^2 45°}{1+\tan^2 45°}=\frac{1-(1)^2}{1+(1)^2}=\frac{0}{2}=0$

∴ বামপক্ষ = ডানপক্ষ (প্রমাণিত)

ঘ) প্রদত্ত সমীকরণ, $2\cos^2\theta+3\sin\theta-3=0$

বা, $2(1-\sin^2\theta)+3\sin\theta-3=0$ বা, $2(1+\sin\theta)(1-\sin\theta)-3(1-\sin\theta)=0$

বা, $(1-\sin\theta)\{2(1+\sin\theta)-3\}=0$ বা, $(1-\sin\theta)\{2\sin\theta-1\}=0$

অথবা, $2\sin\theta-1=0$ বা, $2\sin\theta-1=0$ বা, $\sin\theta=\frac{1}{2}$ বা, $\theta=\sin^{-1}\left(\frac{1}{2}\right)$ $\therefore \theta=30°$


$\therefore 1-\sin\theta=0$ বা, $\sin\theta=1=\sin 90°$ $\therefore \theta=90°$

বিগত বছরের প্রশ্নসমূহঃ

০১। 18 মিটার দীর্ঘ একটি মই পিলারের শীর্ষ বিন্দুতে 30° কোণ উৎপন্ন করে মাটি স্পর্শ করে। পিলারটির উচ্চতা কত? [JU-B: 18-19]

(a) 7 মিটার (b) 9 মিটার (c) 15 মিটার (d) 18 মিটার

উত্তরঃ (b) 9 মিটার



ব্যাখ্যাঃ পিলারের উচ্চতা = h মিটার


হলে, $\frac{h}{18}=\sin 30°$

$\therefore h = 18\times\sin 30° = 18\times\frac{1}{2}=9$ মিটার।

০২। একটি নদীর এক তীরে অবস্থিত কোনো বিন্দুতে অপর তীরে অবস্থিত 150 মিটার উঁচু একটি গাছের শীর্ষ বিন্দুর উন্নতি কোণ 60°। নদীটির প্রস্থ কত? [JU-B: 18-19]

(a) 46.2 মিটার (b) 72.6 মিটার (c) 81.4 মিটার (d) 86.6 মিটার

উত্তরঃ (d) 86.6 মিটার



ব্যাখ্যাঃ AC একটি গাছ = 150 মিটার।

নদীর প্রস্থ AB ∴ $\angle ABC = 60°$


$\therefore \frac{AC}{AB}=\tan 60° \Rightarrow AB = AC\cot 60°$

$=150\times\frac{1}{\sqrt{3}}=50\sqrt{3}$ মিটার = 86.6 মিটার।

০৩। একটি ঘরের ছাদের কোন বিন্দুতে ঐ বিন্দু থেকে 20 মিটার দূরের ভূতলস্থ একটি বিন্দুর অবনতি কোণ 30° হলে, ঘরটির উচ্চতা কত? [JU-B: 17-18]

(a) $10\sqrt{3}$ মিটার (b) $\frac{10}{\sqrt{3}}$ মিটার (c) 10 মিটার (d) $20\sqrt{3}$

উত্তরঃ (c) 10 মিটার



ব্যাখ্যাঃ ধরি, ঘরটির উচ্চতা = h মিটার

$\therefore \frac{h}{20}=\sin 30°$

$\Rightarrow h = 20\times\frac{1}{2}=10$ $\therefore h = 10$ মিটার

০৪। একটি মিনারের পাদদেশ থেকে 15 মিটার দূরে ভূতলের কোন বিন্দুতে মিনারের শীর্ষের উন্নতি কোণ 60° হলে, মিনারের উচ্চতা কত? [JU-B: 17-18]

(a) $\frac{15}{\sqrt{3}}$ (b) $\frac{30}{\sqrt{3}}$ মিটার (c) $30\sqrt{3}$ মিটার (d) $15\sqrt{3}$ মিটার


উত্তরঃ (d) $15\sqrt{3}$ মিটার

ব্যাখ্যাঃ ধরি, মিনারের উচ্চতা,

AC = h মিটার

$\therefore \frac{h}{15} = \tan 60°$

$\Rightarrow h = 15\sqrt{3}$



০৫। একটি গাছের গোড়া থেকে 10 মিটার দূরের কোন বিন্দুতে গাছটির শীর্ষের উন্নতি কোণ 60° হলে গাছটির উচ্চতা কত মিটার?

(a) 20 মিটার (b) $\frac{\sqrt{3}}{10}$ মিটার (c) $\frac{10}{\sqrt{3}}$ মিটার (d) $10\sqrt{3}$ মিটার [JU-B: 17-18]


উত্তরঃ (d) $10\sqrt{3}$ মিটার

ব্যাখ্যাঃ ধরি,

গাছের উচ্চতা AC = h মিটার

$\therefore \frac{h}{10} = \tan 60°$

$\therefore h = 10\sqrt{3}$ মিটার



০৬। অবনতি কোণের মান কত ডিগ্রি হলে, একটি দেয়ালের দৈর্ঘ্য ও ছায়ার দৈর্ঘ্য সমান হবে? [JU-B: 16-17]


(a) 30° (b) 60° (c) 45° (d) 90°

উত্তরঃ (c) 45°

ব্যাখ্যাঃ মনে করি, একটি দেয়ালের দৈর্ঘ্য= ছায়ার দৈর্ঘ্য = x একক।

$\therefore \tan\theta = \frac{AB}{BC}$

$\Rightarrow \tan\theta = \frac{x}{x} = 1 \Rightarrow \tan\theta = \tan 45° \therefore \theta = 45°$



০৭। হেলিকপ্টার থেকে 15 কি.মি. দূরবর্তী কোনো স্থানের অবনতি কোণ 30° হলে হেলিকপ্টারটি কত কি.মি. উচ্চতায় অবস্থিত?

(a) 15 (b) 10 (c) 7.5 (d) 5 [JU-B: 16-17]


উত্তরঃ (c) 7.5

ব্যাখ্যাঃ মনে করি,

হেলিকপ্টারের উচ্চতা, AC =h কি.মি

$\therefore \sin 30° = \frac{AC}{AB}$

$\Rightarrow h = \sin 30° \times AB = \frac{1}{2} \times 15 = 7.5$



০৮। একটি গাছের উচ্চতা ও ছায়ার দৈর্ঘ্য 1:1 হলে সূর্যের অবনতি কোণ কত ডিগ্রি? [JU-B: 16-17]


(a) 60° (b) 45° (c) 30° (d) 90°

উত্তরঃ (b) 45°

ব্যাখ্যাঃ মনে করি,

গাছের উচ্চতা ও ছায়ার দৈর্ঘ্য x ও x মিটার

$\tan\theta = \frac{x}{x} = 1 \Rightarrow \tan\theta = \tan 45° \therefore \theta = 45°$



০৯। $\cot\theta\sqrt{1-\cos^2\theta}$ এর মান কত?

(a) $cosec\theta$ (b) $sec\theta$ (c) $sin\theta$ (d) কোনোটিই নয় [JU-B: 15-16]

উত্তরঃ (d) কোনোটিই নয়

১০। $\sec\theta\sqrt{1-\sin^2\theta}$ এর মান কত?

(a) $sin\theta$ (b) 1 (c) $\cos\theta$ (d) কোনোটিই নয় [JU-B: 15-16]

উত্তরঃ (b) 1

একটি মিনারের পাদদেশ হতে 20 মিটার দূরের একটি স্থান হতে মিনারটির শীর্ষবিন্দুর উন্নতি কোণ 30° হলে মিনারটির উচ্চতা কত? **[BCS: 30th]**


(a) $20\sqrt{3}$ মিটার (b) $\frac{20}{\sqrt{3}}$ মিটার (c) 20 মিটার (d) $10\sqrt{3}$ মিটার

উত্তরঃ (b) $\frac{20}{\sqrt{3}}$ মিটার।

ব্যাখ্যাঃ ধরি, মিনারটির উচ্চতা = x মিটার

পাশের চিত্রানুযায়ী,

$\tan 30^\circ = \frac{AB}{BC} \Rightarrow \frac{1}{\sqrt{3}} = \frac{x}{20} \Rightarrow x = \frac{20}{\sqrt{3}}$ ∴ মিনারটির উচ্চতা = $\frac{20}{\sqrt{3}}$ মিটার।



পরিমিতি, পরিমাপ ও একক

Type – 1 : দৈর্ঘ্য পরিমাপের এককসমূহ

মেট্রিক পদ্ধতি

১০ মিলিমিটার (মি.মি.)	=	১ সেন্টিমিটার (সে.মি.)
১০ সেন্টিমিটার	=	১ ডেসিমিটার (ডেসি.মি.)
১০ ডেসিমিটার	=	১ মিটার (মি.)
১০ মিটার	=	১ ডেকামিটার (ডেকা.মি)
১০ ডেকামিটার	=	১ হেক্টোমিটার (হে.মি.)
১০ হেক্টোমিটার	=	১ কিলোমিটার (কি.মি.)

ব্রিটিশ পদ্ধতি

১২ ইঞ্চি	=	১ ফুট
৩ ফুট	=	১ গজ
১৭৬০ গজ	=	১ মাইল
৬০৮০ ফুট	=	১ নটিকেল মাইল
২২০ গজ	=	১ ফার্লং
৮ ফার্লং	=	১ মাইল
১.১৫ মাইল	=	১ নটিকেল মাইল
১.৮৫২ কিলোমিটার	=	১ নটিকেল মাইল

দৈর্ঘ্য পরিমাপের একক: মিটার

কিলাইয়া	হাকাইয়া	ডাকাত	মারিলে	দেশে	শান্তি	মিলিবে
↓	↓	↓	↓	↓	↓	↓
কিলো ১০০০ মি.	হেক্টো ১০০ মি.	ডেকা ১০ মি.	মিটার ১ মি.	ডেসি ০.১ মি.	সেন্টি ০.০১ মি.	মিলি ০.০০১ মি.

কতিপয় উদাহরণঃ

০১। ১ নটিক্যাল মাইল সমান-

(a) ১.৮৫২ মাইল (b) ১.৬০৯ মাইল (c) ০.৬২১ মাইল (d) ১.১৫ মাইল

উত্তরঃ (d) ১.১৫ মাইল

ব্যাখ্যাঃ ১ নটিক্যাল মাইল সমান ১.১৫ মাইল।

০২। ৩৫২ গজ, ১ মাইলের কত অংশ?

(a) $\frac{১}{২}$ (b) $\frac{১}{৪}$ (c) $\frac{১}{৫}$ (d) $\frac{১}{৮}$

উত্তরঃ (c) $\frac{১}{৫}$

ব্যাখ্যাঃ ১৭৬০ গজ = ১ মাইল

৩৫২ গজ = $\frac{৩৫২}{১৭৬০}$ মাইল = $\frac{১}{৫}$ মাইল

Type – 2 : দৈর্ঘ্য পরিমাপে মেট্রিক ও ব্রিটিশ পদ্ধতির সম্পর্ক

মেট্রিক ও ব্রিটিশ পরিমাপের সম্পর্ক সঠিকভাবে নির্ণয় করা সম্ভব নয়। তাই এ সম্পর্ক আসন্নমান হিসেবে কয়েক দশমিক স্থান পর্যন্ত মান নিয়ে প্রকাশ করা হয়।

১ ইঞ্চি	=	২.৫৪ সে.মি. (প্রায়)
১ গজ	=	০.৯১৪৪ মি. (প্রায়)
১ মাইল	=	১.৬১ কি.মি. (প্রায়)
১ মিটার	=	৩৯.৩৭ ইঞ্চি (প্রায়)
১ কি.মি.	=	০.৬২ মাইল (প্রায়)

কতিপয় উদাহরণঃ

০১। এক মাইল কত কিলোমিটার?
(a) ০.৬১ কি.মি. (b) ১.৬১ কি.মি. (c) ১.৬৬ কি.মি. (d) ১.৬৯ কি.মি.
উত্তরঃ (b) ১.৬১ কি.মি.
ব্যাখ্যাঃ ১ মাইল = ১.৬১ কি.মি (প্রায়)

০২। ১ কি.মি. = কত মাইল?
(a) ১.৬২ মাইল (b) ০.৬৩ মাইল (c) ০.৮৫ মাইল (d) ০.৬২ মাইল
উত্তরঃ (d) ০.৬২ মাইল
ব্যাখ্যাঃ ১ কি.মি = ০.৬২ মাইল (প্রায়)

Type – 3 : ভর পরিমাপের এককসমূহ

বিভিন্ন দেশে বিভিন্ন এককের সাহায্যে বস্তুর ওজন পরিমাপ করা হয়।

ভর পরিমাপের মেট্রিক এককসমূহ		
১ ঘন সে. মি.	=	১ গ্রাম (গ্রা.)
১০ মিলিগ্রাম (মি. গ্রা)	=	১ সেন্টিগ্রাম (সে. গ্রা.)
১০ সেন্টিগ্রাম	=	১ ডেসিগ্রাম (ডেসি. গ্রা.)
১০ ডেসিগ্রাম	=	১ গ্রাম (গ্রা.)
১০ গ্রাম	=	১ ডেকাগ্রাম (ডেকা. গ্রা.)
১০ ডেকাগ্রাম	=	১ হেক্টোগ্রাম (হে. গ্রা.)
১০ হেক্টোগ্রাম	=	১ কিলোগ্রাম (কে.জি.)

মেট্রিক পদ্ধতিতে ভরের একক কিলোগ্রাম। মেট্রিক পদ্ধতিতে ভর পরিমাপের জন্য ব্যবহৃত আরও দুইটি একক আছে। অধিক পরিমাণ বস্তুর ভর পরিমাপের জন্য কুইন্টাল ও মেট্রিক টন একক দুইটি ব্যবহার করা হয়।

১ কিলোগ্রাম বা ১ কে.জি.		
১০০ কিলোগ্রাম	=	১ কুইন্টাল
১০০০ কিলোগ্রাম	=	১ মেট্রিক টন

কতিপয় উদাহরণঃ

০১। মেট্রিক পদ্ধতিতে ভরের একক কোনটি?
(a) গ্রাম (b) পাউন্ড (c) কিলোগ্রাম (d) মিলিগ্রাম
উত্তরঃ (c) কিলোগ্রাম
ব্যাখ্যাঃ মেট্রিক পদ্ধতিতে ভরের একক কিলোগ্রাম এবং সি.জি.এস পদ্ধতিতে ভরের একক গ্রাম।

০২। এক কিলোগ্রাম চালের দাম ৮.৫০ টাকা হলে এক কুইন্টাল চালের দাম কত?
(a) ৮৫০ টাকা (b) ৮৫ টাকা (c) ১২২৫ টাকা (d) ৬৭৫ টাকা
উত্তরঃ (a) ৮৫০ টাকা
ব্যাখ্যাঃ ১ কিলোগ্রাম চালের দাম ৮.৫০ টাকা
∴১ কুইন্টাল বা ১০০ কেজি চালের দাম= (৮.৫০ × ১০০) টাকা = ৮৫০ টাকা।

০৩। ২০৫৭৩.৪ মিলিগ্রামে কত কিলোগ্রাম?
(a) ২.০৫৭৩৪ (b) ০.২০৫৭৩৪ (c) ০.০২০৫৭৩৪ (d) ২০.৫৭৩৪০০
উত্তরঃ (c) ০.০২০৫৭৩৪
ব্যাখ্যাঃ ১ কিলোগ্রাম = ১০০০ গ্রাম = (১০০০ × ১০০০)মি.গ্রা. = ১০০০০০০ মি.গ্রা.
১০০০০০০ মি.গ্রা. = ১ কি.গ্রা. ∴ ১ মি. গ্রা. = $\frac{১}{১০০০০০০}$ কি.গ্রা. ∴২০৫৭৩.৪ মি.গ্রা. = $\frac{২০৫৭৩.৪}{১০০০০০০}$ = ০.০২০৫৭৩৪ কি.গ্রা.

Type – 4 : তরল পদার্থের আয়তন পরিমাপের এককসমূহ

কোনো তরল পদার্থ যতটুকু জায়গা জুড়ে থাকে তা এর আয়তন। তরল পদার্থের আয়তন পরিমাপের একক: লিটার। ১ লিটার বিশুদ্ধ পানির ভর ১ কিলোগ্রাম। ১ ঘনমিটার বিশুদ্ধ পানির আয়তন ১০০০ লিটার।

তরল পদার্থের আয়তন পরিমাপের মেট্রিক এককসমূহ	
১০ মিলিলিটার (মি.লি)	= ১ সেন্টিলিটার (সে.লি.)
১০ সেন্টিলিটার	= ১ ডেসিলিটার (ডেসি লি.)
১০ ডেসিলিটার	= ১ লিটার (লি.)
১০ লিটার	= ১ ডেকালিটার (ডেকা লি.)
১০ ডেকালিটার	= ১ হেক্টোলিটার (হে.লি.)
১০ হেক্টোলিটার	= ১ কিলোলিটার (কি.লি.)

কতিপয় উদাহরণঃ

১। একটি বোতলে আমের জুসের পরিমাণ ৩৫০ মি.লি.। ২৪ টি বোতলে জুসের পরিমাণ কত লিটার?

(a) ৬.৪ (b) ৭.৪ (c) ৮.৪ (d) ৯.৪

উত্তরঃ (c) ৮.৪

ব্যাখ্যাঃ ১টি বোতলে জুসের পরিমাণ = ৩৫০ মি.লি

২৪ টি বোতলে জুসের পরিমাণ = (৩৫০ × ২৪) = ৮৪০০ মি.লি. = $\frac{৮৪০০}{১০০০}$ লি. বা ৮.৪ লি.। [∵১০০০ মি.লি. = ১ লি.]

২। কোন ব্যক্তি ৫০০ মি.লি. এর ১০ টি পানীয় বোতল কিনলো, ১০টি বোতলে কত লিটার পানীয় ছিলো?

(a) ২ লিটার (b) ৪ লিটার (c) ৫ লিটার (d) ১০ লিটার

উত্তরঃ (c) ৫ লিটার

ব্যাখ্যাঃ ১০ টি বোতলের পানীয় পরিমাণ = (৫০০ × ১০) = $\frac{১০\times৫০০}{১০০০}$ = ৫ লিটার [∵১ লিটার = ১০০০ মি.লি]

Type – 5 : ক্ষেত্রফল পরিমাপের এককসমূহ

ক্ষেত্রফল পরিমাপের S.I. একক: বর্গমিটার

ক্ষেত্রফল পরিমাপের মেট্রিক এককসমূহ	
১০০ বর্গসেন্টিমিটার (ব.সে.মি.)	= ১ বর্গডেসিমিটার (ব.ডেসি মি.)
১০০ বর্গডেসিমিটার	= ১ বর্গমিটার (ব.মি.)
১০০ বর্গমিটার	= ১ এয়র (বর্গডেকামিটার)
১০০ এয়র (বর্গডেকামিটার)	= ১ হেক্টর বা ১ বর্গহেক্টোমিটার
১০০ বর্গহেক্টোমিটার	= ১ বর্গকিলোমিটার

ক্ষেত্রফল পরিমাপের ব্রিটিশ এককসমূহ	ক্ষেত্রফল পরিমাপের দেশীয় এককসমূহ
১৪৪ বর্গইঞ্চি	১ বর্গহাত
৯ বর্গফুট	২০ গণ্ডা
৪৮৪০ বর্গগজ	১৬ ছটাক
১০০ শতক (ডেসিমল) = ১ একর	২০ কাঠা

ক্ষেত্রফল পরিমাপে মেট্রিক ও ব্রিটিশ পদ্ধতির সম্পর্ক	
১ বর্গসেন্টিমিটার	= ০.১৬ বর্গইঞ্চি (প্রায়)
১ বর্গমিটার	= ১০.৭৬ বর্গফুট (প্রায়)
১ হেক্টর	= ২.৪৭ একর (প্রায়)
১ বর্গইঞ্চি	= ৬.৪৫ বর্গসেন্টিমিটার (প্রায়)
১ বর্গফুট	= ৯২৯ বর্গসেন্টিমিটার (প্রায়)
১ বর্গগজ	= ০.৮৪ বর্গমিটার (প্রায়)
১ বর্গমাইল	= ৬৪০ একর

কতিপয় উদাহরণঃ

০১। ১ বর্গমিটার কত বর্গ সেন্টিমিটারের সমান?

(a) ১০০ (b) ১০,০০০ (c) ১,০০০ (d) ১০

উত্তরঃ (b) ১০,০০০

ব্যাখ্যাঃ ১ মিটার = ১০০ সে.মি.

∴ ১ বর্গমি. = (১০০ × ১০০) = ১০০০০ বর্গ সে.মি.।

০২। কোন ব্যক্তির ২৫০ শতক জমি ছিল, তার জমির পরিমাপ কত একর?

(a) ১.৫ একর (b) ২.৫ একর (c) ৩.৫ একর (d) ৪.৫ একর


উত্তরঃ (b) ২.৫ একর

ব্যাখ্যাঃ আমরা জানি, ১০০ শতক সমান ১ একর ∴ ১ শতক সমান $\frac{১}{১০০}$ একর ∴ ২৫০ শতক সমান $\frac{১\times২৫০}{১০০}$ = ২.৫ একর

ক্ষেত্রফল

Type – 1 : ত্রিভুজের ক্ষেত্রফল


- ভূমি, a; উচ্চতা, h বিশিষ্ট একটি নির্দিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}ah$




সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল : একটি ত্রিভুজ যদি সমকোণী হয়, তবে এর ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল

অথবা

ক্ষেত্রফল $= \frac{1}{2}ah = \frac{১}{২}$ × ভূমি × উচ্চতা



সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল : সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$ [এখানে, a = সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য]




সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল : সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$ [এখানে, সমান সমান বাহু = a, অন্য বাহুর দৈর্ঘ্য = b]

যে কোন ত্রিভুজের তিনটি বাহু যথাক্রমে a, b, c দেওয়া থাকলে ক্ষেত্রফল নির্ণয় করার সূত্র :

ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

যেখানে, s = অর্ধপরিসীমা $= \frac{a+b+c}{2}$



বিগত উদাহরণঃ

একটি ত্রিভুজের ক্ষেত্রফল ৮৪ বর্গগজ। ত্রিভুজটির শীর্ষবিন্দু থেকে ভূমির ওপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য ১২ গজ। এর ভূমির দৈর্ঘ্য কত?

(a) ১০ গজ (b) ১২ গজ (c) ১৪ গজ (d) ৭ গজ

উত্তরঃ (c) ১৪ গজ

ব্যাখ্যাঃ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}ah = \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

বা, ৮৪ $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ ১২

∴ ভূমি $= \frac{৮৪\times২}{১২} =$ ১৪ গজ

একটি ত্রিভুজের ৩টি বাহুর দৈর্ঘ্য ৪, ৫ ও ৩ হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

(a) ২০ (b) ১২ (c) ৮ (d) ৬

উত্তরঃ (d) ৬

ব্যাখ্যাঃ পরিসীমা, $2S = (৪+৫+৩) = ১২ \therefore S = ৬$

নির্ণেয় ক্ষেত্রফল $= \sqrt{S(S-a)(S-b)(S-c)} = \sqrt{৬(৬-৪)(৬-৫)(৬-৩)} = \sqrt{৬\times২\times১\times৩} = ৬$ বর্গএকক।

একটি ত্রিভুজাকৃতি জমির ভূমি ৭৫ মিটার এবং উচ্চতা ২০ মিটার। প্রতি বর্গমিটারে ২.০০ টাকা হিসেবে ঘাস লাগাতে কত খরচ হবে?

(a) ১২৫০ টাকা (b) ১৫০০ টাকা (c) ১৪০০ টাকা (d) ১৬০০ টাকা

উত্তরঃ (b) ১৫০০ টাকা

ব্যাখ্যাঃ জমিটির ক্ষেত্রফল $= \left(\frac{১}{২}\times৭৫\times২০\right) = ৭৫০$ বর্গ মিটার

∴ ঘাস লাগাতে খরচ হবে $(৭৫০\times২) = ১৫০০$ টাকা।

যদি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a হয়, তবে ক্ষেত্রফল কত হবে?

(a) $\frac{\sqrt{৩}}{৪}a^২$ (b) $\frac{\sqrt{৩}}{২}a^২$ (c) $\frac{৩}{২}a^২$ (d) $\frac{১}{২}a^২$

উত্তরঃ (a) $\frac{\sqrt{৩}}{৪}a^২$

ব্যাখ্যাঃ আমরা জানি,

সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{৩}}{৪}a^২$ (যখন প্রতিটি বাহুর দৈর্ঘ্য = a)

একটি ত্রিভুজাকার কাপড়ের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে ১৫, ১০ এবং ২০ মিটার। প্রতি বর্গমিটার ১০ টাকা হিসাবে কাপড়টিকে রঙ করতে কত টাকা লাগবে?

(a) ৭২৬ (b) ৮৮৭ (c) ৬৯৪ (d) ৫৭০

উত্তরঃ (a) ৭২৬

ব্যাখ্যাঃ অর্ধ পরিসীমা $s = \frac{১৫+১০+২০}{২} = \frac{৪৫}{২} = ২২.৫$

ক্ষেত্রফল $= \sqrt{২২.৫(২২.৫-১৫)(২২.৫-১০)(২২.৫-২০)} = ৭২.৬২$ বর্গ মি.

রং করতে খরচ হবে $(১০\times৭২.৬২) = ৭২৬.২$ টাকা

একটি সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল ১০৫ বর্গ মি.। ভূমি ২১ মি. হলে উচ্চতা কত?

(a) ১২ মি. (b) ১০ মি. (c) ২২ মি. (d) ৩০ মি.


উত্তরঃ (b) ১০ মি.

ব্যাখ্যাঃ $\frac{১}{২}\times২১\times$ উচ্চতা $= ১০৫$


∴ উচ্চতা $= \frac{১০৫\times২}{২১} = ১০$ মিটার




সামান্তরিকের ক্ষেত্রফল :
- সামান্তরিকের ক্ষেত্রফল = (ভূমি × উচ্চতা) বর্গ একক
- সামান্তরিকের পরিসীমা = ২ (দৈর্ঘ্য + প্রস্থ) বর্গ একক



রম্বসের ক্ষেত্রফল :
- রম্বসের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ ×(কর্ণদ্বয়ের দৈর্ঘ্যের গুণফল) বর্গ একক
- রম্বসের পরিসীমা = (৪ ×একটি বাহুর দৈর্ঘ্য) একক




আয়তক্ষেত্রের ক্ষেত্রফল :
- আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল : (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক
- আয়তক্ষেত্রটির পরিসীমা : ২(দৈর্ঘ্য + প্রস্থ) একক
- আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য : $\sqrt{(\text{দৈর্ঘ্য})^2 + (\text{প্রস্থ})^২}$ একক



বর্গক্ষেত্রের ক্ষেত্রফল : বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য a একক হলে
- বর্গক্ষেত্রের ক্ষেত্রফল : (বাহু × বাহু) বর্গ একক অর্থাৎ a^2 বর্গ একক
- বর্গক্ষেত্রের পরিসীমা : (৪ × একক বাহুর দৈর্ঘ্য) একক অর্থাৎ 4a
- বর্গক্ষেত্রের কর্ণ : $\sqrt{2}a$

ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল :
ABCD ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল = AECD সামান্তরিকের ক্ষেত্রফল + CEB ত্রিভুজক্ষেত্রের ক্ষেত্রফল
$= b \times h + \frac{1}{2}(a - b) \times h = \frac{1}{2}(a + b) \times h$



∴ ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × সমান্তরাল বাহুদ্বয়ের সমষ্টি × সমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব

কতিপয় উদাহরণঃ

০১। একটি সামান্তরিকের ক্ষেত্রফল ৩.৯ বর্গ সে.মি. এবং ভূমি ২.৬ সে.মি.। এর উচ্চতা কত?
(a) ১.৫ সে.মি. (b) ১.৩ সে.মি. (c) ২ সে.মি. (d) ১.৬ সে.মি.

উত্তরঃ (a) ১.৫ সে.মি.
ব্যাখ্যাঃ সামান্তরিকের উচ্চতা = $\frac{\text{ক্ষেত্রফল}}{\text{ভূমি}} = \frac{৩.৯}{২.৬}$ = ১.৫ সে.মি.

০২। একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ২৪৭ বর্গফুট। দৈর্ঘ্য ১৯ ফুট হলে প্রস্থ কত?
(a) ১২ ফুট (b) ১৩ ফুট (c) ১৪ ফুট (d) ১১ ফুট

উত্তরঃ (b) ১৩ ফুট
ব্যাখ্যাঃ আয়তক্ষেত্রটির প্রস্থ = $\frac{২৪৭}{১৯}$ ফুট = ১৩ ফুট

০৩। একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ১২৫০ বর্গমিটার হলে এর দৈর্ঘ্য কত মিটার?
(a) ৩০ (b) ৪০ (c) ৫০ (d) ৬০

উত্তরঃ (c) ৫০
ব্যাখ্যাঃ আয়তাকার ক্ষেত্রের প্রস্থ a মি. হলে দৈর্ঘ্য হবে ২a মি. আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল = (২a × a) বা, ২$a^২$ বর্গমি.
শর্তমতে, ২$a^২$ = ১২৫০ বা, $a^২$ = ৬২৫ ∴ a = ২৫
আয়তাকার ক্ষেত্রের-
দৈর্ঘ্য = (২ × ২৫) মিটার. = ৫০ মিটার।

একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে পরিসীমা কত?

(a) ১২৮ মিটার (b) ৪৮ মিটার (c) ৯৬ মিটার (d) ২৫৬ মিটার

উত্তরঃ (c) ৯৬ মিটার

ব্যাখ্যাঃ আয়তাকার ঘরের বিস্তার x মিটার হলে দৈর্ঘ্য ২x মিটার।

ক্ষেত্রফল (২x × x) বর্গমিটার বা ২$x^২$ বর্গমিটার

পরিসীমা ২(২x + x) মিটার বা ৬x মিটার

শর্তমতে, ২$x^২$ = ৫১২ ∴ x = ১৬

∴ নির্ণেয় পরিসীমা = (৬ × ১৬) মিটার = ৯৬ মিটার।

। একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বৃদ্ধি এবং প্রস্থ ১০% হ্রাস করা হলে ক্ষেত্রফলের শতকরা কত পরিবর্তন হবে?

(a) ৮% হ্রাস (b) ৮% বৃদ্ধি (c) ১০৮% বৃদ্ধি (d) ১০৮% হ্রাস

উত্তরঃ (b) ৮% বৃদ্ধি

ব্যাখ্যাঃ ক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ১০০ক ও ১০০খ হলে ক্ষেত্রফল = ১০০ক × ১০০খ = ১০০০০কখ

২০% দৈর্ঘ্য বৃদ্ধিতে পরিবর্তিত দৈর্ঘ্য ১২০ক

১০% প্রস্থ হ্রাসে পরিবর্তিত প্রস্থ ৯০খ

পরিবর্তিত ক্ষেত্রফল = ১২০ক × ৯০খ = ১০৮০০কখ

ক্ষেত্রফল বৃদ্ধি পেয়েছে = (১০৮০০কখ − ১০০০০কখ) = ৮০০কখ

ক্ষেত্রফল-

১০০০০ কখ সাপেক্ষে বৃদ্ধি পেয়েছে ৮০০কখ

১ কখ সাপেক্ষে বৃদ্ধি পেয়েছে $\frac{৮০০কখ}{১০০০০কখ}$

১০০কখ সাপেক্ষে বৃদ্ধি পেয়েছে $\frac{৮০০কখ \times ১০০}{১০০০০কখ} = ৮$

৮% ক্ষেত্রফল বৃদ্ধি পেয়েছে।

৬। একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরলরেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গের কতগুণ?

(a) চারগুণ (b) তিনগুন (c) দ্বিগুণ (d) পাঁচগুণ

উত্তরঃ (a) চারগুণ

ব্যাখ্যাঃ a রেখাটির উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল $a^২$।

রেখাটির অর্ধেকের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল = $\left(\frac{a}{২}\right)^২ = \frac{a^২}{৪} = \frac{১}{৪} \times a^২ = \frac{১}{৪} \times$ a- রেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল

a - রেখার উপর অঙ্কিত বর্গ = ৪ × $\frac{a}{২}$ রেখার উপর অঙ্কিত বর্গ

যে কোন রেখার উপর অঙ্কিত বর্গ = ৪ × রেখাটির অর্ধেকের উপর অঙ্কিত বর্গ

৭। একটি ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল ২০ সে.মি.^{২}। সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য ৩ সে.মি. ও ৭ সে.মি.। সমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত?

(a) ২ সে.মি. (b) ৩ সে.মি. (c) ৪ সে.মি. (d) ৫ সে.মি

উত্তরঃ (c) ৪ সে.মি.

ব্যাখ্যাঃ ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের লম্ব দূরত্ব = $\frac{২ \times ক্ষেত্রফল}{সমান্তরাল\ বাহুদ্বয়ের\ দৈর্ঘ্যের\ যোগফল}$

= $\frac{২\times ২০}{৭+৩}$ সে.মি = $\frac{২\times ২০}{১০}$ সে.মি = ৪ সে.মি।

Type – 3 : বৃত্তের ক্ষেত্রফল

কোনো নির্দিষ্ট ক্ষেত্র দ্বারা আবদ্ধ অঞ্চল হলো ঐ ক্ষেত্রের ক্ষেত্রফল।

বৃত্তের ক্ষেত্রফল = $\pi r^২$

এখানে, r = বৃত্তের ব্যাসার্ধ

কতিপয় উদাহরণঃ

০১। একটি বৃত্তের ব্যাস দ্বিগুণ করলে বৃত্তটির ক্ষেত্রফল হবে-

(a) দ্বিগুণ (b) তিনগুণ (c) চার গুণ (d) একই থাকবে

উত্তরঃ (c) চার গুণ

ব্যাখ্যাঃ বৃত্তের ব্যাস ২r হলে ব্যাসার্ধ = r এবং ক্ষেত্রফল = $\pi r^২$

বৃত্তের ব্যাস দ্বিগুণ বৃদ্ধি করলে ব্যাস হবে ৪r এবং ব্যাসার্ধ = ২r ;

∴ পরিবর্তিত বৃত্তের ক্ষেত্রফল = $\pi(২r)^২ = ৪\pi r^২$ = ৪ × মূল বৃত্তের ক্ষেত্রফল।

০২। একটি বৃত্তের ব্যাসার্ধ অপর একটি বৃত্তের ব্যাসার্ধের দ্বিগুণ হলে প্রথমটির ক্ষেত্রফল দ্বিতীয়টির ক্ষেত্রফলের কত গুণ হবে?

(a) ২ (b) ৪ (c) ৮ (d) ১৬

উত্তরঃ (b) ৪

ব্যাখ্যাঃ দ্বিতীয় বৃত্তের ব্যাসার্ধ r হলে প্রথম বৃত্তের ব্যাসার্ধ ২r হবে।

দ্বিতীয় বৃত্তের ক্ষেত্রফল = $\pi r^২$

∴ প্রথম বৃত্তের ক্ষেত্রফল = $\pi(২r)^২ = ৪\pi r^২$ = ৪ × দ্বিতীয় বৃত্তের ক্ষেত্রফল।

০৩। দুইটি বৃত্তের ব্যাসের অনুপাত ১ : ৩। এদের ক্ষেত্রফলের অনুপাত কত?

(a) ১ : ২৭ (b) ১ : ৯ (c) ১ : ১২ (d) ১ : ১৮

উত্তরঃ (b) ১ : ৯

ব্যাখ্যাঃ ১ম বৃত্তের ব্যাস ২r হলে ব্যাসার্ধ = r

২য় বৃত্তের ব্যাস ৩ × ২r = ৬r ∴ ব্যাসার্ধ = ৩r

১ম বৃত্তের ক্ষেত্রফল = $\pi(r)^২ = \pi r^২$

২য় বৃত্তের ক্ষেত্রফল = $\pi(৩r)^২ = ৯\pi r^২$

$\frac{\text{১ম বৃত্তের ক্ষেত্রফল}}{\text{২য় বৃত্তের ক্ষেত্রফল}} = \frac{\pi r^২}{৯\pi r^২} = \frac{১}{৯}$ ∴ ১ম বৃত্তের ক্ষেত্রফল : ২য় বৃত্তের ক্ষেত্রফল = ১ : ৯

০৪। একটি বৃত্তের ক্ষেত্রফল ১৬ বর্গমিটার, পরিধি ৮ মিটার। এর ব্যাসার্ধ কত মিটার?

(a) ৪ (b) ৩ (c) ২ (d) ৫

উত্তরঃ (a) ৪

ব্যাখ্যাঃ বৃত্তটির ব্যাসার্ধ r মিটার হলে ক্ষেত্রফল $\pi r^২$ এবং পরিধি ২πr মিটার

এখন, $\frac{\text{বৃত্তটির ক্ষেত্রফল}}{\text{বৃত্তটির পরিধি}} = \frac{১৬}{৮}$ বা, $\frac{\pi r^২}{২\pi r} = ২$ বা, $\frac{r}{২} = ২$ ∴ r = ৪

০৫। একটি বৃত্তের বৃহত্তম জ্যা এর দৈর্ঘ্য ৪০ সে. মি.। এর ক্ষেত্রফল ও পরিধির অনুপাত কত?

(a) ৫ : ১ (b) ১০ : ১ (c) ১০০ : ৯ (d) ৩ : ৭

উত্তরঃ (b) ১০ : ১

ব্যাখ্যাঃ ব্যাসার্ধ $r = \frac{৪০}{২} = ২০$ সে. মি.

$\frac{\text{ক্ষেত্রফল}}{\text{পরিধি}} = \frac{\pi r^২}{২\pi r} = \frac{r}{২} = \frac{২০}{২} = ১০$ ∴ ক্ষেত্রফল : পরিধি = ১০ : ১

০৬। ৭০ মিটার ব্যাসার্ধের একটি বৃত্তাকার মাঠের সমান ক্ষেত্রফলবিশিষ্ট একটি বর্গাকার মাঠের পরিসীমা কত?

(a) ৫৯৭ মি. (b) ৩৭২ মি. (c) ৪৯৬ মি. (d) ৪৯৬ ব. মি

উত্তরঃ (c) ৪৯৬ মি.

ব্যাখ্যাঃ বৃত্তাকার মাঠের ক্ষেত্রফল = $\pi \times ৭০^২$ = ১৫৩৯৩.৮৪ ব. মি. (প্রায়)

∴ বর্গাকার মাঠের এক ধারের দৈর্ঘ্য = $\sqrt{১৫৩৯৩.৮৪}$ = ১২৪ মি. (প্রায়) ∴ পরিসীমা = ৪ × ১২৪ = ৪৯৬ মিটার (প্রায়)


আয়তন

আয়তাকার ঘনবস্তু :

আয়তাকার ঘনবস্তুটির কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{a^2+b^2+c^2}$


আয়তকার ঘনবস্তুর সমগ্র তলের ক্ষেত্রফল = $2(ab+bc+ca)$

আয়তাকার ঘনবস্তুর আয়তন=দৈর্ঘ্য× প্রস্থ × উচ্চতা = abc




ঘনক :

- ঘনকটির কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{3}a$
- ঘনকের সমগ্র তলের ক্ষেত্রফল= $6a^2$
- ঘনকটির আয়তন = a^3



বেলন :

- ভূমির ক্ষেত্রফল = πr^2
- বক্রপৃষ্ঠের ক্ষেত্রফল=ভূমির পরিধি × উচ্চতা = $2\pi rh$
- সম্পূর্ণ তলের ক্ষেত্রফল বা সমগ্র তলের ক্ষেত্রফল বা, পৃষ্ঠতলের ক্ষেত্রফল $(\pi r^2+2\pi rh+\pi r^2)=2\pi r(r+h)$
- আয়তন = ভূমির ক্ষেত্রফল × উচ্চতা = $\pi r^2 h$



কতিপয় উদাহরণঃ

০১। ১৫ মি. দৈর্ঘ্য ৭ মি. প্রস্থ ও ৫ মি. গভীর একটি পুকুর খনন করতে কি পরিমাণ মাটি কাটতে হবে?

(a) ৫১৫ ঘনমি. (b) ৫২৫ ঘনমি. (c) ৫৩৫ ঘনমি. (d) ৫৪৫ ঘনমি.

উত্তরঃ (b) ৫২৫ ঘনমি.

ব্যাখ্যাঃ পুকুর খনন করতে মাটি কাটতে হবে = $(১৫\times ৭\times ৫)$ = ৫২৫ ঘনমিটার।

০২। যদি কিছু লোক প্রত্যহ ১২ ঘন্টা পরিশ্রম করে ৫ দিনে ৭০ মি. দীর্ঘ, ৩ মি. প্রস্থ এবং ২ মি. গভীর একটি নালা কাটতে পারেন, তবে প্রত্যহ ১০ ঘন্টা পরিশ্রম করে তারা কতদিনে ১৪০ মি. দীর্ঘ, ৪ মি. প্রস্থ এবং ২.৫ মি. গভীর নালা কাটতে পারবেন?

(a) ১৮ দিনে (b) ২০ দিনে (c) ২২ দিনে (d) ২৪ দিনে

উত্তরঃ (b) ২০ দিনে

ব্যাখ্যাঃ ৭০ মিটার দীর্ঘ, ৩ মিটার প্রস্থ এবং ২ মিটার গভীর নালার আয়তন = $(৭০\times ৩\times ২)$ ঘন মিটার = ৪২০ ঘন মিটার

১৪০ মিটার দীর্ঘ, ৪ মিটার প্রস্থ এবং ২.৫ মিটার গভীর নালার আয়তন= $(১৪০\times ৪\times ২.৫)$ ঘন মিটার = ১৪০০ ঘন মিটার

প্রত্যহ-

১২ ঘন্টা করে ৪২০ ঘনমিটার নালা কাটে ৫ দিনে

১ ঘন্টা করে ১ ঘনমিটার নালা কাটে $\frac{৫\times১২}{৪২০}$ দিনে

$\therefore$১০ ঘন্টা করে ১৪০০ ঘনমিটার নালা কাটে $\frac{৫\times১২\times১৪০০}{৪২০\times১০}$ = ২০ দিন

০৩। ৩সে.মি., ৪ সে.মি. ও ৫ সে.মি. বাহু বিশিষ্ট তিনটি ঘনক গলিয়ে নতুন একটি ঘনক তৈরি করা হল। নতুন ঘনকের বাহুর দৈর্ঘ্য কত হবে?

(a) ৬ সে.মি. (b) ৭ সে.মি. (c) ৭.৫ সে.মি. (d) ৬.৫ সে.মি.

উত্তরঃ (a) ৬ সে.মি.

ব্যাখ্যাঃ সুতরাং ঘনকের আয়তন = (এক বাহুর দৈর্ঘ্য)^৩

ঘনক তিনটির আয়তন = $৩^৩$ ঘন সে.মি., $৪^৩$ ঘন সে.মি., $৫^৩$ ঘন সে.মি. = ২৭ ঘন সে.মি., ৬৪ ঘন সে.মি., ১২৫ ঘন সে.মি.

নতুন ঘনকের আয়তন = $(২৭+৬৪+১২৫)$ ঘন সে.মি. = ২১৬ ঘন সে.মি.

নতুন ঘনকের একবাহুর দৈর্ঘ্য = $\sqrt[৩]{২১৬}$ সে.মি. = ৬ সে.মি.

০৪। দুটি গোলকের আয়তনের অনুপাত ৮ : ২৭। তাদের ক্ষেত্রফলের অনুপাত কত?

(a) ৪ : ৯ (b) ৪ : ১৫ (c) ২ : ৩ (d) ৫ : ৬

উত্তরঃ (a) ৪ : ৯

ব্যাখ্যাঃ গোলকের ব্যাসার্ধ x ও y হলে- আয়তনের অনুপাত = $\frac{৪}{৩}\pi x^৩ : \frac{৪}{৩}\pi y^৩ = x^৩ : y^৩$

শর্তমতে, $\frac{x^৩}{y^৩}=\frac{৮}{২৭}$ বা, $\frac{x^৩}{y^৩}=\frac{২^৩}{৩^৩}\therefore\frac{x^২}{y^২}=\frac{২^২}{৩^২}$

গোলকদ্বয়ের ক্ষেত্রফলের অনুপাত = $৪\pi x^২ : ৪\pi y^২ = x^২ : y^২ = ২^২ : ৩^২$ = ৪ : ৯।

বিগত বছরের প্রশ্নসমূহঃ

০১। একটি সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল 64 বর্গ সে.মি। সমকোণ সন্নিহিত বাহুদ্বয়ের একটির দৈর্ঘ্য 8 সে.মি হলে, অপরটির দৈর্ঘ্য কত? [JU-B: 18-19]

(a) 4 সে.মি (b) 8 সে. মি (c) 16 সে. মি (d) 32 সে. মি


উত্তরঃ (c) 16 সে. মি

ব্যাখ্যাঃ মনে করি

একটি বাহু = a

তাহলে, $\frac{1}{2}a \times 8 = 64$

$\Rightarrow a = \frac{64\times2}{8} = 16$ সে.মি



০২। একটি ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য 25 সে.মি ও 27 সে.মি এবং পরিসীমা 84 সে.মি। ত্রিভুজটির তৃতীয় বাহুর দৈর্ঘ্য কত? [JU-B: 18-19]

(a) 21 সে.মি (b) 26 সে.মি (c) 32 সে.মি (d) 36 সে.মি

উত্তরঃ (c) 32 সে.মি

ব্যাখ্যাঃ তৃতীয় বাহুর দৈর্ঘ্য = $84 - (25 + 27) = 32$ সেমি

০৩। একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a একক হলে, নিচের কোনটি সঠিক? [JU-B: 18-19]

(a) উচ্চতা $= \frac{\sqrt{3}}{a}$ একক (b) ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$ বর্গএকক

(c) পরিসীমা $= 4a$ একক (d) কোনোটিই নয়

উত্তরঃ (b) ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$ বর্গএকক

ব্যাখ্যাঃ a বাহু বিশিষ্ট সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল

$= \frac{\sqrt{3}}{4}a^2$ বর্গ একক।

উচ্চতা $= \frac{\sqrt{5}}{2}a$

পরিসীমা $= 3a$

০৪। একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা 117 সে.মি হলে বাহুর দৈর্ঘ্য কত? [JU-B: 18-19]

(a) 39 সে.মি (b) 29 সে.মি (c) 32 সে.মি (d) 34 সে.মি

উত্তরঃ (a) 39 সে.মি

ব্যাখ্যাঃ একবাহু দৈর্ঘ্য $= a$ হলে পরিসীমা $= 3a$

০৫। একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা 117 সে.মি. হলে, বাহুর দৈর্ঘ্য কত? [JU-B: 18-19]

(a) 39 সে.মি (b) 29 সে.মি (c) 32 সে.মি (d) 34 সে.মি

উত্তরঃ (a) 39 সে.মি

ব্যাখ্যাঃ প্রত্যেক বাহুর দৈর্ঘ্য = x সেমি হয়।

তাহলে $3x = 117 \Rightarrow x = \frac{117}{3} = 39$ সেমি।

০৬। 50 মিটার দৈর্ঘ্য এবং 40 মিটার প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার বাগানের ভিতরের চারিদিকে সমান চওড়া একটি রাস্তা আছে। রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল 1200 বর্গমিটার হলে, রাস্তাটি কত মিটার চওড়া? [JU-B: 17-18]

(a) 4 (b) 5 (c) 8 (d) 10

উত্তরঃ (d) 10

ব্যাখ্যাঃ ধরি, রাস্তার চওড়া পরিমাণ $= x$ মিটার। ∴ রাস্তা বাদে বাগানের দৈর্ঘ্য $= (50 - 2x)$ মিটার

এবং রাস্তা বাদে বাগানের প্রস্থ $= (40 - 2x)$ মিটার

∴ প্রশ্নমতে, $(50 - 2x).(40 - 2x) = 1200 \Rightarrow 2000 - 80x - 100x + 4x^2 = 1200 \Rightarrow 800 - 180x + 4x^2 = 0$

$\Rightarrow x^2 - 45x + 200 = 0 \Rightarrow (x - 40)(x - 5) = 0 \therefore x = 5$ এবং $x = 40$ যা গ্রহণযোগ্য নয়।


∴ নির্ণেয় রাস্তার চওড়া 5 মিটার।

ABCD বর্গের কর্ণ AC এবং প্রত্যেক বাহুর দৈর্ঘ্য $\sqrt{3}$ মিটার হলে AC এর দৈর্ঘ্য কত মিটার? [JU-B: 16-17]

(a) 3 (b) $\sqrt{3}$ (c) $2\sqrt{3}$ (d) 9

উত্তরঃ Blank.

ব্যাখ্যাঃ $AC = \sqrt{AB^2 + BC^2} = \sqrt{(\sqrt{3})^2 + (\sqrt{3})^2} = \sqrt{3+3} = \sqrt{6}$



একটি ত্রিভুজের পরিসীমা 90 মিটার। বাহুগুলির দৈর্ঘ্যের অনুপাত 5 : 6 : 7 হলে, ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য কত? [JU-B: 16-17]

(a) 25 মিটার (b) 20 মিটার (c) 18 মিটার (d) 15 মিটার

উত্তরঃ (a) 25 মিটার

ব্যাখ্যাঃ অনুপাতগুলোর যোগফল = 5 + 6 + 7 = 18

∴ ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য = 90 এর $\frac{5}{18}$ =25 মিটার

৯। কোনো সমবাহু ত্রিভুজের পরিসীমা 9 মিটার হলে তার ক্ষেত্রফল কত বর্গ মিটার? [JU-B: 16-17]

(a) $\sqrt{3}$ (b) $\frac{9\sqrt{3}}{4}$ (c) $9\sqrt{3}$ (d) $\frac{3\sqrt{3}}{4}$

উত্তরঃ (b) $\frac{9\sqrt{3}}{4}$

ব্যাখ্যাঃ মনে করি, সমবাহু ত্রিভুজের

প্রত্যেক বাহুর পরিমাণ = a একক

প্রশ্নমতে, 3a= 9 ∴ a = 3 ∴ ক্ষেত্রফল = $\frac{\sqrt{3}}{4}a^2 = \frac{\sqrt{3}}{4}(3)^2 = \frac{9\sqrt{3}}{4}$ বর্গ একক

১০। কোনো বর্গের পরিসীমা 20 মিটার হলে, বর্গটির ক্ষেত্রফল- [JU-B: 16-17]

(a) 16 মিটার (b) 16 বর্গমিটার (c) 25 মিটার (d) 25 বর্গমিটার

উত্তরঃ (d) 25 বর্গমিটার

ব্যাখ্যাঃ ধরি, বর্গের বাহু = a

প্রশ্নমতে, 4a = 20 ∴ a =5 ∴ বর্গের ক্ষেত্রফল = 5^2 = 25 বর্গমিটার

১১। একটি গাড়ির চাকার পরিধি ৬.২৫ মিটার হলে ২৫ মাইল পথ চলতে চাকাটিকে কতবার ঘুরতে হবে? [IU-C: 16-17]

(a) ২৪০০ বার (b) ৪৮০০ বার (c) ৯৬০০ বার (d) ৬৪৪০ বার

উত্তরঃ (d) ৬৪৪০ বার

১২। একটি বেলনের বক্রতলের ক্ষেত্রফল 100 বর্গ সে.মি এবং এর আয়তন 150 ঘন. সে.মি. হলে বেলনের ব্যাসার্ধ কত?

(a) 2 সে.মি. (b) 3 সে.মি. (c) 4 সে.মি. (d) 5 সে.মি. [JU-B: 15-16]

উত্তরঃ (b) 3 সে.মি.

১৩। একটি বাড়ি 20 ফুট উঁচু। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়ির দেয়াল থেকে 15 ফুট দূরে রাখা। উপরে মইটি বাড়ির ছাদ ছুঁয়ে আছে। মইটি কত ফুট লম্বা? [JU-B: 15-16]

(a) 30 (b) 41 (c) 25 (d) 35

উত্তরঃ (c) 25

১৪। একটি সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা ৪ সে.মি এবং ভূমির ব্যাসার্ধ ৬ সে.মি হলে এর সম্পূর্ন তলের ক্ষেত্রফল কত বর্গ সে.মি? [JU-B: 15-16]

(a) 188.49 (b) 301.59 (c) 904.78 (d) (d) কোনটিই নয়

উত্তরঃ (d) কোনটিই নয়

১৫। একটি বাড়ি ৪ ফুট উঁচু। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়ির দেয়াল থেকে ৬ ফুট দূরে রাখা। উপরে মইটি বাড়ির ছাদ ছুঁয়ে আছে। মইটি কত ফুট লম্বা। [JU-B: 15-16]

(a) 14 (b) 15 (c) 10 (d) 20

উত্তরঃ (c) 10

১৬। ১ সেন্টিমিটার = ০.৩৯৩৭ ইঞ্চি হলে ১ কিলোমিটার=? [IU-C: 15-16]

(a) ৩৯৩৭০ ইঞ্চি (b) .০০০৩৯৩৭ ইঞ্চি (c) ৩৯৩৭০০ ইঞ্চি (d) ৩৯৩৭০০০ ইঞ্চি

উত্তরঃ (a) ৩৯৩৭০ ইঞ্চি

১৭। একটি বৃত্তের ব্যাস ১৪ সে.মি হলে এর পরিধি হবে- [IU-C: 15-16]

(a) ৩৩ সে.মি (b) ৪৪ সে.মি (c) ৫৪ সে. মি (d) ৪০ সে. মি

উত্তরঃ (b) ৪৪ সে.মি

১৮। ১০ হেক্টর = কত একর? [IU-C: 14-15]

(a) ২৮.২৪ একর (b) ৪৮.৪১ একর (c) ২০.৪৭ একর (d) ২৪.৭০ একর

উত্তরঃ (d) ২৪.৭০ একর

১৯। একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 18 সেমি. এবং প্রস্থ 10 সেমি.। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য বৃদ্ধি করে 25 সেমি. করা হলো। আয়তক্ষেত্রটির প্রস্থ কত হলে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকবে? [BCS: 39th]

(a) 7.2 সেমি. (b) 7.3 সেমি. (c) 7 সেমি. (d) 7.1 সেমি.

উত্তরঃ (a) 7.2 সেমি.।

ব্যাখ্যাঃ

অপরিবর্তীত অবস্থায় ক্ষেত্রফল $18 \times 10 = 180$ বর্গ সেমি.

ধরি, পরিবর্তীত অবস্থায় প্রস্থ x সেমি.।

$\therefore 25 \times x = 180 \Rightarrow x = \frac{180}{25} \therefore x = 7.2$ সেমি.।

২০। একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য a একক হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক? [BCS: 38th]

(a) $\frac{\sqrt{3}}{2}a^2$ (b) $\frac{2}{3}a^2$ (c) $\frac{2}{\sqrt{3}}a^2$ (d) $\frac{\sqrt{3}}{4}a^2$

উত্তরঃ (d) $\frac{\sqrt{3}}{4}a^2$


ব্যাখ্যাঃ সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য a একক হলে সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{\sqrt{3}}{4}a^2$ বর্গ একক।

২১। একটি আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য 15 মি. এবং প্রস্থ 10 মি. হলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গমিটার? [BCS: 37th]

(a)$35\sqrt{5}$ (b) $40\sqrt{5}$ (c) $45\sqrt{5}$ (d) $50\sqrt{5}$

উত্তরঃ (d) $50\sqrt{5}$.

ব্যাখ্যাঃ



দৈর্ঘ্য, $BC = \sqrt{15^2 - 10^2} = \sqrt{225 - 100} = \sqrt{125} \therefore BC = 5\sqrt{5}$

$\therefore$ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= AB \times BC$ বর্গমিটার $= 10 \times 5\sqrt{5}$ বর্গমিটার $= 50 \times \sqrt{5}$ বর্গমিটার

২২। একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ একক হলে ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক? [BCS: 36th]

(a) 24 (b) 8 (c) 16 (d) 32

উত্তরঃ (c) 16।

ব্যাখ্যাঃ বর্গক্ষেত্রের দৈর্ঘ্য x হলে কর্ণের দৈর্ঘ্য $x\sqrt{2} = 4\sqrt{2} \therefore$ বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য $x = 4 \therefore$ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $x^2 = 4^2 = 16$

২৩। 2 সে. মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্তের অন্তঃস্থ একটি বর্গক্ষেত্রের চারটি বাহু এবং বৃত্তটি দ্বারা আবদ্ধ অঞ্চলের ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? [BCS: 35th]

(a) $4\pi - 8$ (b) $4\pi + 8$ (c) $2\pi - 4$ (d) $2\pi + 4$

উত্তরঃ (a) $4\pi - 8$।

ব্যাখ্যাঃ বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2 = 4\pi$ বর্গ সে.মি.

বর্গের কর্ণের দৈর্ঘ্য, $\sqrt{2}a = 2 \times 2 = 4 \therefore a = 2\sqrt{2}$

$\therefore$ বর্গের ক্ষেত্রফল = $(2\sqrt{2})^2 = 8$

$\therefore$ বৃত্তটি দ্বারা আবদ্ধ অঞ্চলের ক্ষেত্রফল = $4\pi - 8$

Practice Problem-02

Written

০১। যদি $x + 2y = 4$ এবং $xy = 2$ হয়, তবে, $x =$ কত?

০২। $6x^2 - 7x - 4 = 0$ সমীকরণে মূলদ্বয়ের প্রকৃতি কোনটি?

০৩। দুই অংক বিশিষ্ট একটি সংখ্যা, অংকদ্বয়ের স্থান বিনিময়ের ফলে 54 বৃদ্ধি পায়। অংক দুটির যোগফল 12 হলে সংখ্যাটি কত?

০৪। $1 + \frac{1}{2} + \frac{1}{4} + \frac{1}{8} + \ldots\ldots\ldots$ ধারাটির প্রথম আটটি পদের সমষ্টি কত?

০৫। একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৩: ৪: ৫, বৃহত্তম কোণটির বৃত্তীয় মান কত?

০৬। একটি ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য লম্বের দৈর্ঘ্য অপেক্ষা ১ মিটার কম এবং লম্ব অপেক্ষা অতিভুজের দৈর্ঘ্য ১ মিটার বেশি হলে ত্রিভুজটির অতিভুজের দৈর্ঘ্য কত?

০৭। ১৩ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট কোনো বৃত্তের কেন্দ্র হতে একটি জ্যা-এর লম্ব দূরত্ব ৫ সে.মি. হলে জ্যা-এর দৈর্ঘ্য কত হবে?

০৮। একটি মিনারের পাদদেশ থেকে 15 মিটার দূরে ভূতলের কোন বিন্দুতে মিনারের শীর্ষের উন্নতি কোণ $60°$ হলে, মিনারের উচ্চতা কত?

০৯। একটি ত্রিভুজের ক্ষেত্রফল ৮৪ বর্গগজ। ত্রিভুজটির শীর্ষবিন্দু থেকে ভূমির ওপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য ১২ গজ। এর ভূমির দৈর্ঘ্য কত?

১০। একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে পরিসীমা কত?

MCQ

০১। $x^2 - y^2 + 2y - 1$ এর উৎপাদক কত?
(a) $(x - y - 1)(x + y + 1)$
(b) $(x + y - 1)(x - y + 1)$
(c) $(x + y - 1)(x + y + 1)$
(d) $(x - y - 1)(x - y + 1)$

০২। যদি $a^2 + \frac{1}{a^2} = 51$ হয়, তাহলে $a - \frac{1}{a} =$?
(a) 9 (b) 7 (c) 5 (d) 4

০৩। $x + \frac{1}{x} = 2$ হলে, $\frac{x}{x^2+x-1} =$?
(a) 1 (b) 2 (c) 0 (d) $\frac{1}{2}$

০৪। p এর মান কত হলে $4x^2 - px + 9$ রাশিটির পূর্ণবর্গ হবে?
(a) ± 10 (b) ± 9 (c) ± 12 (d) ± 17

০৫। $x^3 - x^2$ কে $(x - 2)$ দ্বারা ভাগ করলে ভাগশেষ থাকবে-
(a) 2 (b) 4 (c) -6 (d) -8

০৬। $5\sqrt{5}$ এর 5 ভিত্তিক লগ কত?
(a) $\frac{3}{2}$ (b) $\frac{2}{3}$ (c) 3 (d) 2

০৭। $(\sqrt[3]{3} \times \sqrt[3]{4})^6 =$?
(a) 12 (b) 48 (c) 36 (d) 144

০৮। $a - [a - \{a - (a - \overline{a - 1})\}] =$?
(a) 1 (b) a (c) $a - 1$ (d) $a + 1$

০৯। $\left(\frac{6}{9}\right)^4$ রাশিটির ভিত্তি কত?
(a) $\frac{9}{6}$ (b) $\frac{2}{3}$ (c) $\frac{3}{2}$ (d) 4

১০। $x^{-3} - 0.001 = 0$ হলে, x^2 এর মান কত?
(a) 100 (b) $\frac{1}{10}$ (c) 10 (d) 1

১১। $|2x - 3| < 7$ এর সমাধান-
(a) $2 < x < 5$ (b) $-2 < x < 5$
(c) $3 < x < 5$ (d) $1 < x < 5$

১২। কোন শর্তে, $a^x = a^y$ হলে, $x = y$
(a) $a > 0, a \neq 1$ (b) $a \neq 0, a < 1$
(c) $a \neq -1, a > 0$ (d) $a \neq 1, a < 0$

১৩। $(x - y, 3) = (0, x + 2y)$ হলে $(x, y) =$?
(a) $(1, 1)$ (b) $(1, 3)$ (c) $(1, 2)$ (d) $(2, 1)$

১৪। $x^2 + 5x + 6 = 0$ সমীকরণের নিশ্চায়ক কত?
(a) 5 (b) 1
(c) 6 (d) None

১৫। $\log_a x = 1, \log_a y = 2, \log_a z = 3$হলে, $\log_a\left(\frac{x^3y^2}{z}\right) =$?
(a) 1 (b) 2 (c) 4 (d) 5

১৬। $1 + 3 + 5 \ldots\ldots\ldots + (2n - 1) =$?
(a) $n(n - 1)$ (b) $\frac{n(n-1)}{2}$
(c) $n(n + 1)($ d) n^2

১৭। $1 + 2 + 3 + 4 + \ldots\ldots + 99 =$?
(a) 4650 (b) 4750 (c) 4850 (d) 4950

১৮। $2 - 5 - 12 - 19 - \ldots\ldots\ldots$ ধারাটির 12 তম পদ কত?
(a) -57 (b) -75 (c) -77 (d) -79

১৯। $128 + 64 + 32 + \ldots\ldots$ ধারাটির সাধারণ পদ কত?
